




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-143 ■ 1 March, 2025 ■ আগরতলা ১ মার্চ, ২০২৫ ইং ■ ১৬ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## উত্তরাখন্ডের চামোলিতে তুষারধস চাপা পড়েছেন কমপক্ষে ৪৭ শ্রমিক



**চামোলি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.)।।** ভয়াবহ তুষারধসের ঘটনা ঘটল উত্তরাখণ্ডের চামোলি জেলায়। শুক্রবার চামোলি জেলায় একটি বিশাল তুষারধসের কারণে রাস্তা নির্মাণে নিয়োজিত ৪৭ জন শ্রমিক চাপা পড়ে যান। তাঁদের মধ্যে ১৬ জনকে ইতিমধ্যেই উদ্ধার করা হয়েছে। বর্ডার রোড অর্গানাইজেশন ক্যাম্পের নির্মাণ শ্রমিকরা বদ্রীনাথের মানা গ্রামের সীমান্ত এলাকায় কাজে নিয়োজিত ছিল। শুক্রবার পুলিশ সদর দফতরের মুখপাত্র আইজি নীলেশ আনন্দ ভরনে বলেছেন, 'মানার সীমান্ত এলাকায় বর্ডার রোডস অর্গানাইজেশন ক্যাম্পের কাছে একটি বিশাল তুষারধসের ঘটনা ঘটেছে, যাতে রাস্তা নির্মাণে নিয়োজিত ৫৭ জন শ্রমিক আটকে পড়েছেন। এই শ্রমিকদের মধ্যে ১০ জন শ্রমিককে উদ্ধার করা হয়েছে এবং গুরুতর অবস্থায় মানার কাছে সেনা ক্যাম্পে পাঠানো হয়েছে।'

এদিকে বিআরও (বর্ডার রোড অর্গানাইজেশন) নির্বাহী প্রকৌশলী সিআর মীনা জানান, ঘটনাস্থলে ৫৭ জন শ্রমিক উপস্থিত ছিলেন। তিন থেকে চারটি অ্যাম্বুলেন্সও পাঠানো হয়েছে, তবে প্রবল তুষারপাতের কারণে উদ্ধারকারী দল সেখানে পৌঁছতে অসুবিধার সম্মুখীন হচ্ছে। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি বলেছেন, '৫৭ জন বিআরও কর্মী তুষারধসে আটকে পড়েছিলেন, যার মধ্যে ১৬ জন কর্মীকে উদ্ধার করা হয়েছে। সমস্ত প্রস্তুতি নেওয়া হয়েছে। আমরা আইটিবিপি থেকে সাহায্য নিচ্ছি। জেলা প্রশাসন এবং অন্য সকলের সঙ্গে যোগাযোগ রয়েছে, এবং আমরা যত তাড়াতাড়ি সম্ভব সবাইকে উদ্ধার করার চেষ্টা করছি।' উল্লেখ্য, ওই অঞ্চলে ব্যাপক তুষারপাতের কারণে রাস্তাঘাট পিচ্ছিল হয়ে গিয়েছে, চারদিকে পাহাড়ে বরফ জমে হয়েছে।

### লেইক চৌমুহনি বাজার উচ্ছেদ নিয়ে

## উন্নয়নের কাজে রাজনীতি না করাই ভাল ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** সাধারণ মানুষের প্রয়োজনে উন্নয়নমূলক কাজ নিয়ে রাজনীতি না করাই ভালো। রাজ্যের সার্বিক উন্নয়নে আন্তরিকতার সঙ্গে কাজ করে যাচ্ছে বর্তমান সাহা। রাজ্যের সার্বিক উন্নয়ন নিয়ে এদিন ফের একবার কমিউনিস্টদের তীব্র সমালোচনা করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, রক্তদান থেকে অনেক শিক্ষণীয় রয়েছে। রক্তের মধ্যে



রাজ্য সরকার। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে জিএসডিপি ও মাথাপিছু আয়ের ক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ স্থানে রয়েছে ত্রিপুরা। শুক্রবার আগরতলার ৩৯ নং পুর ওয়ার্ডের উদ্যোগে ওয়ার্ড কমিউনিটি হলে আয়োজিত এক মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক অস্বচ্ছতা থাকলে সেটা কোন অবস্থায় গ্রহণ করা যাবে না। আর সমাজের মধ্যে অস্বচ্ছতা থাকলে সেটাও সমাজ গ্রহণ করবে না। আগে আমরা দেখতাম সমস্ত জায়গায় অস্বচ্ছতা। যে কারণে মানুষ তাদের পরিত্যাগ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও সবসময় স্বচ্ছতার কথা বলছেন। ☞ ৬ এর পাতায় দেখুন

## ঐক্যবদ্ধ লড়াইয়ে নামতে হবে ঃ জিতেন্দ্র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** আগরতলা পুর নিগমের উচ্ছেদ অভিযান অন্যায় এবং অমানবিক। আগামীদিনে অমানবিকতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে লড়াইয়ে নামতে হবে। আজ লেইক ইঞ্জিনের সরকারের পুর নিগম গরিবদের পেটে লাথি মারলেন। তাদের দৃষ্টিভঙ্গির অভাব রয়েছে। এর বিরুদ্ধে আগামী বিধানসভা অধিবেশনে বিরোধীদের তরফ থেকে জোরালো দাবি জানানো হবে।



চৌমুহনী বাজার পরিদর্শনে গিয়ে এমনটাই বললেন সিপিএমের রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী।

এদিন তিনি বলেন, নির্বাচন আসলে বিজেপি সরকার দাবি করে সবকা সাথ সবকা বিকাশ। কিন্তু হাস্যকর ব্যাপার তার উল্টো বিনাশ করেছে ক্ষুদ্র ব্যবসায়ীদের। আসলে ডাবল তাঁর কথায়, রাজ্যের বিরোধীরা উন্নয়নের বিপক্ষে নয়। বাজারকে আধুনিকতার ছোঁয়া দিতে সরকারকে পদক্ষেপ নিতে হবেই। কিন্তু কেনো গরীবের পেটে লাথি দেওয়া উচিত নয়। বিকল্প ব্যবস্থা না করে দিনমজুরের দোকানপাঠ বুলডোজার দিয়ে গুড়িয়ে দেওয়া ঠিক হয়নি।

## রেলে কাটা পড়ে মহিলার মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** ফের রেলে কাটা পড়ে মর্মান্তিকভাবে মৃত্যু হয়েছে এক মহিলার। আজ সকালে জিরানিয়া রেলস্টেশন এলাকার বিনাপাণি এলাকায় ওই মহিলার দেহ উদ্ধার হয়েছে। ওই ঘটনায় গোটা রেলস্টেশন এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। ঘটনার খবর পেয়ে ছুটে আসে পুলিশ। পুলিশ মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে। ঘটনার বিবরণে গিয়েছে, আজ সকালে জিরানিয়া রেল লাইনে রাস্তায় প্রাতঃভ্রমণে বেরিয়ে মৃতদেহ দেখতে পান স্থানীয়রা। সাথে সাথে তারা খবর দিয়েছেন জিআরপিকে। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।

আরও জানা গিয়েছে, মৃত মহিলা হরিজয় চৌধুরী পাড়ার বাসিন্দা ফুল কুমারী দেব্বর্মা। তাঁর স্বামীর নাম সুবল দেব্বর্মা। কিকারণে সে আত্মহত্যা পথ বেছে নিয়েছে এখনো জানা যায় নি। গোটা ঘটনা পুলিশী তদন্ত চলছে।

## ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষায় আজ বাংলা/হিন্দি/ককবরক/মিজো এবং আরবিক বিষয়ে পরীক্ষা নেওয়া হয়। রাজ্যে ৬৮টি মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবগুলি পরীক্ষাস্থলে শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণ শেষ হয়েছে। আজ পরীক্ষায় ২৯, ০০১ জন পরীক্ষার্থী ছিল। এর মধ্যে ছাত্রী ১৫,৫১৮ জন ও ছাত্র ১৩,৪৮৩ জন। পরীক্ষায় বসেছিল ২৮,৮২৭ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্র ১৩, ৪০২ জন ও ছাত্রী ১৫,৪২৫ জন। আজ পরীক্ষায় ৮১ জন ছাত্র ও ৯৩ জন ছাত্রী অনুপস্থিত ছিল। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৯.৪০ শতাংশ।


পর্ষদ সভাপতি ধনঞ্জয় গণচৌধুরী আজ বিশালগড় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, ☞ ৬ এর পাতায় দেখুন

## পাচার বানিজ্য রুখতে গিয়ে আক্রান্ত বিএসএফ, আহত পাচারকারীও

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** পাচার বাণিজ্য রুখতে গিয়ে গুরুতর আহত হয়েছেন এক জওয়ান। পাশাপাশি এক পাচারকারীও আহত হয়েছে। ঘটনাটি ঘটেছে শুক্রবার সন্ধ্যা প্রায় সাড়ে ৭ টা নাগাদ সিপাহিজেলা জেলার বিওপি পুটিয়া এলাকায়। বিএসএফ - এর তরফে জানানো হয়েছে, ২৮শে ফেব্রুয়ারী আনুমানিক সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে, সিপাহিজেলা জেলার বিওপি পুটিয়া এলাকায় বিপি রেফারেন্স ২০৫০/৭-এস-এর কাছে ২০ থেকে ২৫ জন বাংলাদেশি দুর্বৃত্ত ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশ করে এবং ভারতীয় দুর্বৃত্তদের সাথে পাচারে লিপ্ত হয়। তখনই টহলরত বিএসএফ জওয়ানরা পাচারকারীদের উপর আক্রমণ করে। তখনই গুরুতর আহত হয়েছে এক বিএসএফ জওয়ান।

পরবর্তীতে, আবারও দলটির উপর আক্রমণ করা হয় এবং দুর্বৃত্তরা বিএসএফ জওয়ানদের অস্ত্র ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। নিজের জীবন রক্ষার্থে, বিএসএফ জওয়ান এক রাউন্ড পিএজি (অ-প্রাণঘাতী) আত্মরক্ষার জন্য গুলি চালায়। ফলস্বরূপ, বাংলাদেশি নাগরিক আহত হন এবং তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং চিকিৎসাধীন রয়েছে। আহত জওয়ানও হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

## দুই কোটি টাকার ইয়াবা উদ্ধার করল বিএসএফ




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ২০ প্যাকেটে মোট ২০,০০০ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। যার বাজারমূল্য আনুমানিক ২ কোটি টাকা হবে। আজ বিএসএফের তরফ থেকে এক বিবৃতি জারি করে একথা জানানো হয়েছে।

বিবৃতিতে জানানো হয়েছে, গতকাল সিপাহীজলা জেলার অন্তর্গত এনসি নগর এলাকার সীমান্ত দিয়ে নেশা সামগ্রী পাচার করার চেষ্টা হচ্ছিল। পাচারের ঘটনাটি প্রত্যক্ষ করে বিএসএফ জওয়ানরা অভিযান চালিয়েছে। ওই অভিযানে নেশাকারবারীরা নেশা সামগ্রী ফেলে পালিয়ে যেতে সক্ষম হয়েছে। তার কাছ থেকে ২০ প্যাকেটে মোট ২০, ০০০ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। যার বাজারমূল্য আনুমানিক ২ কেটি টাকা হবে। তাছাড়াও, বিএসএফ জওয়ানরা এখনো পর্যন্ত ভারত-বাংলাদেশ সীমান্তের বিভিন্ন স্থান থেকে ১৬ ৮০,৯১০ ☞ ৬ এর পাতায় দেখুন

## বিএডে ভর্তির নামে টাকা আত্মসাতের অভিযোগ এক সংস্থার বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** চিট ফান্ডের মত গজিয়ে ওঠা বিদ্যা ব্যবসার ফাঁদে প্রতারিত হচ্ছেন রাজ্যের ছাত্র-ছাত্রী। এবার এমনি একটি অভিযোগ উঠে এসেছে আগরতলায় এমবিবি ক্লাব সংলগ্ন এসার এডুকেশনের বিরুদ্ধে।

অভিযোগে জানা গেছে বিএড - এ ভর্তির নামে গরীব অংশের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে টাকা হাতিয়ে নিয়েছেন এই সংস্থা। এই ধরনের অভিযোগ রাজ্যের বেশ কয়েকটি স্থান থেকে প্রায় শোনা যাচ্ছে। এবার আগরতলা এমবিবি ক্লাব সংলগ্ন এসার এডুকেশন নামের একটি সংস্থার বিরুদ্ধে এমনি অভিযোগ তুলেছেন রাজ্যের একাংশ ছাত্র-ছাত্রী।

তারা অভিযোগ তুলে বলেন, বছর খানেক আগে বিএড কোর্স করার জন্য, তারা যথারীতি বিভিন্ন ফি বাবদ প্রায় ৩৫ হাজার টাকা করে প্রদান করেন। সংস্থার তরফ থেকে বলা হয়েছিল ডিস্টেন্স এর মাধ্যমে কলকাতায় তাদের বিএড -এ ভর্তি করানো হবে। কিন্তু বছর অতিক্রান্ত হওয়া সত্বেও বি.এড এ ভর্তি তো দূরের কথা উল্টো ছাত্র-ছাত্রীদের টাকা দিচ্ছেনা এসার সংস্থা।

তাই শুক্রবার সংবাদ মাধ্যমের দ্বারস্থ হয়ে ছাত্রছাত্রীদের পক্ষ থেকে এই অভিযোগ জানানোর পাশাপাশি এই সংস্থার শাটার বন্ধ করে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী কাছে আবেদন জানানো হয়।

## জমি পতিত না রাখার পরামর্শ কৃষিমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** গ্রাম, গরিব এবং কৃষকের উন্নয়নের জন্য কাজ করছে রাজ্য সরকার। আজ ধলাই জেলার গন্ডাছড়া বাজারে দ্বিতল বাজারের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন কৃষি মন্ত্রী রতন লাল নাথ।

অত্যাধুনিক সুবিধাযুক্ত দ্বিতল বাজারের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তুরের মন্ত্রী রতন লাল নাথ, স্থানীয় বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তুরের ডিরেক্টর ড. ফনিভূষণ জমাতিয়া সহ অন্যান্যরা। এদিন মন্ত্রী রতন লাল নাথ বলেন, এই বাজারটি নির্মাণে ব্যয় ☞ ৬ এর পাতায় দেখুন

## ১৩ দফা দাবি নিয়ে মিছিল ডেপুটেশন সিট্যুর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** চা ও রাবার বাগানের জমি বে-আইনি দখল বন্ধ করা সহ ১৩ দফা দাবিতে রাজপথে বিক্ষোভ মিছিলে সামিল হয়েছে সিআইটিইউ। পরবর্তী সময়ে সংগঠনের প্রতিনিধি দল শ্রম দপ্তুরের কমিশনারের নিকট ডেপুটেশন প্রদান করেন। এদিনের মিছিলটি মেলার মাঠ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

বামফ্রন্টের আহ্বায়ক প্রাক্তন সাংসদ নারায়ণ কর বলেন, বিজেপি সরকারের আমলে শ্রমজীবী মানুষদের অবস্থা দিন দিন খারাপের দিকেই যাচ্ছে।

বিশেষ করে ত্রিপুরায় বাগিচা শিল্পের সাথে জড়িতদের অবস্থা আরও সূচনীয়।

বিগত দিনে রাজ্যে বামফ্রন্ট সরকার




আমলে শ্রমজীবী মানুষদের স্বার্থে একের পর এক উন্নয়নশীল সিদ্ধান্ত নিয়েছে। তাঁর অভিযোগ, শ্রমিকদের প্রাপ্য মজুরি প্রদানে মালিক কর্তৃপক্ষ তাল বাহানা করছে।

এরই প্রতিবাদে সরব হয়েছে সিআইটিইউ।

তাই সংগঠনের তরফ থেকে চা ও রাবার বাগানের জমি বে-আইনি দখল বন্ধ করা, শ্রমিকদের মজুরী বৃদ্ধি করা, বাসস্থানের জায়গা দেওয়া ও উৎপাদিত রাবার ব্যবহার করে রাজ্যে শিল্প-কারখানা গড়ে তোলা সহ ১৩ দফা দাবী জানানো হয়েছে।

## বাইকের ধাক্কায় মহিলা সহ আহত ২

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** বেপরোয়া বাইকের ধাক্কায় গুরুতর আহত হয়েছে এক পথচারী মহিলা। ওই দূর্ঘটনায় রাস্তায় ছিটকে পরে আহত হয়েছে বাইক চালকও। আজ সকালে বিশালগড় এসডিএম অফিস সংলগ্ন মুড়াবাড়ি রাস্তায় প্রত্যক্ষদর্শীরা দমকলবাহিনীকে খবর দিয়েছেন। দমকলকর্মীরা আহতদের উদ্ধার করে হাসাপাতালে নিয়ে গিয়েছে। ঘটনার বিবরণে এক দমকলকর্মী গিয়েছেন, আজ সকালে খবর আসে বিশালগড় এসডিএম অফিস সংলগ্ন মুড়াবাড়ি রাস্তায় এক বাইক দূর্ঘটনা হয়। তাতে গুরুতর আহত হয়েছেন এক পথচারী মহিলা সহ বাইক চালক। কিন্তু ☞ ৬ এর পাতায় দেখুন

### জাতীয় বিজ্ঞান দিবসে

## ছাত্রছাত্রীদের প্রযুক্তিগত বিষয়ে আরও বেশি আগ্রহী করে তুলতে হবে ঃ অনিমেষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** বিকশিত ভারত গড়তে যুবাদের বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরী ক্ষেত্রে আরও আগ্রহী করে তুলতে হবে। বিজ্ঞান ভিত্তিক বিভিন্ন উদ্ভাবনী কর্মসূচি গ্রহণের মধ্য দিয়ে রাজ্যের ছাত্রছাত্রীদের প্রযুক্তিগত বিষয়ে আরও বেশি করে আগ্রহী করে তুলতে হবে। তবেই বিজ্ঞান আরও জনপ্রিয় হয়ে উঠবে। আজ সুকান্ত একাডেমীতে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা 'জাতীয় বিজ্ঞান দিবস-২০২৫' অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন। এবছর জাতীয় বিজ্ঞান দিবসের মূল থিম হলো- 'বিজ্ঞান ও উদ্ভাবনী বিষয়ে বিকশিত ভারত গঠনে ভারতীয় যুবাদের বিশ্ব নেতৃত্বে ক্ষমতায়ণ'। অনুষ্ঠানের উদ্বোধন করে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ



দেববর্মা বলেন, বিজ্ঞানী ড. সি ভি রমন ১৯৩০ সালে রমন এফেক্ট আবিস্কারের জন্য নোবেল পুরস্কার পান। প্রতি বছর ২৮ ফেব্রুয়ারি তাঁর স্মরণে জাতীয় বিজ্ঞান দিবস পালন করা হয়।

অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী বলেন, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তুরকে সাধারণ জনগণের প্রয়োজনীয়তা বিবেচনা করে বিজ্ঞান ও প্রযুক্তিগত বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে হবে। ছাত্রছাত্রীদের উদ্ভাবনী শক্তি বিষয়ক নিত্য নতুন বিজ্ঞান মডেল উপস্থাপন করতে উৎসাহিত করতে হবে। তিনি বলেন, প্রযুক্তি দিন দিন পরিবর্তন হচ্ছে। এর সাথে সামঞ্জস্য ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ
আগরতলা,১ মার্চ, ২০২৫ইং
১৬ ফাল্গুন, শনিবার ১৪৩১ বঙ্গাব্দ

## গণতন্ত্রের সূচকে এগিয়ে ভারত ,পিছিয়ে পাকিস্তান

বিশ্বের অন্যতম গণতান্ত্রিক দেশ ভারত বর্ষ। দেশের প্রত্যেক জনগণ গণতান্ত্রিক অধিকার ভোগ করিতেছেন। অবশ্য গণতান্ত্রিক অধিকার ভোগ করা নিয়া বিতর্কের অন্ত নাই। সমালোচকরা বরাবরই দেশের গণতান্ত্রিক অধিকার নিয়ে নানা প্রশ্ন তুলিয়াছেন। অবশ্য এইসব অভিযোগের সত্যতা অস্বীকার করা যাইবে না। রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে দেশের বিভিন্ন রাজ্যে গণতান্ত্রিক অধিকার হরণের ঘটনা ঘটিয়া চলিয়াছে।

গণতন্ত্রের বেহাল দশা নিয়া বরাবর সরব বিরোধীরা। এমনকী বুদ্ধিজীবী তথা গণতন্ত্রপ্রেমীরাও মোদি জমানাকে বারবার স্বৈরতন্ত্রের সঙ্গে তুলনা করিতে ছাড়েননি। কিন্তু আন্তর্জাতিক সংস্থার সমীক্ষা বলিতেছে, দেশে গণতন্ত্রের দশা ততটাও বেহাল নয়। অন্তত গত বছরের তুলনায় খানিকটা হইলেও উন্নতি হইয়াছে ভারতের।লন্ডনের ‘ইকনমিস্ট ইনটেলিজেন্স ইউনিট’ সম্প্রতি ১৬৫টি দেশ এবং দুটি স্বশাসিত অঞ্চলে গণতন্ত্র নিয়া একটি সমীক্ষা চালাইয়াছে। সেই সমীক্ষায় দেখা গিয়াছে সার্বিকভাবে গোটা বিশ্বেই গণতন্ত্রের সূচকের অবনতি হইতেছে। ২০২২ থেকে ২০২৩-এ বিশ্বে ‘গণতান্ত্রিক রাষ্ট্রের’ সংখ্যা বাড়িলেও গণতন্ত্র সূচকের গড়ে পতন হইয়াছে। ২০২২-এ গড় ছিল ৫.২৯, ২০২৩-এ সেটি কমিয়া ৫.২৩। একমাত্র পশ্চিম ইউরোপ ছাড়া গোটা বিশ্বেই গণতন্ত্রের মানের অবনতি হইয়াছে।সমীক্ষায় বিভিন্ন দেশকে ‘পূর্ণ গণতন্ত্র’, ‘ত্রুটিপূর্ণ গণতন্ত্র’, ‘মিশ্র শাসন ব্যবস্থা’, স্বৈরাচারী শাসন ব্যবস্থা’র মতো বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হইয়াছে। ভারত ত্রুটিপূর্ণ গণতন্ত্রের তকমা পাইয়াছে। তবে সার্বিকভাবে ভারতের সূচকে উন্নতি হইয়াছে। ভারতের প্রাপ্ত নম্বর ৭.১৮, তালিকায় স্থান ৪১। অর্থনৈতিক বিকাশের সম্ভাবনা ভারতের গণতন্ত্রের মানোন্নয়ন করিয়াছে।

তবে ভারতের উন্নতি হইলেও গণতন্ত্রের সূচকে অনেকটা পিছাইয়া পড়িয়াছে প্রতিবেশী পাকিস্তান। এই মুহূর্তে গণতন্ত্রের সূচকে পাকিস্তান ১১৮ নম্বরে। তাহাদের প্রাপ্ত নম্বর ৩.২৫। যাহা গতবারের থেকে .৮৮ পয়েন্ট কম। এই তালিকায় পাকিস্তানকে মিশ্র শাসন ব্যবস্থা থেকে স্বৈরাচারী শাসন ব্যবস্থায় অবনিত করা হইয়াছে। অন্যদিকে স্বৈরাচারী চিনের শাসনব্যবস্থার আরও অবনতি হইয়াছে। ২.১২ পয়েন্ট নিয়া তালিকায় ১৪৮ নম্বরে জিনপিংয়ের দেশ। অন্যদিকে, দীর্ঘদিন সরকার বদল না হওয়ায় বাংলাদেশের গনতন্ত্র নিয়া উদ্বেগপ্রকাশ করা হইয়াছে ওই রিপোর্টে। এই তালিকার শীর্ষে রহিয়াছে নরওয়ে, দু নম্বরে নিউজিল্যান্ড। ভারতের অবস্থান নিয়া সমীক্ষায় যে রিপোর্ট উত্তাপিত হইয়াছে দেশের অর্থনৈতিকবিদরা তাহাতে স্বস্তির নিঃশ্বাস ফেলিয়াছেন। অর্থনৈতিক দিক দিয়া ভারত আরো সামনের সারিতে আসবে বলিয়ায় তাহারা দৃঢ় প্রত্যয় ব্যক্ত করিয়াছেন। দেশের অর্থনীতিকে শক্তিশালী করিবার জন্য যেসব প্রয়াস নেওয়া হইয়াছে সেইসব প্রয়াসকে বাস্তবায়িত করার মধ্য দিয়াই ইহার সুফল মিলিবে।

## চ্যাম্পিয়নস ট্রফি : আফগানিস্তান বনাম অস্ট্রেলিয়ার মুখোমুখি রেকর্ড

দুবাই, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : শুক্রবার লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে আইসিসি চ্যাম্পিয়নস ট্রফির শেষ লিগ ম্যাচে অস্ট্রেলিয়া-আফগানিস্তানের মুখোমুখি হবে। এটি হবে এই দুটি দলের মধ্যে পঞ্চম সাক্ষাৎকার এবং ২০২৩ সালে মুম্বইয়ে ওয়ানডে বিশ্বকাপ ম্যাচের পর প্রথম সাক্ষাৎকার। সেবার অস্ট্রেলিয়া ৩ উইকেটে জিতেছিল , গ্লেন ম্যাক্সওয়েলের অপরাজিত ডাবল সেঞ্চুরির জন্য। যদিও আফগানিস্তান কখনও ওয়ানডে ক্রিকেটে অস্ট্রেলিয়াকে হারাতে পারেনি, তবুও তারা আত্মবিশ্বাসী হবে, কারণ তারা গত বছর টি-২০ বিশ্বকাপের একটি গুরুত্বপূর্ণ ম্যাচে অস্ট্রেলিয়াকে হারিয়েছিল।

ওয়ানডেতে আফগানিস্তান বনাম অস্ট্রেলিয়ার মুখোমুখি রেকর্ড:

খেলা ম্যাচ : ৪টি,অস্ট্রেলিয়া জিতেছে : ৪টি, আফগানিস্তান জিতেছে : ০

শেষ সাক্ষাৎকার : অস্ট্রেলিয়া আফগানিস্তানকে বিশ্বকাপের টি-২০ম্যাচে ৩ উইকেটে হারিয়েছে মুম্বইয়ে ২০২৩ সালে

আফগানিস্তান বনাম অস্ট্রেলিয়া একদিনের আন্তর্জাতিকে সর্বোচ্চ এবং সর্বনিম্ন স্কোর :

অস্ট্রেলিয়া (সর্বোচ্চ স্কোর) বনাম আফগানিস্তান : ৪১৭/৬ (৫০) - অস্ট্রেলিয়া ২৭৫ রানে জয়ী (২০১৫)

অস্ট্রেলিয়া (সর্বনিম্ন স্কোর) বনাম আফগানিস্তান: ২০৯/৩ (৩৪.৫) - অস্ট্রেলিয়া ৭ উইকেটে জয়ী (২০১৯)

আফগানিস্তান(সর্বোচ্চ স্কোর) বনাম অস্ট্রেলিয়া : ২৯১/৫ (৫০) - অস্ট্রেলিয়া ৩ উইকেটে জয়ী (২০২৩)

আফগানিস্তান(সর্বনিম্ন স্কোর) বনাম অস্ট্রেলিয়া : ১৪২(৩৭.৩)- অস্ট্রেলিয়া ২৭৫ রানে জয়ী (২০১৫)

অস্ট্রেলিয়া (সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর) বনাম আফগানিস্তান: গ্লেন ম্যাক্সওয়েল - ২০২৩ সালে ২০১ (১২৮)

অস্ট্রেলিয়া (সেরা বোলিং) বনাম আফগানিস্তান: মিচেল জনসন - ৪/২২ (৭.৩) ২০১৫ সালে :

আফগানিস্তান (সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর) বনাম অস্ট্রেলিয়া : ইব্রাহিম জাদরান - ১২৯ (১৪৩) ২০২৩ সালে

আফগানিস্তান(সেরা বোলিং) বনাম অস্ট্রেলিয়া : করিম সাদিক - ২/২২ (৬) ২০১২ সালে

## হায়দরাবাদ হাউসে মিলিত মোদী ও উরসুলা, করলেন দ্বিপাক্ষিক বৈঠকও

নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): নতুন দিল্লির হায়দরাবাদ হাউসে মিলিত হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ফন ডার লেন। হায়দরাবাদ হাউসে দ্বিপাক্ষিক বৈঠকও করেছেন তাঁরা। শুক্রবার ইউরোপীয় কমিশনের কমিশনাররা হাইড্রোজেন ফুয়েল সেল প্রযুক্তি দ্বারা চালিত একটি বাসে হায়দরাবাদ হাউসে পৌঁছন, এই বাসটি টাটা মোটরস এবং ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড-এর সহযোগিতায় তৈরি।

প্রধানমন্ত্রী মোদী তাঁদের স্বাগত জানান। হায়দরাবাদ হাউসে সাক্ষাতের পর দ্বিপাক্ষিক বৈঠক করেন মোদী ও উরসুলা। এরপর আবার প্রতিনিধি পর্যায়ে আলোচনাও করেছেন তাঁরা।

## বিরাট ধস শেয়ার বাজারে সূচকে, সেনসেক্স ও নিফটিতে বড় পতন

মুম্বই, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): ভারতের শেয়ার বাজারে ‘সেল অফ’-এর চাপ প্রবল হয়ে উঠল সপ্তাহের শেষ ট্রেডিং দিনে। শুক্রবার সকালেই বিরাট ধস নামল সূচকে। সকালে বাজার খুলতেই সেনসেক্স এবং নিফটি সূচকে বড় পতন আসে।

এদিন আবারও নতুন করে ট্রাম্পের কর হুমকির জেরে ধস নামে শেয়ার বাজারে। আর একইসঙ্গে ডিসেম্বর মাসের মূল জিডিপির তথ্য প্রকাশের দিন সামনেই আর তাই এই আবহে বাজারে বিনিয়োগকারীদের মনোভাব বদলে যায়। প্রায় ১.৫ শতাংশের কাছাকাছি পতন আসে সেনসেক্স এবং নিফটি সূচকে। আর অন্যদিকে বিএসই মিডক্যাপ এবং বিএসই স্মলক্যাপ সূচকেও ২ শতাংশ পতন আসে।

সকাল ১০টার সময় সেনসেক্স এক ধাক্কায় ১০০৯ পয়েন্ট পরে যায়, অর্থাৎ ১.৩৫ শতাংশ ধস নামে শেয়ার বাজারে। সূচক নেমে আসে ৭৩, ৬০২.৭০ পয়েন্টে আর নিফটি ৫০ সূচক পড়ে যায় ৩১২.২৫ পয়েন্টে অর্থাৎ ১.৩৯ শতাংশ ধস নামে বাজারে। আর নিফটির সমস্ত স্টকের মধ্যে আজকের বাজারে ২৬৫২টি স্টকের দাম কমে এবং মাত্র ৫১৯টি স্টকে সবুজ সঙ্কেত দেখা যায়।

# গুপ্তচর হিসেবেও কাজ করেছিলেন অড্রে হেপবার্ন

ক্রিস্টোফার লু


অস্কারের জন্য পাঁচ বার মনোনীত হয়েছিলেন অড্রে হেপবার্ন। ‘‘রোমান হলিডে’’ সিনেমায় অভিনয়ের জন্য সেরা অভিনেত্রী হিসেবে অস্কার জিতেছিলেন ১৯৫৩ সালে। ১৯৫০ ও ৬০ এর দশকে চলচ্চিত্র ও ফ্যাশন জগতের আইকন হয়ে উঠেছিলেন তিনি। বিশ্বের অসংখ্য মানুষের মন জয় করা এই অভিনেত্রীর জীবনের এমন একটা অধ্যায়ও ছিল যা অনেকেরই অজানা।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় গুপ্তচর হিসেবে কাজ করেছেন তিনি। নাৎসি দখলদারির বিরুদ্ধে গড়ে ওঠা ডাচ প্রতিরোধ বাহিনীর জন্য অর্থ সংগ্রহের করতে ব্যালে মঞ্চস্থ করতেন এই অভিনেত্রী। তখন তিনি কেবল কিশোরী। বিবিসি রেডিও ৪-এর ‘‘হিস্ট্রিজ ইয়ংগেস্ট হিরোজ’’ শীর্ষক পডকাস্টে নিকোলা কফলান ইতিহাসের পাতা থেকে উঠে আসা এমন সব তরুণদের গল্প বলছেন যারা বিশ্বকে পরিবর্তন করেছে। বিদ্রোহ, ঝুঁকি ও তরুণ শক্তির মিশেলের অসাধারণ সব গল্পের তালিকায় অড্রে হেপবার্নও স্থাপ পেয়েছেন।

পরিবার ও শৈশব মিজ হেপবার্নের জন্ম ১৯২৯ সালে ব্রাসেলসে। ডাচ ব্যারোনেস এলা ভ্যান হেমস্ট্রা এবং ব্রিটিশ-অস্ট্রিয়ান ব্যবসায়ী জোসেফ হেপবার্ন-রাস্টন দম্পতির ঘরে জন্ম হয় তার। লন্ডনে থাকা অবস্থায় তার বাবা-মা আকৃষ্ট হন ইহুদিবিদ্বেষী ও সহিংস সংগঠন ব্রিটিশ ইউনিয়ন অফ ফ্যাসিস্টস বা বিইউএফ নেতা ওসওয়াল্ড মোসলের প্রতি। নাৎসি জার্মানির মহিমার কথা উল্লেখ করে বিইউএফ এর ম্যাগাজিনের জন্য একটি নিবন্ধও লিখেছিলেন এলা ভ্যান হিমস্ট্রা। অড্রে হেপবার্নের বয়স যখন ছয় বছর তখন তার বাবা জোসেফ হেপবার্ন রাস্টন বাড়ি ছাড়েন। পরে তাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে ‘‘বিদেশি ফ্যাসিবাদীদের সহযোগী’’ হিসেবে ভূমিকা পালনের অভিযোগ ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়টা ব্রিটিশ কারাগারে কেটেছিল তার। অড্রে হেপবার্ন এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তার জীবন সম্পর্কে অনেক তথ্য জানা যায় রবার্ট ম্যাটজেনের লেখা ‘‘ডাচ গার্ল’’ বই থেকে। ‘‘হিস্ট্রিজ ইয়ংগেস্ট হিরোজ’’ পডকাস্টের জন্য এক সাক্ষাৎকারে ওই লেখককে অড্রে হেপবার্নের কনিষ্ঠ পুত্র লুকা ডটি বলেছিলেন, ‘একেবারে শিশু অবস্থাতেও উনি খুব মিশুক ছিলেন। হাসতেন, খেলতেন, অভিনয় করতেন। আমার নানা তাকে মজা করে “মাংকি পাজল” বলে ডাকতেন।’

অ্যাড্রে হেপবার্নের ছেলেবেলার বিষয়ে অনেক কথা উল্লেখ করেছেন লেখক রবার্ট ম্যাটজেন। তিনি বলেন, ‘অড্রের মা সিদ্ধান্ত নিয়েছিলেন যে ইংল্যান্ড বিশেষত কেন্ট তার জন্য ঠিক জায়গা নয়। কারণ জার্মানরা ফ্রান্সে ঢুকে পড়তে এবং ইংল্যান্ড আক্রমণ করতে পারে।’

**নেদারল্যান্ডসে ফিরে আসা**- ব্রিটিশ বোর্ডিং স্কুল থেকে ছাড়িয়ে নিয়ে নেদারল্যান্ডসে পারিবারিক এস্টেটে চলে আসেন এলা। সেখানে অড্রে ভর্তি হন নাচের স্কুলে। আরো বেশি ডাচ প্রভাব আনসে তার নাম বদলে রাখা হয় অ্যাড্রিয়ান্টজে ভ্যান হেমস্ট্রা। তবে পরে অভিনয় জগতে প্রবেশ করার পর নিজের উপাধি হেপবার্নই ব্যবহার করতে শুরু করেছিলেন তিনি। নিজের মায়ের জীবন সম্পর্কে বলতে গিয়ে মি. ডটি জানান, নেদারল্যান্ডের জীবন অড্রের জন্য খুব সহজ ছিল না, তিনি ডাচ বলতে পারতেন না। একটা শব্দ না বুঝলেও তাকে ডাচ স্কুলে যেতে হচ্ছিলো। সেখানকার ছাত্ররা তাকে নিয়ে মজা করত। এদিকে এলা ভ্যান হিমস্ট্রা কিন্তু



অ্যাডলফ হিটলারকে খুব শ্রদ্ধা করতে আর বিশ্বাস করতেন, হিটলার কখনোই “তার” দেশকে আক্রমণ করবেন না। তবে হিটলার ১৯৪০ সালের মে মাসে নেদারল্যান্ডস আক্রমণ ও দখল করেন। মি. ম্যাটজেন সেই সময়ের পরিস্থিতি সম্পর্কে বলেছেন, ‘পূর্ব ফ্রন্ট তখন একটা অগ্নিকুণ্ডের মতো ছিল, সেখানে জরুরি সামগ্রী দ্রুত যোগান সম্ভব ছিল না। এদিকে নিজেদের সৈন্যবাহিনীর জন্য জার্মানদের খাবারের ও পোশাকের প্রয়োজন ছিল। এই সবকিছুই ছিনিয়ে নেওয়া হয়েছিল ডাচ ও জার্মানদের দখলে থাকা অন্যান্য দেশগুলো থেকে।’ বিবিসি বাংলার খবর পেতে গুগল নিউজ চ্যানেল অনুসরণ করুন

নাৎসিদের বিরুদ্ধে অবস্থান নীতিগতভাবে নাৎসিদের বিরুদ্ধে অবস্থান নিয়েছিলেন অড্রে হেপবার্নের চাচা কাউন্ট অটো ভ্যান লিমবার্গ স্টিরাম। ১৯৪২ সালে একটা প্রতিরোধকারী গোষ্ঠী রটারডামের কাছে একটি জার্মান ট্রেন বিস্ফোরক দিয়ে উড়িয়ে দেওয়ার চেষ্টা করেছিল। এই ঘটনায় জড়িত না থাকার পরও গ্রেফতার করা হয় কাউন্ট লিমবার্গ স্টিরামকে।

নাৎসি এজেন্টরা তাকে ও আরো চারজনকে ধরে জঙ্গলে নিয়ে গিয়ে গুলি করে এবং দেহগুলো মাটি চাপা দিয়ে আসে। চাচাকে বাবার মতোই ভালোবাসতেন অড্রে হেপবার্ন। এই হত্যাকাণ্ড তার মনের গভীরে দাগ ফেলে এবং তিনি একেবারে বিদ্ধস্ত হয়ে পড়েন। লেখক রবার্ট ম্যাটজেন বলেছেন, ‘এই হত্যাকাণ্ডটি জাতীয় স্তরের ইস্যু হয়ে দাঁড়ায় এবং ডাচ জনগণের জন্য একটা মোড় ঘোরানো ঘটনা ছিল এটি।’ যদিও অড্রে হেপবার্নের পরিবার অবস্থাসম্পন্ন ছিল, কিন্তু নাৎসিরা খাদ্য ও সম্পদ নেদারল্যান্ডস থেকে সরিয়ে নিতে থাকায় এর প্রভাব পড়ে তার পরিবারের ওপর। হেমস্ট্রা পরিবার দারুণ অভাবে পড়ে যায়। অড্রে হেপবার্নের বয়স যখন ১৫ বছর, তখন তাকে একটা শর্ত দেওয়া হয়। নাৎসি শিল্পীদের ইউনিয়ন “কাল্টরকামার”-এ যোগ দিতে হবে অথবা প্রকাশ্যে নাচ করা ছেড়ে দিতে বলা হয় তাকে। খুব পছন্দের বিষয় হলেও প্রকাশ্যে নাচের পারফরম্যান্স ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নেন তিনি। মি. ডটির কথায়, ‘নাচের মাধ্যমে তিনি স্বপ্ন দেখতেন, উড়তেন, অনেক কিছু ভুলে থাকতে পারতেন। তার কাছে বাস্তব থেকে পালিয়ে বাঁচার উপায় ছিল এই নাচ।’ তবে নাচ তিনি আসলে ছাড়েননি। করতেন লুকিয়ে। সেফ হাউসের পর্দা নামিয়ে, মোমবাতি জ্বালিয়ে নাচ করতেন যাতে তাকে কেউ দেখতে না পায়। লুকিয়ে আয়োজন করা ব্যালে অনুষ্ঠানে মৃদু সুরে পিয়ানো বাজানো হতো। কেউ হাততালি দিতে পারতেন না। সব শেষে অনুষ্ঠান থেকে সংগ্রহ করা অর্থ ব্যবহার করা হতো নাৎসিদের বিরুদ্ধে গড়ে তোলা প্রতিরোধ বাহিনীর কাজকর্মের জন্য।

ব্যালেরিনা থেকে গুপ্তচর ১৯৪৪ সালের বসন্তে হেনড্রিক ভিসার হুফ নামে এক চিকিৎসকের সহকারী হিসেবে কাজ করা শুরু করেন অড্রে হেপবার্ন, যিনি প্রতিরোধ যোদ্ধা দলের সদস্য ছিলেন। তার সঙ্গে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতেন অড্রে। যদিও এলার মা ব্যাপকভাবে নাৎসিদের সহযোগী হিসেবেই পরিচিত ছিলেন, কিন্তু তা সত্ত্বেও মি. হুফের সাঙ্ঘাতিকভাবে অড্রে হেপবার্নের সাহায্যের প্রয়োজন ছিল। উদ্দেশ্য ছিল একটাই, নাৎসিদের হাত থেকে লুকিয়ে থাকা হাজার হাজার মানুষকে সাহায্য করা। এই কাজের দায়িত্ব দেওয়ার জন্য যতটা বিশ্বাস থাকা প্রয়োজন তার ঠিক ততটাই ভরসা ছিল মিজ হেপবার্নের ওপর। ঘটনাটা ১৯৪৪ সালের ১৭ সেপ্টেম্বরের। তখন গীর্জায় ছিলেন মিজ হেপবার্ন। সেই সময় হঠাৎই ইঞ্জিনের তীব্র আওয়াজ শোনা যায়। ততক্ষণে শুরু হয়ে গিয়েছে “অপারেশন মার্কেট গার্ডেন” যা ছিল রাইন নদীর ওপর বিস্তৃত নয়টা সেতু দখল করার জন্য মিত্র বাহিনীর একটা পরিকল্পনা। এক ছুটে বাইরে এসে অড্রে হেপবার্ন দেখেন মিত্র বাহিনীর হাজার হাজার সেনা প্যারাসুটের সাহায্যে ভাসছে। দুর্ভাগ্যক্রমে, নাৎসিদের দু’টো সাঁজোয়া ওই অঞ্চলে আবার অবস্থান নিচ্ছিল। এলা ভ্যান হিমস্ট্রাসের বাড়ির সামনে নাৎসি ট্যাংক চলাচল করতে থাকে। যুদ্ধ চলাকালীন অড্রে হেপবার্ন ও তার পরিবার নয় দিন সেলারে লুকিয়ে ছিলেন। যখন তারা বাইরে আসেন, তখন খবর আসে নাৎসিরা জিতেছে।

কাছাকাছি ভবন থেকে মানুষের চিৎকার ভেসে আসে তার কানে। সেখানে নাৎসিদের বিরুদ্ধে গড়ে তোলা ডাচ প্রতিরোধ বাহিনীর সদস্যদের নির্যাতন ও হত্যা করা হচ্ছিল। জার্মানির উদ্দেশে রওনা হওয়া মিত্রবাহিনীর বৈমানিকরা নেদারল্যান্ডসে জরুরি অবতরণ করতে বাধ্য হয়েছিল। সেই সময় অড্রে হেপবার্নকে দিয়ে তাদের কাছে খবর পাঠাতেন চিকিৎসক হুফ। এক ব্রিটিশ প্যারাট্রুপারের সঙ্গে দেখা করার জন্য অড্রে হেপবার্নকে জঙ্গলে পাঠিয়েছিলেন ডাক্তার হুফ। অড্রে তার মোজার মধ্যে লুকিয়ে নেন সাংকেতিক বার্তা। বৈঠকের পর জঙ্গল থেকে বেরিয়ে আসার সময় তিনি লক্ষ্য করেন, তার দিকে ডাচ পুলিশ এগিয়ে আসছে। এটা দেখে হঠাৎ করে ঝুঁকে বুনো ফুল কুড়াতে শুরু করেন তিনি। তারপর মোহময়ী ভিঙ্গিতে তা পুলিশককর্মীদের দিকে এগিয়ে দেন। মিজ হেপবার্নকে দেখে মুগ্ধ হয়ে তাকে আর বিশেষ জিজ্ঞাসাবাদ করেনি তারা। এরপর থেকে নাৎসিদের বিরুদ্ধে গড়ে ওঠা প্রতিরোধ বাহিনীর জন্য প্রায়শই বার্তা বহন করতেন তিনি। মায়ের বিষয়ে মি. ডটি বলেছেন, ‘উনি ভীষণভাবে বিশ্বাস করতেন, যখন ভালো আর মন্দের মধ্যে যুদ্ধ চলে তখন আপনাকে কোনও একটা পক্ষকে বেছে নিতেই হবে।’ সেই সময় নাৎসিদের বিরুদ্ধে সক্রিয় হয়ে ওঠা অড্রে হেপবার্নের মতো কিশোর-কিশোরীদের কথা উল্লেখ করেছেন মি. ম্যাটজেন। তিনি জানিয়েছেন, নাৎসিরা তেমন গুরুত্ব সহকারে নিত না এই ‘‘বাচ্চাদের’’। আচরণটা ছিল অনেকটা এমন- আমার পথ থেকে সরে যাও বাছা! আর সেটা চোখ এড়ায়নি প্রতিরোধ বাহিনীর সদস্যদের। এটাকেই কাজে লাগায় ডাচরা।

তীব্র খাদ্য সংকট-১৯৪৫ সালের ফেব্রুয়ারির মধ্যে রিপোর্ট আসে যে প্রতি সপ্তাহে পাঁচশোর মতো ডাচ অনাহারে মারা যাচ্ছেন। অন্য অনেকের মতোই অড্রে হেপবার্ন ও তার পরিবারও তীব্র খাদ্য সংকটে ভুগছিলেন। তিনি রক্তশূন্যতা, জন্ডিসসহ বিভিন্ন রোগে গুরুতর অসুস্থ হয়ে পড়েন। এই অবস্থাতেই তার বাড়ির দোরগোড়ায় আবার ভয়াবহ যুদ্ধ শুরু হয়। অড্রে হেপবার্ন ও তার পরিবারের সদস্যরা তিন সপ্তাহ ধরে সেলারে লুকিয়ে থাকতে বাধ্য হন। শেষ পর্যন্ত ১৯৪৫ সালের ১৬ এপ্রিল পরিবেশ ঠান্ডা হয়। যুদ্ধ শেষ হয়েছে এটা তিনি আঁচ করতে পেরেছিলেন নাকে তামাকের গন্ধ পেয়ে, কারণ যুদ্ধের সময় নেদারল্যান্ডসে অসম্ভব ঘটনা ছিল এটা। সেলার থেকে বাইরে এসে সিঁড়ি বেয়ে উঠে দরজা খুলে দেখেন পাঁচজন কানাডিয়ান সৈন্য সিগারেট খাচ্ছেন। তাকে দেখতে পেয়েই সৈন্যরা মেশিনগান তাক করে। সঙ্গে সঙ্গে তাদের সাথে ইংরেজিতে কথা বলতে শুরু করেন মিজ হেপবার্ন। তার কথা শুনে একজন সৈন্য চিৎকার করে বলে ওঠে, ‘আমরা শুধু একটা জনপদই স্বাধীন করিনি, আমরা এক ইংরেজ মেয়েকেও মুক্ত করেছি।’ পরবর্তীকালে মিজ হেপবার্ন তার ছেলেকে বলেছিলেন ফ্যাসিবাদের প্রতি সহানুভূতি থাকায় তিনি কখনই তার মাকে ক্ষমা করেননি।

কী হয়েছিল যুদ্ধের পর ? যুদ্ধ শেষে আবার লন্ডনে ফেরেন অড্রে হেপবার্ন। লন্ডনে ‘‘রাম্বার্ট স্কুল অফ ব্যালে অ্যান্ড কনটেম্পোরারি ডান্স’’-এ বৃত্তি পান তিনি। তবে প্রতিভা থাকার পরও অপুষ্টির কারণে তার স্বাস্থ্যের ক্ষতি হয়ে গিয়েছিল। ব্যালেরিনা হওয়ার মতো শক্তি আর অবশিষ্ট ছিল না। তাই অভিনয়কে বেছে নেন তিনি। ‘‘ওয়েস্ট অ্যান্ড’’ থিয়েটারে কাজ শুরু করেন। ’’দ্য ল্যাভেন্ডার’’ এবং ‘‘হিল মব’’-এর মতো চলচ্চিত্রে ছোটখাটো ভূমিকাও পান। মুখ্যচরিত্রে অভিনয়ের সুযোগ পান ১৯৫৩ সালে ‘‘রোমান হলিডে’’ চলচ্চিত্রে। এই সিনেমাটি সমালোচনামূলক ও বাণিজ্যিক সাফল্য যেমন পায়, তাকে বিখ্যাতও করে তোলো। এতে অভিনয়ের জন্য তিনি অস্কার যেতেন। তার ঝুলিতে এমি, গ্র্যামি ও টনি পুরস্কারও আসে। পুরো ক্যারিয়ার জুড়ে অভিনয় ছাড়াও জনহিতকর কাজ চালিয়ে গিয়েছিলেন অড্রে হেপবার্ন। তিনি ইউনিসেফের গুড উইল অ্যাম্বাসেডর ছিলেন। তার মৃত্যু হয় ১৯৯৩ সালে। লেখক ম্যাটজেন বলেছেন, ‘যুদ্ধের সাক্ষী থাকা এবং নানান পরিস্থিতির সম্মুখিন হওয়ার ফলে অড্রের ইন্দ্রিয় সূতীক্ষ্ন হয়ে উঠেছিল। আর তার অভিজ্ঞতার কারণে যে কোনো চরিত্রকেই সহজে ফুটিয়ে তুলতে পারতেন তিনি।’

# কৃত্রিম বুদ্ধিমত্তা যেভাবে আমাদের ধ্বংস করতে পারে

স্টিফেন হকিং থেকে শুরু করে ইলন মাস্ক- বিশ্বের শীর্ষ কয়েকজন বিজ্ঞানী কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন যে, এটি একসময় হয়তো মানব প্রজাতির জন্য একটি হুমকি হয়ে উঠতে পারে। কিন্তু নতুন একটি বইতে বলা হচ্ছে, রোবট আসলে নিজে থেকে সচেতন হয়ে উঠছে না বা তাদের মানুষ প্রভুর বিরুদ্ধে কোন মনোভাব তৈরি করছে না, যেটি মানুষের জন্য ভয়ের কারণ হতে পারে। কিন্তু আসলে এসব যন্ত্রের জন্য নির্ধারিত কাজ সম্পন্ন করার ক্ষেত্রে এগুলো এতোটাই দক্ষ হয়ে উঠছে যে, হয়তো দুর্ঘটনাবশত বা অনিচ্ছাকৃতভাবে তাদের ভুল কোন কাজে লাগানোর মাধ্যমেই আমাদের অস্তিত্ব বিলীন হয়ে যেতে পারে। ‘‘হিউম্যান কম্প্যাটিবল: এআই এন্ড দি প্রবলেম অব কন্টোল’’ নামের বইটি লিখেছেন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক স্টুর্ট রাসেল, যিনি আধুনিক যন্ত্র সক্ষমতা প্রযুক্তির ব্যাপারে একজন বিশেষজ্ঞ। তিনি বিবিসিকে বলেছেন, “ হলিউডের সিনেমায় দেখানো হয় যে, যন্ত্রগুলো নিজে থেকেই সচেতন হয়ে উঠছে এবং তারপরে তারা মানুষকে ঘৃণা করতে শুরু করে আর সবাইকে মেরে ফেলতে চায়।’’ কিন্তু রোবটের কোন মানবিক অনুভূতি থাকে না। সুতরাং সেটা একেবারেই অহেতুক একটা বিষয়, যা নিয়ে নিয়ে উদ্বেগের কোন কারণ নেই। এখানে আসলে খারাপ মনোভাবের কোন ব্যাপার নেই। আমাদের আসলে তাদের দক্ষতার ক্ষমতা নিয়ে উদ্বিগ্ন হওয়া উচিত’ ‘‘অত্যন্ত দক্ষ’’ বিবিসি টুডে অনুষ্ঠানে দেয়া একটি সাক্ষাৎকারে তিনি হুমকির একটি কল্পিত উদাহরণ তুলে ধরেন, যা কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে তৈরি হতে পারে বলে মনে করেন। কল্পনা করুন যে, আমাদের একটি শক্তিশালী কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবস্থা আছে, যেটি বিশ্বের জলবায়ু নিয়ন্ত্রণ করতে পারে এবং সেটি ব্যবহার করে আমার প্রাক-শিল্প পর্যায়ের কার্বন ডাই-অক্সাইড মাত্রার আবহাওয়ায় ফিরে যেতে চাই। ‘‘তখন সেটি ঠিক করলো যে, এটা করার সবচেয়ে সহজ উপায় হচ্ছে পৃথিবী থেকে সব মানুষকে সরিয়ে ফেলা, কারণ পৃথিবীতে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণের দিক থেকে মানুষই সবচেয়ে এগিয়ে রয়েছে, ’’বলছেন অধ্যাপক রাসেল। ‘‘আপনি হয়তো বলতে চাইবেন, তুমি যা চাও সব কিছুই করতে পারবে, শুধুমাত্র মানুষের ক্ষতি করতে পারবে না। তখন ওই সিস্টেম কী করবে? এটি তখন আমাদের সন্তান কম নেয়ার ব্যাপারে প্রভাবিত করবে, যতক্ষণ না পৃথিবী থেকে মানুষ শেষ হয়ে যায়।’’ এই উদাহরণের মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের বিপদের সেইসব দিক তুলে ধরা হয়েছে, যা মানুষ খুব চিন্তাভাবনা করে নির্দেশ না দিলে বিপর্যয় ঘটে যেতে পারে। অতি বুদ্ধি যুক্তরাজ্যের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর দি স্টাডি অফ এক্সিসটেনশিয়াল রিস্কের তথ্য অনুসারে বর্তমানে কৃত্রিম বুদ্ধিমত্তা পদ্ধতিগুলো অ্যাপ্লিকেশন সীমাবদ্ধ, যেগুলোর নকশা করা হয়েছে সুনির্দিষ্ট কোন সমস্যার সমাধান করার জন্য। এই খাতের একটি মাইলফলক মুহূর্ত আসে ১৯৯৭ সালে, যখন কম্পিউটার ডিপ ব্লু দাবায় তৎকালীন বিশ্ব চ্যাম্পিয়ন গ্যারি কাসপারভকে ছয়টি খেলার একটি ম্যাচে হারিয়ে দেয়। তা সত্ত্বেও ডিপ ব্লুকে মানুষ বিশেষভাবে নকশা করেছিল দাবা খেলার জন্য। কিন্তু পরবর্তীতে আবিষ্কৃত কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে আর সে কথা বলা যাবে না। উদাহরণ হিসাবে বলা যায়, আলফাগো জিরো সফটওয়্যার তিনদিন ধরে নিজের বিরুদ্ধেই “গো” (একটি বোর্ড গেম) খেলার পরে দক্ষতার দিক থেকে সুপার-হিউম্যান পর্যায়ে পৌঁছে গেছে। ‘‘কৃত্রিম বুদ্ধিমত্তার এই পদ্ধতি যতই শক্তিশালী হয়ে উঠবে, ততই এটি অতি বুদ্ধির অধিকারী হয়ে উঠবে। এটি হয়তো বেশিরভাগ ক্ষেত্রেই মানুষের সক্ষমতাকেও ছাড়িয়ে যাবে,’’ বলছে এক্সিসটেনশিয়াল রিস্ক সেন্টার। আর এ কারণেই অধ্যাপক



রাসেল বলছেন, মানুষের উচিত রোবট বা যন্ত্রের নিয়ন্ত্রণ নিজেদের হাতে রাখা। “আমরা জানি না, আমরা কী চাই” তিনি বলছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা যন্ত্রকে আরো বেশি সুনির্দিষ্ট উদ্দেশ্য বা কাজ ঠিক করে দেয়া এই সমস্যার সমাধান নয়। কারণ মানুষ নিজেরাই ঠিক মতো জানে না যে, এসব উদ্দেশ্য আসলে কী? “আমরা জানি না যে, কোন কিছু না ঘটা পর্যন্ত আসলে আমরা কোন কিছু পছন্দ করতে পারি না।” তিনি বলছেন। যে কারণে আমরা কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি করেছি, তার মূল ভিত্তিই আমাদের বদলে ফেলা উচিত তিনি বলছেন। তার মতে, রোবটকে নির্দিষ্ট উদ্দেশ্য ঠিক করে দেয়া এবং সেটি থেকে কৃত্রিম বুদ্ধিমত্তার শিক্ষা নেয়ার মতো ধারণা থেকে সরে আসা উচিত। “বরং সিস্টেমটা এমন হওয়া উচিত যেন সেটি জানতে না পারে যে, আসলে সে কী উদ্দেশ্যে কাজ করছে।” “যখন আপনি এভাবে সিস্টেমটি পরিচালনা করবেন, তখন সেটি আসলে মানুষের থেকে পিছিয়ে থাকবে। তারা কোন কিছু করার আগে প্রশ্ন করতে শুরু করবে, কারণ যন্ত্র তখন আর নিশ্চিত হতে পারবে না যে, আপনি কী চাইছেন।” অধ্যাপক রাসেল বলছেন, বিশেষ করে তখন যন্ত্রগুলো নিজেদের গুটিয়ে রাখবে, কারণ সেগুলো এমন কিছু করতে চাইবে না, যা আপনি অপছন্দ করতে পারেন। বাতির দৈত্য “আমরা যে পদ্ধতিতে কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি করেছি সেটি অনেকটা যেন বাতির ভেতরে থাকা দৈত্যের মতো। আপনি বাতি ঘষবেন, তখন দৈত্য বেরিয়ে আসবে আর আপনি বলবেন যে, আমি চাই এটা করা হোক।” বলছেন অধ্যাপক রাসেল “আর তখন যদি কৃত্রিম বুদ্ধিমত্তার যথেষ্ট ক্ষমতা থাকে, আপনি যা করতে বলবেন, সেটা ঠিক তাই করবে। আপনি যা চাইছিলেন, তাই পাবেন।” “এখন বাতির দৈত্যের সমস্যা হল, সেখানে তৃতীয় ইচ্ছার ব্যাপারটি থেকে যাচ্ছে। যদি বলেন প্রথম দুটো ইচ্ছা বাতিল করে আগের মতো করে দাও, কারণ আমরা আমাদের লক্ষ্য ভালোভাবে ঠিক করতে পারছি না।” “সুতরাং যদি একটি যন্ত্র এমন একটি উদ্দেশ্যে কাজ করতে শুরু করে, যা ঠিক নয়, তখন সেটি মানব সভ্যতার জন্য শত্রু হয়ে উঠতে পারে। যে শত্রু আমাদের চেয়ে অনেক শক্তিশালী হবে।”।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪ তম বৈঠক আগরতলায় অনুষ্ঠিত



আগরতলা/ নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারী ২০২৫: কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অধীন ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪ তম বৈঠক আজ আগরতলার রাজ্য অতিথিশালায় অনুষ্ঠিত হয়। আগরতলার রাজ্য অতিথিশালা সোনারতরীতে ব্রহ্মপুত্র বোর্ডের চেয়ারম্যান ডঃ রণবীর সিং এর পৌরোহিত্যে এই বৈঠকে বোর্ডের অন্যান্য সদস্যগণ, উত্তর পূর্বাঞ্চলের আট রাজ্য ও উত্তরবঙ্গের গোর্খা টেরিটরিয়াল এডমিনিস্ট্রেশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৈঠকে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদবও উপস্থিত ছিলেন।

বৃহত্তর আঞ্চলিক সহযোগিতার লক্ষ্যে এই প্রথমবার গোর্খা আঞ্চলিক প্রশাসনের প্রতিনিধিরা আলোচনায় অংশ নেন। ত্রিপুরা, সিকিম, পশ্চিমবঙ্গ, অসম, অরুণাচল প্রদেশ এবং মেঘালয়ের উপনদীগুলির জন্য নদী অববাহিকা মাস্টার প্ল্যান প্রস্তুত করার উদ্দেশ্যে এই বৈঠকে আলোচনা হয়। ব্রহ্মপুত্র অববাহিকা জুড়ে জল ব্যবস্থাপনা এবং বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থাকে মজবুত করার লক্ষ্যেও এই বৈঠক অনুষ্ঠিত হয়।

সভায় ব্রহ্মপুত্র নদীর জন্য একটি নতুন নদী দ্বীপ নীতির প্রণয়নের বিষয়েও আলোচনা হয়েছে, যা পরিবেশগত এবং প্রাতিষ্ঠানিক চ্যালেঞ্জগুলির সমাধান করবে। জলসম্পদ, নদী উন্নয়ন ও গঙ্গা পুনরুজ্জীবন বিভাগ, কেন্দ্রীয় জল কমিশন, উত্তর-পূর্ব স্পেস অ্যাপ্লিকেশন সেন্টার এবং ব্রহ্মপুত্র বোর্ডের বরিষ্ঠ আধিকারিকরা আলোচনায় অংশগ্রহণ করেন।

এই অঞ্চলে কার্যকর জল ব্যবস্থাপনার জন্য ব্রহ্মপুত্র বোর্ড কেন্দ্রীয় ও রাজ্য কর্তৃপক্ষের সমন্বিত প্রচেষ্টার উপর গুরুত্ব আরোপ করা হয়। বৈঠকে ব্রহ্মপুত্র অববাহিকার জন্য স্থায়ী সমাধানেই রূপরেখা বাস্তবায়নের জন্য সকল পক্ষদের উদ্দেশে আহ্বান জানানো হয়।

বৈঠক শেষে ব্রহ্মপুত্র বোর্ডের চেয়ারম্যান ডঃ রণবীর সিং বলেন, ব্রহ্মপুত্র বোর্ডের অধীন নয়টি নয়টি নদী উপত্যকার উন্নয়ন নিয়ে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়। নতুন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। এই অঞ্চলের জল সম্পদের উত্তম ভাবে পরিচালনার উদ্যোগ নিয়ে কাজ করে ব্রহ্মপুত্র বোর্ড। এই অঞ্চলের অন্তত ৭০ নদী চিহ্নিত করা হয়েছে যেগুলোর জন্য নদীর ক্ষয় রোধ, নদীতে পলি অপসারণ ইত্যাদি বিষয়ে মাষ্টার প্ল্যান নেওয়া হয়েছে। তিনি বলেন, ত্রিপুরায় আগেই গোমতী ও মহুরী নদীর জন্য মাষ্টার প্ল্যানের অনুমোদন দেওয়া হয়েছে। আজকের বৈঠকে ফেনী নদীর জন্য মাষ্টার প্ল্যানের অনুমোদন দেওয়া হয়েছে।

# জাতীয় সুরক্ষার জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ সরকার : রাজনাথ সিং

হায়দরাবাদ, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): জাতীয় সুরক্ষার জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ সরকার, অঙ্গীকারের কথা জানালেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। রাজনাথ সিং শুক্রবার দেশে উপলব্ধ আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক পরিকাঠামোর সর্বোত্তম ব্যবহার করে একটি বৈজ্ঞানিক মেজাজ তৈরি করতে এবং সীমান্ত প্রযুক্তিতে দক্ষতা অর্জনের জন্য তরুণদের আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, সরকার দেশের নিরাপত্তা ও সুরক্ষা জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহারে প্রতিশ্রুতিবদ্ধ। হায়দরাবাদে আয়োজিত দুই দিনব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তির বাহ্যিক অনুষ্ঠান হায়দরাবাদের গাছিবাউলি স্টেডিয়ামে বিজ্ঞান বৈভব-২০২৫-এর উদ্বোধনের পর বিপুল সংখ্যক শিক্ষার্থীদের উদ্দেশে প্রতিরক্ষামন্ত্রী জোর দিয়েছেন, বিজ্ঞানের প্রয়োগ মানবজাতির সর্বাঙ্গীণ উন্নয়নে মুখ্য ভূমিকা পালন করে।

তিনি বলেন, বিজ্ঞানের প্রগতিশীল উন্নয়ন অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি প্রধান কারণ হিসাবে রয়ে গেছে। তিনি তরুণ প্রজন্মকে ভবিষ্যৎ-প্রস্তুত করতে প্রয়োজনীয় স্বাস্থ্যকর বৈজ্ঞানিক বাস্তুতন্ত্রের ওপর জোর দেন।

# দিনভর ব্যস্ত সফর উপরাষ্ট্রপতির, রোপণ করেছেন চারাগাছ

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): সস্ত্রীক এক দিনের জন্য পশ্চিমবঙ্গ সফরে এসে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় কলকাতার সায়েন্স সিটিতে গৌড়ীয় মিশনের প্রতিষ্ঠাতা আচার্য্য শ্রীল প্রভুপাদের ১৫০-তম আবির্ভাব তিথি উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেন। এছাড়াও এদিন কলকাতার সায়েন্স সিটিতে তিনি ও তাঁর স্ত্রী সুদেশ ধনখড় তাঁদের প্রয়াত মা কেশরী দেবী ও ভগবতী দেবীর নামে দু’’টি গাছ রোপণ করেছেন।

দিনের শুরুতে সস্ত্রীক বীরভূমের তারাপীঠ মন্দিরে পুজো দেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়। তারা মায়ের কাছে দেশের প্রগতি ও মঙ্গল কামনায় প্রার্থনা করেছেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও তাঁর স্ত্রী সুদেশ ধনখড়। এদিন সকালে পশ্চিম বর্ধমান জেলার পানাগড় এয়ারফিল্ডে এসে পৌঁছন উপরাষ্ট্রপতি ও তাঁর স্ত্রী। তাঁদের স্বাগত জানান পশ্চিম বর্ধমান জেলার জেলাশাসক পোন্নাম্বালাম এস এবং আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধুরী।


**NOTICE INVITING TENDER FOR HIRING OF VEHICLE**

Sealed tender is hereby invited in plain paper from the interesting resourceful bonafide Indian citizen as individual, society or corporate body having experience of vehicle with financial capability for providing 1 (one) No M&M Bolero vehicle on the basis of the hire for a period of 6 (six) months, which may be extended time to time for movement of Hon'ble Sabhadipati of Dhalai Zilla Parishad, subject to observance of all codal formalities as per following format.

| Sl No | Model of the Vehicle | Registration No. | Petrol/ Disel | Detention charges (per day) | | Running charges per KM | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Figures | Words | Figures | Words |

The last date for submission/receipt of the tender is 6th March, 2025 upto 3.00 PM which will be opened in presence of the tenderer(s) of their authorized representatives on the same day at 4.00 PM in the Chamber of the Secretary, Dhalai Zilla Parishad, if possible. Tenders received after the above scheduled date and time will not be considered.

For more details information of the NIT, the office of the Secretary, Dhalai Zilla Parishad, Ambassa may be contacted.

ICA/C-4100/25

**Signed by**
**Bibhangsu Das**



**SHORT NOTICE INVITING e-TENDER NO. 33 /EE(AGRI)/S/2024-25.**

| SL. NO. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID |
|---|---|---|---|---|---|---|
| 1 | 55/EE/AGRI/(SOUTH)/2024-25 | Rs. 19,36,501.00 | Rs. 38,730.00 | 90 days | Up to 04.00. P.M. on 06/03/2025 | At 11.00 AM on 07/03/2025 |
| 2 | 54/EE/AGRI/(SOUTH)/2024-25 | Rs. 23,16,354.00 | Rs. 46,327.00 | 90 Days | | |
| 3 | 57/EE/AGRI/(SOUTH)/2024-25 | Rs. 23,54,975.00 | Rs. 47,100.00 | 90 days | | |

ICA/C-4099/25

**(Er. D. Jamatia)**
**Executive Engineer (South)**
**Department of Agriculture & Farmers Welfare**
**South, Udaipur.**


# ভূতুড়ে ভোটার প্রসঙ্গে শুভেন্দুর অভিযোগ খারিজ ফিরহাদের

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): শনিবার থেকেই বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা খতিয়ে দেখবেন ফিরহাদ হাকিম। অন্যান্য সব কাউন্সিলর এবং জেলার নেতৃত্বও সেই কাজ শুরু করবে। তবে এ বিষয়ে বিজেপির শুভেন্দু অধিকারী শুক্রবার যে অভিযোগ তুলছে তা নস্যাৎ করেছেন কলকাতার মেয়র। ভূতুড়ে ভোটার প্রসঙ্গে কড়া নির্দেশ দিয়েছেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। স্পষ্ট করেছেন, ভোটার তালিকা স্বচ্ছ করতে হবে। এই নির্দেশের পর তাঁর বিধানসভা কেন্দ্র ভবানীপুর থেকেই ভোটার তালিকার স্ক্রুটিনি শুরু হবে। বিজেপি ইতিমধ্যেই অভিযোগ করেছে, সেই এলাকার অন্তত ২০-২৫ হাজার হিন্দু ভোটারের নাম বাদ দিতেই এই কাজ শুরু করছে তৃণমূল।

এদিন পুরসভায় সাংবাদিক বৈঠক থেকে ফিরহাদ হাকিম এই প্রসঙ্গে বলেন, ’’’’ওরা (বিজেপি) মানুষে-মানুষে ভেদাভেদ করতে চায়, আমরা সবাইকে নিয়ে চলার পক্ষে।

গুজরাতি, বিহারি, শিখ সবাই আমার ভোটার।’’’’ গণতন্ত্রকে রক্ষা করতে চেয়েই মমতা বন্দ্যোপাধ্যায় এমন নির্দেশ দিয়েছেন বলে জানান মেয়র। বিজেপিকে নিশানা করে ফিরহাদের মন্তব্য, ’’’’গণতন্ত্র যাতে সত্যিকারের হয়, গণতন্ত্র নিয়ে যাতে সকলে বাঁচতে পারে, গণতন্ত্র যাতে হরণ না হয়ে যায়, সে কারণেই মুখ্যমন্ত্রী এ কথা বলেছেন। কোনও সম্প্রদায় বা ভাষা প্রসঙ্গে বলেননি। ওসব ভেদাভেদ বিজেপি করে।’’’’ প্রসঙ্গত, বৃহস্পতিবারই মমতা বন্দ্যোপাধ্যায় নিজের বাড়িতে ভবানীপুর বিধানসভা কেন্দ্র নিয়ে মেয়র ফিরহাদ হাকিম ও আট জন কাউন্সিলরকে ডেকে এ ব্যাপারে আরও একপ্রস্থ বৈঠক করেছিলেন। অনলাইন পদ্ধতিতে ভোটার তালিকায় নাম তোলার সুযোগ নিয়ে, কমিশনকে কাজে লাগিয়ে বিজেপি ভোটার তালিকায় ভূতুড়ে ভোটার ঢুকিয়ে দিচ্ছে বলে আগেই অভিযোগ করেছিলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই পদ্ধতিতেই পদ্ম শিবির মহারাষ্ট্র, দিল্লি দখল করেছে বলেও দাবি করেছিলেন তৃণমূল নেত্রী। এ ব্যাপারে নেতাজি ইন্ডোরের সভা থেকে রীতিমতো তথ্যপ্রমাণ তুলে ধরার পাশাপাশি, বইয়ে পড়া দাগানোর মতো করে দলের নেতা-কর্মীদের ’’টাস্ক’’ও বেঁধে দেন মমতা বন্দ্যোপাধ্যায়। কমিটিও তৈরি করেছেন।

## মলানদীঘি বেসরকারি মেডিক্যাল কলেজে নার্সিং ছাত্রীর রহস্যজনক মৃত্যু

দুর্গাপুর, ২৮ ফেব্রুয়ারি(হি.স.) : মলানদীঘির এক বেসরকারি মেডিক্যাল কলেজের হোস্টেলের ঘর থেকে নার্সিং ছাত্রীর রহস্যজনক দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। শুক্রবার দুপুরে এই ঘটনা ঘটে কাঁকসার মলানদীঘিতে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতার নাম সুপ্রিয়া কোটাল (২৩)। তিনি ওই কলেজের জিএনএম নার্সিং বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী এবং পাণ্ডবেশ্বরের উপর পাড়ার বাসিন্দা। কলেজ সূত্রে জানা গেছে, শুক্রবার দুপুর সাড়ে বারোটার দিকে নার্সিং হোস্টেলের কয়েকজন ছাত্রী ওয়ার্ডেনকে খবর দেন যে, সুপ্রিয়ার ঘরের দরজা বন্ধ রয়েছে। দীর্ঘ সময় ডাকাডাকি করেও কোনও সাড়া না পাওয়ায় কলেজ কর্তৃপক্ষ ও ওয়ার্ডেন দরজা ভেঙে দেখেন, সুপ্রিয়ার গলায় ওড়না বাঁধা অবস্থায় ঝুলন্ত দেহ রয়েছে। দ্রুত তাঁকে মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এরপর খবর দেওয়া হয় কাঁকসার মলানদীঘি ফাঁড়ির পুলিশকে। পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে যায়। সুপ্রিয়ার মা মহুয়া কোটাল বলেন, ’দুপুর সাড়ে বারোটার সময় আমাদের ফোন করে জানানো হয় যে সুপ্রিয়া আইসিইউতে ভর্তি আছে। কিন্তু এসে দেখি, আমার মেয়ে আর নেই।’ সুপ্রিয়ার আত্মীয় পাপাই রক্ষিত বলেন, ’সুপ্রিয়া বলেছিল, তাঁদের ব্যাচের ৫০ জন পাশ করেছে, আর দু’জন ফেল করেছে। তবে ওর মৃত্যুর আসল কারণ আমরা বুঝতে পারছি না।’ মেডিক্যাল কলেজ হাসপাতালের অতিরিক্ত সুপার ডা. রাজর্ষি গুপ্তা বলেন, ’সাড়ে বারোটা থেকে একটার মধ্যে এই ঘটনা ঘটেছে। ওয়ার্ডেন ছাত্রীদের কাছ থেকে খবর পেয়ে দরজা ভেঙে দেখেন, সুপ্রিয়া সংজ্ঞাহীন অবস্থায় পড়ে আছে। সঙ্গে সঙ্গেই তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়, যেখানে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে।’ পুলিশ ইতিমধ্যে ঘটনার তদন্ত শুরু করেছে।

## বাংলায় ৩৫-৪০ লক্ষ ভুয়ো ভোটার রয়েছে, কটাক্ষ অধীরের

মুর্শিদাবাদ, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): “শুধু ভুয়ো ভোটার নয়, কারচুপিরও তীর্থস্থান হয়ে গিয়েছে এই বাংলা। ভুয়ো ভোটারের ভাণ্ডার তৈরি হয়েছে রাজ্যে। বাংলায় ৩৫-৪০ লক্ষ ভুয়ো ভোটার রয়েছে।” বহরমপুরে সাংবাদিক বৈঠক করে শুক্রবার এমনই দাবি করলেন কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী।

নেতাজি ইন্ডোর স্টেডিয়াম থেকে বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ তুলেছিলেন, দিল্লি-মহারাষ্ট্রে ভুয়ো ভোটারের সাহায্যে বিজেপি নির্বাচন জিতেছে। এই পরিস্থিতিতে ভোটার তালিকা সংযোজন-বিয়োজনের তথ্য সংগ্রহে জনপ্রতিনিধিদেরও নির্দেশ দিয়েছে তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। তার একদিন পর বহরমপুর থেকে ভুয়ো ভোটার নিয়ে মমতার বিরুদ্ধেই তোপ দাগলেন অধীরবাবু।


**NOTICE INVITING TENDER**

**(NIT)PNIT No.: PNIe-T-28/EE/RD/TLM-DIV/2024-25, dt.24.02.2025**

The Executive Engineer, RD Teliamura Division, R D Department, Teliamura, Khowai, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage/item rate e-tender in single/ two bid system in Tripura PWD Form No. 7 from the eligible Central & State public sector undertaking/enterprise and eligible Contractors/Firms/Private Ltd. Firm/Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/ CPWD/Railway/ Govt. Organization of other State & Central for the following work/s:-

| SL. NO | DNIT No. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | COST OF BID FEE | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID | DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION | CLASS OF TENDERER |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | DNIeT No: eDT-31/B-T/MKJBS /SS/EE/RD/TLM-DIV/ 2024-25, DT:-24/10/2024(2nd Call). | Construction of 1(One) no Boys' Toilet at Murising Kami JB School, P.N Rupini (Elementary Level) under Teliamura RD Block, Khowai District as per PWD SoR 2023. | Rs. 4,85,430.00 | Rs. 9,709.00 | Rs. 1000.00 | 70 Days | 04.03.2025 up to 15.00 Hours. | 04.03.2025 Time 15.30 Hours. | https://tripuratenders.gov.in | Appropriate class |
| 2 | DNIeT No: eDT-74/OCS/KPS-MKGP/KLP/BEUP/E E/RD/TLM-DIV/2024-25, DT:31/01/2025(2nd Call). | Construction of Open Cultural Shed near Kalyanpur Police Station at Madhya Kalyanpur G.P under Kalyanpur R.D Block as per PWD SoR 2023. | Rs. 7,45,680.00 | Rs. 14,914.00 | Rs. 1000.00 | 100 Days | | | | |

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-4092/25

**Executive Engineer**
**RD Teliamura Division**
**Khowai District**



**PRESS NOTICE INVITING AUCTION NO: 27/EE/RD/TLM-DIV/2024-25, Dt. 24/02/2025**

On behalf of the Governor of Tripura, sealed separate percentage rate Auction Bid is invited from the enlisted contractors and valid Labour License holder issued from competent authority for the following work up to 3.00 PM of 03/03/2025.

| SL No | DNIA | Name of work | Reserve Value | Earnest Money | COST OF AUCTION FORM (₹) | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR e-bidding | TIME AND DATE OF OPENING OF TECHNICAL BID | DOCUMENT DOWNLOADINGAND BIDING AT APPLICATION | CLASS OFTENDERER |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | eNIA-75/DSMTL-OLD-OBB/MGK/EE/RD/TLM-DIV/2024-25, Dt. (06/02/2025,(2nd Call). | Invitation of Auction in connection with dismantling and demolishing of existing old OBB type Community Hall with half brick wall fitted with tubular truss and GCI sheet roofing in c/w construction of new 50 seated ST Boy's Hostel at Balaram Kobra HS School under Mungiakami RD Block. Plinth Area =99.00 Sqm. | Rs. 1,01,207.00 | Rs.2,024.00 | Rs. 1000.00 | 15 Days | 03.03.2025 Up to 3.00 PM | 03.03.2025 At 3.30 PM | https://tripuratenders.gov.in | Appropriate class |

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in.

ICA/C-4091/25

**Executive Engineer**
**RD, Teliamura Division Teliamura, Khowai District**


## ঝুলন্ত অবস্থায় যুবকের দেহ উদ্ধার ঝাড়খণ্ডে

রাঁচি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : রাঁচির সুখদেবনগর থানা এলাকার শুক্রবার সুমিত ভার্মা ওরফে টকলা-র মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। তার দেহ তাঁর বাড়িতে ঝুলন্ত অবস্থায় পাওয়া যায়। শুক্রবার সকালে স্থানীয় বাসিন্দারা দেহটি দেখতে পান

স্থানীয়দের দাবি, এটি আত্মহত্যা নয়, বরং পরিকল্পিত হত্যা। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে এবং মৃতদেহটি ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠায়। পুলিশ সূত্রে জানা যায় ,সুমিত ভার্মার অপরাধজগতের সঙ্গে পুরনো সম্পর্ক ছিল। মাত্র ১৭ বছর বয়সে সে নিজের শৈশবের বন্ধু অঙ্কুশ শর্মাকে নির্মমভাবে হত্যা করেছিল। সেই ঘটনায় পুলিশ তাকে গ্রেফতার করে প্রথমে হোমে পাঠায়, যেখানে এক বছর থাকার পর তাকে বিরসা মুন্ডা কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। জেল থেকে মুক্তি পাওয়ার পরও সে অপরাধ জগৎ থেকে সরে আসেনি। এরপর সে আবার নিজেরই এক বন্ধু, অবিনাশ কুমারকে ছুরি মেরে হত্যা করেছিল। কিছু মাস আগেই সে জেল থেকে ছাড়া পেয়েছিল। এক পুলিশ আধিকারিক জানান , গোটা ঘটনার তদন্ত চলছে।

## দর্শকদের বিনামূল্যে ইফতার দেবে এমিরেটস ক্রিকেট বোর্ড

দুবাই , ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : একদিন বাদেই শুরু হচ্ছে পবিত্র রমজান মাস। এই সময়ে পাকিস্তান এবং দুবাইয়ে চলছে চ্যাম্পিয়নস ট্রফি। এই আসরের সবগুলো ম্যাচ হবে দিন-রাত্রির। তাই গ্যালারিতে দর্শকদের ইফতার করার একটা চিন্তা আছে। সেই চিন্তা দূর করতে উদ্যোগ নিল এমিরেটস ক্রিকেট বোর্ড (ইসিবি)।

## নারী পাচার ও যৌন হেনস্থা রুখতে সক্রিয় উদ্যোগ

গোসাবা , ২৮ ফেব্রুয়ারি(হি.স.) : বাল্যবিবাহ রোধ, নারী পাচার ও যৌন হেনস্থার অপরাধের মোকাবিলা, মহিলাদের নিরাপত্তা ও সাইবার ক্রাইম সহ অত্যন্ত গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি সামাজিক সমস্যা ও তার মোকাবিলা কীভাবে সম্ভব সে বিষয়ে বিশেষ সচেতনতা শিবির অনুষ্ঠিত হল গোসাবার সুন্দরবন অসিত বরণ হাইস্কুলে। গোসাবা থানা ও একটি বেসরকারি সংস্থার উদ্যোগে স্কুল পড়ুয়াদের নিয়ে স্বয়ংসিদ্ধা প্রকল্পের অন্তর্গত এই বিশেষ সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় শুক্রবার। গোসাবা থানার এস আই জাহিদ আফতার মন্ডল, ওই বেসরকারি সংস্থার ব্লক ফিল্ড ম্যানেজার ঊষা মন্ডলের প্রচেষ্টা ও উদ্যোগে এই অনুষ্ঠানটি এলাকার পড়ুয়াদের সচেতন করতে অনুষ্ঠিত হয়। এই শিবিরে বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা ও পড়ুয়ারা উপস্থিত ছিলেন।


**PNIT NO:-75 /EE/RD/ SNMD/2024-25, Dt. 24/02/2025**

The Executive Engineer, RD Sonamura (Dhanpur) Division, R D Department, Sepahijala District, Tripura invites percentage rate e-tender (single stage two bid) in Tripura PWD Form No. 7 from eligible bidders up to 3.00 P.M. of 03/03/ 2025 for 1 (One) no. construction work amounting to Rs 2,55,226.00 approx. For details, visit website https:/ /tripuratenders.gov.in, Queries related to this PNIT may be sent to the email: eerdsonamura@rediffmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C- 4088/25

**xecutive Engineer RD Sonamura (Dhanpur) Division**



**ফরম ৪, রুল ৮**

**জাগরণ প্রকাশনা সংক্রান্ত**

**ঘোষণা**

| | | |
|---|---|---|
| প্রকাশনার স্থান | : | লক্ষ্মীনারায়ণ বাড়ি লেইন, আগরতলা, ত্রিপুরা। |
| প্রকাশনার সময় | : | প্রভাতি দৈনিক। |
| প্রকাশকের নাম | : | সন্দীপ বিশ্বাস জাগরণ ভবন, এল এন বাড়ি লেইন, আগরতলা, ত্রিপুরা। |
| নাগরিকত্ব | : | ভারতীয়। |
| সম্পাদকের নাম | : | সন্দীপ বিশ্বাস জাগরণ ভবন, এল এন বাড়ি লেইন, আগরতলা, ত্রিপুরা। |
| মুদ্রকের নাম | : | সন্দীপ বিশ্বাস জাগরণ ভবন, এল এন বাড়ি লেইন, আগরতলা, ত্রিপুরা। |
| সত্ত্বাধিকারীর নাম | : | সন্দীপ বিশ্বাস জাগরণ ভবন, এলএনবাড়ি লেইন, আগরতলা, ত্রিপুরা। |

আমি সন্দীপ বিশ্বাস এতদ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

তারিখ, আগরতলা ১ মার্চ, ২০২৫

স্বাঃ সন্দীপ বিশ্বাস




শুক্রবার আগরতলায় পালিত জাতীয় বিজ্ঞান দিবস

## উত্তর-পূর্ব ভারতে দিব্যাঙ্গজন ও প্রবীণ নাগরিকদের জন্য সহায়ক যন্ত্রাণুষঙ্গ উৎপাদন ও পরিষেবা প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ!

# ত্রিপুরার সিপাহীজলায় প্রথম অক্সিলিয়ারি প্রোডাকশন সেন্টার স্থাপন করতে চলেছে কেন্দ্রীয় সংস্থা আলিমকো

নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি ২০২৫:উত্তরপূর্বাঞ্চলে দিব্যাঙ্গজন ও প্রবীণ নাগরিকদের জন্য পরিষেবা প্রদান ও সহায়ক ডিভাইস (দিব্যাঙ্গদের সহায়ক সরঞ্জাম) সহজলভ্য করার লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গৃহীত হয়েছে। কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থা 'আর্টিফিশিয়াল লিম্বস ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন অফ ইন্ডিয়া' (আলিমকো) ত্রিপুরার সিপাহিজলা জেলার পূর্ব লক্ষ্মীবিল গ্রামে প্রথম অক্সিলিয়ারি প্রোডাকশন সেন্টার অর্থাৎ সহায়ক সরঞ্জাম উৎপাদন কেন্দ্র স্থাপন করতে চলেছে।

৪৫ কোটি টাকা বিনিয়োগে এই কেন্দ্র উত্তর-পূর্ব ভারতে সহায়ক ডিভাইস উৎপাদন ও পরিষেবা প্রদানের ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা করবে। এটি এই অঞ্চলের জন্য একটি স্বতন্ত্র উৎপাদন ও বিতরণ কেন্দ্র হিসেবে কাজ করবে, যা সহায়ক ডিভাইস সহজলভ্য করার পাশাপাশি স্থানীয় জনগণের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে।

আগামীকাল ১ মার্চ ২০২৫ তারিখে এই ইউনিটের স্থাপনার জন্য ভূমিপূজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা এবং কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী শ্রী বি এল ভার্মা। এছাড়া, এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ত্রিপুরা সরকারের সমাজকল্যাণ মন্ত্রী শ্রী টিঙ্কু রায়, পশ্চিম ত্রিপুরার সাংসদ শ্রী বিপ্লব দেব এবং বিশালগড়ের বিধায়ক শ্রী সুশান্ত দেব।

এই উদ্যোগটি আঞ্চলিক ক্ষমতায়ন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যা দিব্যাঙ্গ ব্যক্তিদের সেবা প্রদানে কেন্দ্রীয় সরকারের অঙ্গীকারকে আরও সুদৃঢ় করবে। সিপাহিজলা জেলায় জমি অধিগ্রহণ সহজতর করতে ত্রিপুরা সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, এবং ভারত সরকারের দিব্যাঙ্গজন ক্ষমতায়ন বিভাগের নির্দেশনায় তা দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

এই অনুষ্ঠানে এছাড়া উপস্থিত থাকবেন আলিমকো'র সিএমডি শ্রী প্রবীণ কুমার, ভারত সরকারের দিব্যাঙ্গজন ক্ষমতায়ন বিভাগের উপসচিব শ্রী এ কে পান্ডে, ত্রিপুরার সমাজকল্যাণ দফতরের ঊর্ধতন কর্মকর্তারা এবং সিপাহিজলা জেলা প্রশাসনের প্রতিনিধিরা।

# আলুর সহায়ক মূল্য বৃদ্ধির দাবিতে বাঁকুড়ায় কৃষকদের রাস্তা অবরোধ

বাঁকুড়া, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : আলুর সহায়ক মূল্য ১৩০০ টাকা নির্ধারণ-সহ একাধিক দাবিতে শুক্রবার বাঁকুড়ার বিভিন্ন এলাকায় রাস্তা অবরোধ করে আন্দোলনে নামল সংযুক্ত কৃষক মোর্চা। চাষিদের কাছ থেকে বর্তমান ৯০০ টাকার পরিবর্তে ১৩০০ টাকা কুইন্টাল দরে আলু কেনা, ১০০ দিনের কাজ নিশ্চিত করা এবং চালের দাম কমানোর দাবিতে জেলার বিভিন্ন স্থানে বিক্ষোভ অনুষ্ঠিত হয়। প্রধান অবরোধের ঘটনা ঘটে পুয়াবাগানে, যেখানে বাঁকুড়া-পুরুলিয়া ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান প্রাদেশিক কৃষক সভার সদস্যরা। প্রায় আধঘণ্টার এই অবরোধের ফলে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

জেলার আলুচাষিরা অভিযোগ করেছেন, বর্তমান পরিস্থিতিতে চাষের খরচও উঠে আসছে না। তারা ন্যায্য মূল্য পাচ্ছেন না, ফলে চরম আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

অনেকেই ঋণের বোঝায় জর্জরিত। অথচ, বছরের বেশিরভাগ সময় সাধারণ মানুষকে ৩০-৪০ টাকা কেজি দরে আলু কিনতে হয়। কৃষকরা মনে করছেন, সরকার নির্ধারিত সহায়ক মূল্য পর্যাপ্ত নয় এবং এটি বাড়িয়ে ১৩০০ টাকা করতে হবে, যাতে তারা ন্যায্য দাম পান ও সাধারণ ভোক্তারাও সুবিধা পান।

এছাড়া, রাজ্যের প্রতিটি কৃষক বাজারে সহায়ক মূল্যে ধান কেনা ও চালের ক্রমবর্ধমান দাম নিয়ন্ত্রণের দাবিও জানানো হচ্ছে। এই সমস্ত দাবিকে সামনে রেখে শুক্রবার সংযুক্ত কৃষক মোর্চার নেতৃত্বে বাঁকুড়ার বিভিন্ন এলাকায় আন্দোলন শুরু হয়। পুয়াবাগান ছাড়াও জেলার জয়পুর ব্লকের চাতরা মোড়, হীড়বাঁধ ব্লকের হাতিরামপুর মোড়, নিকুঞ্জপুর হাটতলা, এবং গঙ্গাজলঘাটি ব্লকের দুর্লভপুর মোড়ে একই দাবিতে পথ অবরোধ করে বিক্ষোভ দেখান কৃষক সংগঠনের সদস্যরা।

এবারের মৌসুমে বিভিন্ন প্রাকৃতিক কারণে ব্যাপক ক্ষতির মুখে পড়েছেন চাষিরা। কখনও ডিভিসির জল ছাড়ায়, কখনও অকাল বৃষ্টিতে ফসল নষ্ট হয়েছে। অতিরিক্ত কুয়াশার কারণে আলুসহ অন্যান্য ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।

এই পরিস্থিতিতে ক্ষতিপূরণের দাবিও তুলেছেন কৃষকরা। উল্লেখ্য, কৃষকদের অবস্থা বিবেচনা করে সম্প্রতি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কুইন্টাল প্রতি আলুর সহায়ক মূল্য ৯০০ টাকা ঘোষণা করেছেন। তবে কৃষকরা এতে সন্তুষ্ট নন এবং তারা ১৩০০ টাকা সহায়ক মূল্যের দাবিতে আন্দোলন চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন।

# ভোটার তালিকায় কারচুপির নিয়ে মমতার অভিযোগে কটাক্ষ শুভেন্দুর

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): দিল্লি আর মহারাষ্ট্রে বিজেপির বিরুদ্ধে ভোটার তালিকায় কারচুপির অভিযোগ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠিতে সে ব্যাপারে অভিযোগ করলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

শুভেন্দুবাবু সাংবাদিকদের বলেন, "দিল্লি আর মহারাষ্ট্রে নাকি বিজেপি জিতেছে হরিয়ানা আর গুজরাতের ভুয়ো ভোটারের মাধ্যমে। পশ্চিমবঙ্গে ভোটার তালিকার সংশোধন না করা হলে তিনি নির্বাচন কমিশনের দফতরের সামনে ধর্নায় বসবেন বলেছেন। মহারাষ্ট্রের ভোটার তালিকায় যে বেআইনি কিছু ছিল না, কমিশন আগেই তা জানিয়েছে। স্বচ্ছ ভাবে ওই তালিকা তৈরি করা হয়েছে। মমতা তা জানেন। তা সত্ত্বেও তিনি এই ধরনের মন্তব্য করছেন, জনগণের মনে অযথা উদ্বেগ সৃষ্টি করার উদ্দেশ্যে। কমিশনকে অপদস্থ করার এই প্রচেষ্টার বিরুদ্ধে পদক্ষেপের আর্জি জানাচ্ছি।"

২০২৬ সালে পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন। বৃহস্পতিবারের নেতাজি ইন্ডোরের সভা থেকেই দলের অন্দরে সেই ভোটের সুর বেঁধে দিয়েছেন মমতা। দলের কর্মীদের এই সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন। সেই সঙ্গে আক্রমণ করেছেন বিজেপিকে। শুক্রবারই মমতার বক্তব্যের বিরোধিতা করে কমিশনে চিঠি দিলেন শুভেন্দুবাবু।

# শোভন-রত্নার বিবাহবিচ্ছেদের মামলার দ্রুত নিষ্পত্তির নির্দেশ হাই কোর্টের

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): রাজ্যের প্রাক্তন মন্ত্রী শোভন চট্টোপাধ্যায়ের সঙ্গে তৃণমূল বিধায়ক রত্না চট্টোপাধ্যায়ের বিবাহবিচ্ছেদের মামলার দ্রুত নিষ্পত্তি করতে হবে, নিম্ন আদালতকে এমনটাই নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। খারিজ করে দেওয়া হল এই সংক্রান্ত রত্নার আবেদন। নিম্ন আদালতের বিচারপ্রক্রিয়াকে চ্যালেঞ্জ করে হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন রত্না। শুক্রবার বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্য্যের বেঞ্চে সেই মামলার শুনানি হয়।

আদালত জানিয়েছে, দীর্ঘ দিন ধরে নিম্ন আদালতে বিষয়টি বিচারাধীন। আর অযথা সময় নষ্ট করা যাবে না। দ্রুত এই মামলার নিষ্পত্তি করতে হবে। ২০১৭ সালে বিবাহবিচ্ছেদ চেয়ে আলিপুর আদালতে মামলা করেছিলেন শোভন। রত্না জানান, তাঁর তরফে গুরুত্বপূর্ণ কিছু ব্যক্তির সাক্ষ্য গ্রহণ করাই হয়নি। তার আগেই নিম্ন আদালতে বিচারপ্রক্রিয়া শুরু করে দেওয়া হয়েছে।

অন্য দিকে, শোভন নিজের পক্ষে সাক্ষী সাজাতে পর্যাপ্ত সময় পেয়েছেন। রত্নার তরফে মোট চার জন আদালতে সাক্ষ্য দেন। দাবি, তাঁর আরও কয়েক জন সাক্ষী ছিলেন। এই মামলায় তাঁদের বয়ান গুরুত্বপূর্ণ। আলিপুর আদালতে এই সংক্রান্ত আবেদন জানিয়েছিলেন রত্না। সেখানে তাঁর আবেদন খারিজ করে দেওয়া হয়। ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন বেহালা পূর্বের তৃণমূল বিধায়ক। হাই কোর্টে শোভনের পক্ষে এই মামলায় সওয়াল করেন তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

# স্বচ্ছ আর্থিক আইনের মাধ্যমে সমৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছে ভারত : ওম বিড়লা

নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): স্বচ্ছ আর্থিক আইনের মাধ্যমে সমৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছে ভারত। দাবি করেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। শুক্রবার নতুন দিল্লিতে পরিবর্তনশীল ল্যান্ডস্কেপ : মাই বিকশিত ভারত — ২০৪৭ থিমের উপর একটি সিম্পোজিয়ামে বক্তৃতার সময় লোকসভার স্পিকার বলেন, স্বচ্ছ আর্থিক আইনের মাধ্যমে সমৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছে ভারত।

সরকার কীভাবে আর্থিক আইনগুলিকে সহজ এবং স্বচ্ছ করার দিকে কাজ করছে তা তুলে ধরেন বিড়লা। তিনি উল্লেখ করেছেন, ভারতে এখন একটি ভাল বিনিয়োগের পরিবেশ রয়েছে এবং বিনিয়োগকারীরা বিনিয়োগের জন্য ভারতের দিকে তাকিয়ে আছে। তিনি আরও বলেন, ভারত সুস্থায়ী জীবনযাপনে বিশ্বের নেতৃত্ব দিচ্ছে এবং ভারতীয় আর্থিক প্রতিষ্ঠানগুলিও বিশ্বজুড়ে সম্মানিত হচ্ছে।

# সমাজের মূলস্রোতে আসার সিদ্ধান্ত, সুকমায় আত্মসমর্পণ ৭ নকশালের

সুকমা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): ছত্তিশগড়ের সুকমায় অস্ত্র ছেড়ে সমাজের মূলস্রোতে আসার সিদ্ধান্ত নিল ৭ জন নকশাল। শুক্রবার ৭ জন নকশাল আত্মসমর্পণ করেছে। সুকমার এসপি কিরণ জি চাভা বলেছেন, 'জেলা পুলিশ এবং সিআরপিএফ দ্বারা পরিচালিত নকশাল বিরোধী অভিযানের দ্বারা অনুপ্রাণিত হয়ে ৭ জন নকশাল আত্মসমর্পণ করেছে। ব্যাটালিয়ন নম্বর ১-এর ক্যাডার, যাকে আমরা (মাদভি) হিডমার ব্যাটালিয়ন বলে মনে করি, আত্মসমর্পণ করেছে।'

এসপি আরও জানান, 'যারা আত্মসমর্পণ করেছে, তারা গার্ড অথবা কমান্ডার। যাদের মাথার দাম ছিল ৩২ লক্ষ টাকা। তারা সরকারের নিয়াদ নেলনার যোজনা, নিরাপত্তা শিবির এবং জেলার উন্নয়নমূলক কাজের মতো প্রগতিশীল কাজগুলি দ্বারা প্রভাবিত হয়ে আত্মসমর্পণ করেছে।'

# নরেন্দ্রপুরে রক্তাক্ত অবস্থায় উদ্ধার বৃদ্ধ, শুরু হয়েছে তদন্ত

নরেন্দ্রপুর, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরে ঘরের মধ্যে নিজেই নিজের গলা কাটার চেষ্টা বৃদ্ধের। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে নরেন্দ্রপুর থানার অন্তর্গত সাহাপাড়া এলাকায়। আশঙ্কাজনক অবস্থায় তাকে ভর্তি করা হয়েছে একটি বেসরকারি হাসপাতালে। ওই বৃদ্ধের নাম মানস চৌধুরী (৭৫)। তিনি ও তার স্ত্রী নন্দিতা চৌধুরী দু''জনেই বাড়িতে থাকতেন। নন্দিতা দেবী স্কুল শিক্ষিকা।

শুক্রবার সকালে নন্দিতা দেবী লাফিং ক্লাবে গিয়েছিলেন। সাধারণত দু''জনেই যেতেন সেখানে, কিন্তু শুক্রবার মানস বাবু যাননি। তাদের দুই ছেলের একজন সেনাবাহিনীতে কর্মরত, অন্যজন দুবাইতে থাকেন। স্ত্রী বাড়ি ফিরে রক্তাক্ত অবস্থায় স্বামীকে দেখেন। তিনি চিৎকার করেন ও সবার সাহায্য চান। সেই শুনে দৌড়ে আসে প্রতিবেশীরা। তারা উদ্ধার করে তাকে নিয়ে যায় হাসপাতালে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে নরেন্দ্রপুর থানার পুলিশও। শুরু হয়েছে তদন্ত। কেন আত্মহত্যার চেষ্টা করছিলেন তিনি খতিয়ে দেখছে পুলিশ।

## অলিম্পিক, এশিয়ান ও কমনওয়েলথ গেমসের জন্য হরিয়ানায় তৈরি হবে ক্রীড়া নার্সারি

চণ্ডীগড়, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): হরিয়ানা সরকার রাজ্যে নতুন ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে অলিম্পিক, এশিয়ান এবং কমনওয়েলথ গেমসের জন্য প্রস্তুতি শুরু করেছে। এই উদ্দেশ্যে রাজ্য সরকার শুক্রবার ক্রীড়া নার্সারি প্রকল্প ২০২৫-২৬ ঘোষণা করেছে। এই প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত নার্সারিগুলিতে আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে খেলোয়াড়দের প্রশিক্ষণ দেওয়া হবে।

## বাংলাদেশে হিন্দু নিপীড়নের প্রতিবাদে সরব বিজেপির উদ্বাস্তু সেল, ডেপুটি হাইকমিশনারকে স্মারকলিপি প্রদান

দুর্গাপুর, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : বাংলাদেশে হিন্দুদের উপর চলমান অত্যাচারের প্রতিবাদে বিজেপির উদ্বাস্তু সেল সরব হয়েছে। শুক্রবার দুর্গাপুর মহকুমাশাসকের মাধ্যমে বাংলাদেশের ডেপুটি হাইকমিশনারকে স্মারকলিপি প্রদান করেছে সংগঠনটি। বিজেপির উদ্বাস্তু সেলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, ২০২৪ সালের আগস্ট থেকে বাংলাদেশে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের উপর লাগাতার নির্যাতন চলছে। হিন্দুদের বাড়িঘর পুড়িয়ে দেওয়া, হত্যা, চাকরিচ্যুতি, মঠ-মন্দির ধ্বংস, নারীদের উপর যৌন নিপীড়ন এবং জোরপূর্বক ধর্মান্তকরণের মতো ঘটনা ঘটছে। এসবের প্রতিবাদে সরব হওয়ায় সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণকে কারাবন্দি করা হয়েছে। সংগঠনের দাবি, বাংলাদেশে ভারতীয় জাতীয় পতাকা অবমাননার ঘটনা ঘটছে, যেখানে পরিকল্পিতভাবে শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ুয়াদের দিয়ে তাতে পদচারণা করানো হচ্ছে। এসব ঘটনার ভিডিও ভাইরাল হলেও, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার নীরব ভূমিকা পালন করছে। ভারত-বিরোধী স্লোগান উঠছে, কিন্তু সরকার কোনও ব্যবস্থা নিচ্ছে না। এদিকে, সীমান্ত পরিস্থিতিও উত্তপ্ত। মালদার বৈষ্ণবনগর এলাকার সুখদেবপুরে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী ও বাংলাদেশের সীমান্ত রক্ষী বাহিনীর মধ্যে উত্তেজনা চলছে। বিজিবি সীমান্তে কাঁটাতারের বেড়া তুলতে বাধা দিচ্ছে এবং বাংলাদেশি অনুপ্রবেশকারীরা অবৈধভাবে ভারতের ভূখণ্ডে প্রবেশ করে ফসল নষ্ট করছে। তবে সীমান্তবর্তী গ্রামবাসীরা প্রতিরোধ গড়ে তুলেছে। বিজেপির উদ্বাস্তু সেলের পক্ষে আরও জানানো হয়েছে, ২০২৪ সালের ৫ আগস্ট থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রায় ২,২০০ হিন্দু বাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে, ২৩০ জন হিন্দুকে হত্যা করা হয়েছে, ৬৩১ জনকে জোরপূর্বক চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। অসংখ্য হিন্দু মন্দির ভাঙচুর এবং হিন্দু নারীদের ধর্ষণের ঘটনা ঘটেছে। পটুয়াখালিতে এক হিন্দু মহিলা পুলিশ কনস্টেবলকে ব্যারাকে ধর্ষণ করে হত্যা করা হয়েছে, রংপুরে প্রকাশ্যে বাসের মধ্যে হিন্দু মহিলাকে ধর্ষণ করা হয়েছে। সংগঠনের সহ-আহ্বায়ক কৃষ্ণ মাল বলেন, 'আমরা গভীরভাবে উদ্বিগ্ন। বাংলাদেশের স্বাধীনতার সময় যেসব হিন্দু মুক্তিযোদ্ধা আত্মত্যাগ করেছিলেন, আজ তাদের বংশধররাই সে দেশে নিরাপদ নয়। হিন্দুদের দেশছাড়া করা এবং ধর্মান্তরিত করার ষড়যন্ত্র চলছে।' তিনি আরও বলেন, 'আমরা ইউনুস সরকারের নীরবতা ও প্রশ্রয়কে ধিক্কার জানাই। বাংলাদেশের হিন্দুদের সুরক্ষা নিশ্চিত করতে হবে, ধর্মীয় বৈষম্য বন্ধ করতে হবে এবং সংখ্যালঘুদের উপর অত্যাচারের অবসান ঘটাতে হবে।' বিজেপির উদ্বাস্তু সেলের দাবি, অবিলম্বে এই হিংসা বন্ধ করতে হবে এবং হিন্দুদের নিরাপদে বসবাসের ব্যবস্থা করতে হবে।

# মমতা ও অভিষেকের মধ্যে কোনও পার্থক্য নেই : সুকান্ত মজুমদার

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়কে একযোগে আক্রমণ করলেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। ভোটার তালিকা প্রসঙ্গে মমতার অভিযোগ প্রসঙ্গে শুক্রবার সুকান্ত মজুমদার বলেছেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করছেন, কারণ ২০২৬ সালের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে তাঁর পরাজয়ের পরে তাঁর একটি আলিবির প্রয়োজন হবে। মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ একটি ষড়যন্ত্রের দিকে ইঙ্গিত করে যে, তিনি পশ্চিমবঙ্গের হিন্দু এবং অবাঙালিভাষী মানুষজনের ভোটার তালিকা থেকে নাম মুছে ফেলার চেষ্টা করছেন।'

অভিষেককে আক্রমণ করে সুকান্ত বলেছেন, 'অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের মধ্যে কোনও পার্থক্য নেই। তিনি যে ধরনের দুর্নীতিই করেন না কেন, মমতা বন্দ্যোপাধ্যায় তা সবই জানেন। আমরা অভিষেক বন্দ্যোপাধ্যায়কে (আমাদের দলে) মেনে নিতে প্রস্তুত নই। কেন আমরা একটি পচা আলু নেব?'

# অতর্কিতে অ্যাসিড হামলার শিকার খড়দহের গৃহবধূ, অভিযুক্ত গ্রেফতার

উত্তর ২৪ পরগনা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): কাজ করতে করতে অতর্কিতে অ্যাসিড হামলার শিকার হলেন খড়দহের এক গৃহবধূ। তাঁর মাথায়, মুখে প্রতিবেশী এক যুবক আচমকাই অ্যাসিড ঢেলে দিয়েছে বলে অভিযোগ। ঘটনার অভিযোগ পেয়ে সঙ্গে সঙ্গে রহড়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্তকে গ্রেফতার করে।

শুক্রবার দুপুরে খড়দহ পুরসভার ২ নম্বর ওয়ার্ডের এলপি কলোনিতে ঘটে অ্যাসিড হামলার ঘটনাটি। অ্যাসিড আক্রান্ত মহিলাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় বারাকপুর বিএন বসু মহকুমা হাসপাতালে। তাঁর মাথার চুল ও মুখের বেশ খানিকটা অংশ পুড়ে গিয়েছে বলে জানান চিকিৎসকরা। তাঁর অবস্থা আপাতত সংকটজনক।

স্থানীয় সূত্রে জানা যাচ্ছে, তারক দাস নামে একজনের বাড়িতে ভাড়া থাকতেন আক্রান্ত গৃহবধূ ও অভিযুক্ত উভয়েই। গৃহবধূ স্বামী ও সন্তানকে নিয়ে বাড়ির একটি ঘরে ভাড়া থাকেন। পাশের ঘরের ভাড়াটে অভিযুক্ত সুজিত কুমার দেবনাথ। অভিযোগ, এদিন দুপুরে আক্রান্ত গৃহবধূ বাড়ির উঠোনে কাজ করছিলেন। সেই সময় আচমকাই পাশের ঘরের ভাড়াটিয়া সুজিত দেবনাথ ওই গৃহবধূর পিছন থেকে মাথায় ও মুখে অ্যাসিড ঢেলে দেয়।

অ্যাসিড হামলায় গৃহবধূর মুখ ও মাথার অংশ পুড়ে যায়। তিনি চিৎকার করে উঠলে আশপাশের ঘর থেকে সকলে বেরিয়ে আসেন। এমন কাণ্ড দেখে শিউরে ওঠেন তাঁরা। আক্রান্ত মহিলার স্বামী অশোক দাস জানান, "আমি বাড়িতে ছিলাম না, কাজে গিয়েছিলাম। ভাইপো ফোন করে জানাল এরকম ঘটনা ঘটেছে। বুঝলাম না কেন এই ঘটনা ঘটল। ওদের সঙ্গে আমাদের কখনও কোনও ঝগড়া ছিল না।"

# পুরকর্তা সাসপেন্ড, উষ্মা পুর-আধিকারিকদের

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): বিশ্বকর্মা পুজোর ছুটির বদলে দু'দিন ছুটির নোটিস জারি করে শো কজের চিঠি পেয়েছিলেন কলকাতা পুরসভার শিক্ষা বিভাগের চিফ ম্যানেজার সিদ্ধার্থশঙ্কর ধাড়া। শো কজের জবাব দিতে না পারায় তাঁকে সাসপেন্ড করা হয়েছে। নির্দেশিকার পরে পুরসভার আধিকারিকদের একাংশ ক্ষুব্ধ। প্রকাশ্যে তাঁরা অভিযোগ না জানালেও আড়ালে কেউ কেউ জানিয়েছেন, নীতিগত সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তাঁদের স্বাধীনতা কমল।

বস্তুত, বিশ্বকর্মা পুজোর ছুটি বিতর্কে বৃহস্পতিবার নেতাজি ইন্ডোরের সভায় চক্রান্তের অভিযোগ করেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এর ঠিক পরেই অভিযুক্তর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়। তার মধ্যে একটি বিজ্ঞপ্তিও জারি করেন কলকাতা পুরসভার কমিশনার ধবল জৈন। পুর কমিশনারে নির্দেশিকায় বলা হয়েছে, এ বার নীতি নির্ধারণের ক্ষেত্রে ঊর্ধতন কর্তৃপক্ষের অনুমোদন আবশ্যিক। যদি কোনও আধিকারিক এই নির্দেশিকা উপেক্ষা করেন, সে ক্ষেত্রে কড়া পদক্ষেপ করা হবে।

নামপ্রকাশে অনিচ্ছুক এক পুর-আধিকারিকের কথায়, "আমরা কাজ করার সময় স্বাভাবিক ভাবে কিছু সিদ্ধান্ত নিয়ে থাকি। এখন প্রতিটি বিষয়ে ঊর্ধতনদের অনুমোদন নিতে হলে প্রশাসনিক কাজকর্মে গতি কমে যাবে।" কলকাতা পুরসভার স্কুলগুলিতে বিশ্বকর্মা পুজোর ছুটি বাতিল করে ইদের ছুটি দু'দিন করা হয়েছে বলে অভিযোগ তোলে বিজেপি। সেখান থেকে বিতর্কের সূত্রপাত। তবে পুর কর্তৃপক্ষের বক্তব্য, তাঁরা ওই নোটিস সম্পর্কে কিছুই জানতেন না। নোটিসটি বাতিলও করা হয়েছে বলে বিবৃতি দেন পুর কমিশনার ধবল।

অন্য দিকে, ছুটি-বিতর্কের মধ্যে পুরসভার শিক্ষা বিভাগের চিফ ম্যানেজারকে শো কজ করা হয়। কিন্তু নির্দিষ্ট সময়সীমার মধ্যে তিনি উত্তর-না দেওয়ায় তাঁকে সাসপেন্ডের চিঠি দিয়েছেন কলকাতা পুরসভার কমিশনার। পুরসভা কর্তৃপক্ষের দাবি, কারও সঙ্গে আলোচনা না করে ছুটির বিজ্ঞপ্তি জারি করেছিলেন সিদ্ধার্থবাবু। মুখ্যমন্ত্রী বলেন, "পুরসভার ওই অফিসার ইচ্ছাকৃত ভাবে এই নির্দেশ জারি করেছিলেন। এটা এক ধরনের বদমায়েশি।"

# দুজন শিক্ষাকর্তার দু''রকম তথ্যে ক্ষুব্ধ বিচারপতি, ফের হাজিরার নির্দেশ

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): নিয়োগ মামলায় প্যানেল নিয়ে দুজন শিক্ষাকর্তার দু''রকম তথ্যে ক্ষুব্ধ বিচারপতি প্রকাশ্যেই ভর্ৎসনা করলেন। ফের দুজনকে সশরীরে আদালতে উপস্থিত থাকার নির্দেশ দিয়েছেন বিচারপতি। আদালতের নির্দেশ অমান্য করার অভিযোগ উঠেছিল মালদা জেলা প্রাথমিক শিক্ষা সংসদ বা ডিপিএসসির চেয়ারম্যানের বিরুদ্ধে। ওই মামলায় মালদা ডিপিএসসির চেয়ারম্যান বাসন্তী বর্মন এবং কমিশনার অফ স্কুল এডুকেশনকে শুক্রবার আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছিলেন বিচারপতি।

মামলায় এদিন কমিশনের তরফে আদালতে জানানো হয় ৩১২ জনের নামই প্যানেলে প্রকাশিত হয়েছে এবং তাঁদের দ্রুত নিয়োগপত্র দেওয়া হবে। অন্যদিকে ডিপিএসসির তরফে আদালতে জানানো হয়, ২৪৫ জনের লিস্ট ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এদের বিরুদ্ধে পর্যবেক্ষণে জানানো হয়েছে কেউ ২০১০ সালের অ্যাডমিট কার্ড দেখাতে পারেনি। অনেকে পরীক্ষাতে বসেনি।

নিয়োগের প্যানেল নিয়ে দুজন শিক্ষাকর্তা দু''রকম তথ্য তুলে ধরায় যারপরনাই ক্ষুব্ধ বিচারপতি দুজনকেই তীব্র ভর্ৎসনা করে বলেন, যথেষ্ট হয়েছে! আপনারা যে বক্তব্য আদালতে জমা দিয়েছেন তা পরস্পর বিরোধী!

এরপরই বিচারপতি জানিয়ে দেন, আদালতে জমা দেওয়া কমিশন ও ডিপিএসসির হলফনামা খতিয়ে দেখা হবে। আগামী শুক্রবার এই মামলার শুনানি হবে। সেদিন দুই শিক্ষা কর্তাকে আদালত সূত্রের খবর, ২০০৯ সালের নিয়োগ প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগে হাইকোর্টে মামলা দায়ের হয়েছিল। ওই মামলা কলকাতা হাইকোর্টের ভিন্ন বেঞ্চ এবং সুপ্রিম কোর্ট ঘুরে আবার হাইকোর্টে ফিরে আসে গত বছর।

## কুণালের নেতৃ, চাকরিপ্রার্থীদের "হাইকোর্ট-চলো", দ্রুত নিয়োগের দাবিতে বিক্ষোভ

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): তৃণমূল নেতা কুণাল ঘোষের নেতৃ, শুক্রবার হলো চাকরিপ্রার্থীদের "হাইকোর্ট-চলো" অভিযান!তবে, রানি রাসমণি অ্যাভিনিউয়েই মিছিল আটকে দেয় পুলিশ। মামলার "ফাঁসে" আটকে চাকরি, দ্রুত নিয়োগের দাবিতে ছিল এই বিক্ষোভ। ২০১৬-র এসএলএসটি শারীর-কর্ম শিক্ষায় চাকরিপ্রার্থীদের মিছিল।

কুণাল ঘোষ বলেন, "এরা হচ্ছে এসএলএসটি ওয়ার্ক এডুকেশন এবং ফিজিক্যাল এডুকেশন। এরা যোগ্য। পুরো দস্তুর যোগ্য। এদের কোনও সিবিআই নেই। সুপ্রিম কোর্টে সম্পর্ক নেই। রাজ্য সরকার, এদের দাবিতে সাড়া দিয়ে, সব আইনি দিক খতিয়ে দেখে এদের নিয়োগ দিয়ে দিয়েছেন। কিন্তু বিকাশ ভট্টাচার্য্য একটা অন্যায় মামলা করে, এদের নিয়োগ আটকে রেখেছে।"

## বিশেষভাবে সক্ষম ভাইয়ের আবাস যোজনার টাকা আত্মসাত করার অভিযোগ বোনের বিরুদ্ধে

ক্যানিং , ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : বিশেষভাবে সক্ষম ভাইয়ের নামে আসা আবাস যোজনার টাকা আত্মসাত করার অভিযোগ উঠল বোনের বিরুদ্ধে। বারবার টাকা চেয়েও না মেলায় এবার থানার দ্বারস্থ হলেন ভাই জামালউদ্দিন মোল্লা। বোন আমিনা শেখের বিরুদ্ধে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন তিনি। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ক্যানিংয়ের গোপালপুর গ্রাম পঞ্চায়েতের হেরোভাঙা এলাকার ঘটনা।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, মাথা গোঁজার ঘর ঠিক মত না থাকায় পঞ্চায়েতের তরফে জামালউদ্দিনের নামে আবাস যোজনার ঘরের সুপারিশ করা হয়েছিল। সেই ঘরের প্রথম কিস্তির টাকা অ্যাকাউন্টেও জমা পড়ে। কিন্তু অভিযোগ জামালের বোন সেই টাকা নানা অছিলায় অ্যাকাউন্ট থেকে তুলে নেয়। ফলে টাকার অভাবে ঘর করতে পারছেন না জামাল।

# আইনজীবী কল্যাণকে 'হুমকি', রত্নাকে বক্তব্য জানাতে বলল হাই কোর্ট

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): কলকাতার প্রাক্তন মেয়র শোভন চট্টোপাধ্যায়ের স্ত্রী রত্না চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে হুমকি দেওয়ার অভিযোগ তুলেছিলেন আইনজীবী তথা তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। এই বিষয়ে কলকাতা হাই কোর্টেরও দৃষ্টি আকর্ষণ করেছিলেন তিনি। এ বার এই বিষয়ে রত্নার বক্তব্য জানতে চাইল উচ্চ আদালত।

এ ব্যাপারে কলকাতা হাই কোর্টের দৃষ্টি আকর্ষণ করেন কল্যাণ। তার পরিপ্রেক্ষিতে শুক্রবার বিচারপতি হিরন্ময় ভট্টাচার্য রত্নার কৈফিয়ত চান। বিচারপতি রত্নার আইনজীবীকে বলেন, দুপুরের মধ্যে আপনার মক্কেলের বক্তব্য জানান। এদিন বিচারপতি প্রথমেই কল্যাণের অভিযোগের প্রেক্ষিতে রত্নার বক্তব্য জানতে চেয়েছিলেন। রত্নার আইনজীবী আদালতের কাছে আর্জি জানিয়ে বলেন, "দু'পক্ষকে নির্দেশ দেওয়া হোক, প্রকাশ্যে বা সংবাদমাধ্যমে যেন কোনও মন্তব্য না করেন।"

বিচারপতি বলেন, "ওই বিষয়ে দু'দিন থেমে যেতে বলেছিলাম। আপনারা কেন কোনও অবস্থান জানালেন না? এটা কি আশা করতে পারি না?" শোভনের আইনজীবী রত্নার বিরুদ্ধে অভিযোগ জানিয়ে এজলাসে বলেন, "একটি সংবাদমাধ্যমে উনি বলেছেন, 'আমি তো কল্যাণদার কথাতেই শোভনকে বিবাহবিচ্ছেদ দিচ্ছি না। হাই কোর্টে এক ঘণ্টা ধরে কত পরামর্শ দিয়েছেন। বিবাহবিচ্ছেদ দিবি না, লড়াই কর, আমি তোর পাশে আছি।' এই ধরনের মন্তব্য আদালত অবমাননা। রত্না আরও বলেছেন, 'কল্যাণ পাল্টি খাচ্ছেন, পাল্টি খেয়ে গেলেন...' এই মন্তব্য ব্যবহার কি ঠিক? এটা কোনও সমালোচনা নয়, ব্যক্তিগত ভাবে আক্রমণ করা হয়েছে।" রত্নার আইনজীবীর উদ্দেশে বিচারপতি বলেন, "অযথা এই ধরনের সমস্যা তৈরি করেছেন।" বিচারপতি রত্নার বক্তব্য জানতে চান। জানান, এই পরিস্থিতিতে মূল আবেদনের উপর প্রভাব পড়বে। শোভন-রত্নার দাম্পত্যে চিড় ধরে কয়েক বছর আগেই। আলিপুর আদালতে চলছিল তাঁদের বিচ্ছেদ মামলা। সেখানে রত্না আর্জি জানান, আরও কিছু লোকের সাক্ষ্য নেওয়া হোক। নিম্ন আদালত সেই আর্জি নাকচ করে দেয়। সেই রায়কে চ্যালেঞ্জ করে হাই কোর্টের দ্বারস্থ হয়েছেন রত্না। সেখানেই শোভনের হয়ে সওয়াল করছেন কল্যাণ।

# চলতি বছরের শেষ নাগাদ যক্ষ্মা নির্মূল করবে ভারত : জে পি নাড্ডা

পুরী, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): চলতি বছরের শেষ নাগাদ যক্ষ্মা নির্মূল করবে ভারত। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা। তিনি বলেছেন, এই বছরের মধ্যে ভারত থেকে যক্ষ্মা (টিবি) নির্মূল করার সমস্ত প্রচেষ্টা চলছে। তিনি বলেন, যদিও বিশ্ব ২০৩০ সালের মধ্যে যক্ষ্মাকে নির্মূল করার প্রতিশ্রুতি নিয়েছে, তবে এই বিষয়ে যেভাবে কাজ চলছে তা অসাধারণ এবং দেশ এই বছরের মধ্যে যক্ষ্মা নির্মূল করবে বলে আশা করা যেতে পারে।

শুক্রবার সকালে ওড়িশার পুরীতে ভারতের পাবলিক হেলথ কেয়ার সিস্টেমে ভাল, প্রতিলিপিযোগ্য অনুশীলন এবং উদ্ভাবনের উপর নবমতম জাতীয় শীর্ষ সম্মেলনের উদ্বোধন করে নাড্ডা বলেন, ২০১৭ সালে সরকার একটি নতুন স্বাস্থ্য নীতি গ্রহণ করার পরে প্রচুর সংস্কার এসেছে। যেখানে মাতৃমৃত্যুর হার (এমএমআর) এবং শিশু মৃত্যুর হার দ্বিগুণ কমেছে। নাড্ডা জানিয়েছেন, ভারতের জনসংখ্যার ৯০ শতাংশ "আয়ুষ্মান ভারত" যোজনার সুবিধা পাচ্ছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টৌলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# মেগা আইনি শিবির অনুষ্ঠিত গৌরাঙ্গটিলা স্কুল মাঠে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২৮ ফেব্রুয়ারি:খোয়াই জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের উদ্যোগে শুক্রবার গৌরাঙ্গা টিলা হাই স্কুল মাঠে ত্রিপুরা রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষের অধীনে এক মেগা আইনি পরিষেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। আইনি সচেতনতা বৃদ্ধি এবং জনগণের দোরগোড়ায় বিনামূল্যে আইনি পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয় ছিল।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ বেদ প্রতিম দেববর্মা, সাব-ডিভিশনাল লিগ্যাল সার্ভিসেস কমিটির চেয়ারম্যান ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ মানবেন্দ্র দেববর্মা, অতিরিক্ত সাব-ডিভিশনাল ম্যাজিস্ট্রেট অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী (টিসিএস), অতিরিক্ত পুলিশ সুপার প্রবীর পাল, খোয়াই বার অ্যাসোসিয়েশনের সভাপতি ননী গোপাল দেবনাথ, লক্ষ্মীনারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান মনোজ দেব, স্থায়ী লোক আদালতের সদস্য সমীর কুমার দাস এবং সিনিয়র বিজ্ঞানী ড. মনোজ সিং সাচার (দিব্যোদয় খোয়াই) সহ অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দরা। অনুষ্ঠানে বক্তারা জনগণের আইনি অধিকার, আইনি পরিষেবার গুরুত্ব এবং বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার উপায় নিয়ে বক্তব্য রাখেন। এছাড়াও, বিভিন্ন সরকারি দপ্তর ও সামাজিক সংস্থাদের সহযোগিতায় আইনি পরামর্শ, সরকারি প্রকল্প সম্পর্কে সচেতনতা এবং অন্যান্য নাগরিক সুবিধা সংক্রান্ত স্টল স্থাপন করা হয়, যা স্থানীয় বাসিন্দাদের জন্য কার্যকর ভূমিকা রাখে। তবে, জনগণের জন্য বিনামূল্যে আইনি সহায়তা প্রদান এবং সচেতনতা বৃদ্ধির মতো মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে আয়োজিত এই ক্যাম্প নিঃসন্দেহে প্রশংসনীয় ও প্রয়োজনীয়।

# সদর মহকুমা শাসক অফিসের নতুন ভবনের শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী, জানালেন জেলা শাসক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি: এবার গড়ে তোলা হচ্ছে সদর মহকুমা শাসক অফিসের নবভবন, আর এর শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী। শুক্রবার এক সাক্ষাৎকারে জানালেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডঃ বিশাল কুমার।

এবার গড়ে তোলা হবে সদর মহকুমা শাসক অফিসের নব ভবন। সদর মহকুমা শাসক অফিসের নব ভবনটি জি প্লাস টু টাইপ করার জন্য প্রথম ধাপে খরচ করা হবে ১৭ কোটি টাকা। শীঘ্রই নির্মাণ কাজ শুরুর জন্য শনিবার অনুষ্ঠিত হবে ভূমিপূজন। আর এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে নবভবন নির্মাণ কাজের শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী ডা মানিক সাহা। শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে এক সাক্ষাৎকারে একথা বলেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডঃ বিশাল কুমার। তিনি উল্লেখ করেন ভবনটির নির্মাণ হলে সদর মহকুমা শাসক অফিসের কাজকর্ম সেখান থেকেই পরিচালনা হবে। এছাড়ও এ বিষয়ে বিস্তারিত জানান জেলাশাসক।

# সোনামুড়া মহকুমাভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট সার্চ প্রোগ্রাম অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ২৮ ফেব্রুয়ারি: সোনামুড়া স্পোটিং অ্যাসোসিয়েশন মাঠে আজ অনুষ্ঠিত হলো সোনামুড়া মহকুমাভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট সার্চ প্রোগ্রাম। মহকুমার চারটি ব্লক একটি পুর পরিষদ এবং একটি নগর পঞ্চায়েতের অনূর্ধ ১০ এবং অনূর্ধ ১৪ বালক বালিকাদের সর্বমোট আটটি ইভেন্টের এই প্রতিযোগিতা।

যুব বিষয়ক এবং ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত মহকুমাভিত্তিক এই প্রতিযোগিতার সূচনা করেন সিপাহীজলা জেলা পরিষদের সহ-সভাপতি পিন্টু আইচ। এছাড়া উপস্থিত ছিলেন চারটি ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন সহ জেলা পরিষদ সদস্য গন এবং সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শসীমোহন দেববর্মা প্রমুখ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে মহকুমা ক্রীড়া এবং যুব আধিকারিক মধুসূদন দেববর্মা মাস ব্যাপী চলা বিভিন্ন স্কুল এবং ব্লক তার পাশাপাশি পুরো পরিষদ এবং নগর পঞ্চায়েত ভিত্তিক যে প্রতিযোগিতা গুলি অনুষ্ঠিত হয়েছে তার জন্য আয়োজকদের ধন্যবাদ জানান পাশাপাশি তিনি বলেন সর্বমোট আটটি বিষয়ের উপর অনুষ্ঠিত হবে প্রতিযোগিতা মহকুমা থেকে বিজয়ীরা জেলা এবং রাজ্যস্তরে অংশ নেবে। মহকুমা প্রতিযোগিতাকে কেন্দ্র করে ছাত্র-ছাত্রীদের মধ্যে যথেষ্ট উৎসাহ পরিলক্ষিত হয়।

# জালাল খেদমত আল ইনসান ফাউন্ডেশনের পক্ষ থেকে রাঙ্গামাটি মাদ্রাসায় বিশুদ্ধ পানীয় জলের ট্যাঙ্ক প্রদান

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২৮ ফেব্রুয়ারি: সোনামুড়া রাঙ্গামাটি মাদ্রাসার মধ্যে বিশুদ্ধ পানীয় জল পান করার জন্য ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের মধ্যে পিউরিফাই ঠান্ডাফ্রিজ জেনেটর মেশিন দান করেন জালাল খেদমত আল ইনসান ফাউন্ডেশনের চেয়ারম্যান,তথা ডক্টর :আলী আশ্রাব মিয়া। আজ দুপুরে মাদ্রাসার প্রিন্সিপাল তথা, মুফতী তৈয়ীবুর রহমান সাহেবের মুক্ত হস্তে দান করেন ৮১ হাজার টাকার মেশিন যা ঠান্ডা পানীয় জল খাওয়ার জন্য উপযুক্ত। মূলত রমজান মাসকে সামনে রেখে ছাত্র-এবং শিক্ষকদের কষ্ট এবং গরমের হাত থেকে রেহাই পাওয়ার জন্য তার এই প্রচেষ্টা।

# কিশোরীর শ্লীলতাহানির অভিযোগে অশান্তি, হাসপাতালের কর্মী গ্রেফতার

উত্তর ২৪ পরগনা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): রক্তচাপ মাপার নাম করে কিশোরীর শ্লীলতাহানির অভিযোগ উঠল হাসপাতালের কর্মীর বিরুদ্ধে। অভিযুক্ত স্বাস্থ্যকর্মীর শাস্তির দাবিতে রাস্তায় আগুন জ্বালিয়ে বিক্ষোভ দেখান স্থানীয়রা। পুলিশ ইতিমধ্যেই অভিযুক্তকে গ্রেফতার করেছে।

জানা গিয়েছে, শারীরিক অসুস্থতা নিয়ে ওই কিশোরী বৃহস্পতিবার হাড়োয়া গ্রামীণ হাসপাতালে ভর্তি হয়। শুক্রবার ভোরবেলা হাসপাতালে এক কর্মী তার রক্তচাপ মাপতে গিয়েছিলেন। সব সেরে চলে যাওয়ার পর কিছুক্ষণ পর তিনি আবারও ওই কিশোরী কাছে আসেন। ফের রক্তচাপ মাপা হবে বলে অন্য ঘরে নিয়ে গিয়ে সেখানেই শ্লীলতাহানির চেষ্টা করেন তিনি।

অভিযুক্তকে ধাক্কা মেরে ওই কিশোরী পালিয়ে আসার চেষ্টা করলে তাকে ঘরের মধ্যে আটকে দেন। তারপরই কিশোরী চিৎকার শুরু করে। তখন ভয়ের চোটে সেখান থেকে পালিয়ে যান অভিযুক্ত। নিজের ওয়ার্ডে ফিরে এসেই ওই কিশোরী তার মাকে স্বাস্থ্যকর্মীর কীর্তির কথা বলে।

কিশোরীর পরিবারের লোকেরা ওই স্বাস্থ্যকর্মী শাস্তির দাবিতে হাসপাতালে বিক্ষোভ দেখান। হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টিতে গুরুত্ব না দেওয়ায় পরিবারের লোকজন ও স্থানীয় বাসিন্দারা হাসপাতালের সামনের রাস্তায় আগুন জ্বালিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। অভিযুক্ত স্বাস্থ্যকর্মীকে গ্রেফতার করা হয়।

# ত্রিপুরা রাজ্যের অগ্রগতির জন্য মহিলাদের স্বনির্ভরতার উপর গুরুত্ব মুখ্যমন্ত্রীর

আগরতলা, ২৮ ফেব্রুয়ারি: মহিলাদের স্বশক্তিকরনের উপর বিশেষ গুরুত্ব দিয়েছে রাজ্য সরকার। রাজ্যে পণ সংক্রান্ত মামলাগুলি শূন্যে নামিয়ে আনার জন্য একাধিক পদক্ষেপ নিয়েছে সরকার। এজন্য ৮জন ডেপুটি কালেক্টরকে ডিস্ট্রিক্ট ডাউরি প্রহিবিশন অফিসার এবং মহকুমা শাসককে ডাউরি প্রহিবিশন অফিসার হিসেবে নিযুক্ত করা হয়েছে। ত্রিপুরায় পণ সংক্রান্ত মামলার সংখ্যা খুব কম। কিন্তু তবুও আমরা ঝুঁকি নিতে চাই না এবং আমরা চাই যে এই জাতীয় মামলা পুরোপুরি নির্মূল হোক। আমরা চাই না যে কোনও মহিলা পণ সম্পর্কিত সমস্যার মুখোমুখি হোক। তাই সরকার একাধিক পদক্ষেপ নিয়ে কাজ করছে।

শুক্রবার আগরতলার ৩৩ নং পুর ওয়ার্ডের মহিলা স্বশক্তিকরণ কমিটির উদ্যোগে আয়োজিত 'স্বাবলম্বী নারী, স্বাবলম্বী ত্রিপুরা' শীর্ষক আলোচনা সভায় একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহিলাদের স্বশক্তিকরনের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। সংখ্যালঘু অংশের মা বোনেদের কথা চিন্তা করে এবং তাদের সম্মান রক্ষায় তিন তালাক প্রথা বিলুপ্ত করার উদ্যোগ নিয়েছেন তিনি। মহিলারা হচ্ছেন আমাদের চালিকা শক্তি। সংসারে তাদের একটা বিরাট গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। আমাদের সমাজের ৫০ শতাংশ হচ্ছেন মহিলা। তাই ঘরের মধ্যে তারা চালিকা শক্তি হলে কেনই বা সমাজে হবেন না? তাদের কথা চিন্তাভাবনায় রেখে প্রধানমন্ত্রীর দিশায় ত্রিপুরা সরকার কাজ অব্যাহত রেখেছে। আমরা সবসময় নারীদের শক্তির প্রতীক হিসেবে চিহ্নিত করি। রাজ্যে বর্তমান সরকার আসার পর মহিলাদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে। অথচ পূর্বতন সরকার শুধু তাদের মিছিল মিটিংয়ের কাজে ব্যবহার করেছে।

মুখ্যমন্ত্রী বলেন, প্রতি বছর ৮ মার্চ দিনটিকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করা হয়। আমাদের ডাবল ইঞ্জিন সরকার মহিলাদের অধিকার রক্ষা এবং সম্মান ও সচেতনতা বৃদ্ধির কাজ করে যাচ্ছে। আমরা মহিলাদের স্বশক্তিকরনের কথা বলছি। এর পাশাপাশি তাদের সুরক্ষা ও অর্থনৈতিক অবস্থার উন্নয়নে বিশেষ নজর দিয়েছে সরকার। আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের ফলে এখন মহিলারা মাথা উঁচু করে দাঁড়ানোর সাহস পাচ্ছেন। শুধু পুরুষদের মাধ্যমে দেশের উন্নয়ন করা সম্ভব নয়। আজ মহিলারা পাইলট হচ্ছেন, মহাকাশে পাড়ি দিচ্ছেন, ট্রেন চালাচ্ছেন, গাড়ি চালাচ্ছেন। আগে আমরা যেটা ভাবি নি সেটাই এখন করছেন তারা। ডাক্তার, ইঞ্জিনিয়ার সহ সবক্ষেত্রেই মহিলাদের অগ্রগতি প্রত্যক্ষ হচ্ছে। কোন অবস্থায় পুরুষদের থেকে পিছিয়ে নেই মহিলারা। বরং পাল্লা দিয়ে অনেক ক্ষেত্রে সামনের দিকে এগিয়ে যাচ্ছে তারা।

মুখ্যমন্ত্রী বলেন, আমাদের রাজ্য সরকার ত্রিপুরা স্টেট পলিসি ফর এমপাওয়ারমেন্ট অফ ওমেন ২০২২ সালে চালু করেছে। মূলত, মহিলাদের কল্যাণে এটা করা হয়। ত্রিস্তর পঞ্চায়েতে ৫০ শতাংশের উপর অংশীদারিত্ব তাদের দেওয়া হয়েছে। আরবান লোক্যাল বডির নির্বাচনের ক্ষেত্রেও ৫০ শতাংশের উপর আসন দেওয়া হয়। পুর সংস্থার ক্ষেত্রেও সেটা করা হয়েছে। মহিলাদের অধিকার রক্ষায় শুধু কথাই নয়, কাজের মাধ্যমেও করে দেখিয়েছি আমরা। মহিলারা এখন আমাদের কর্মসূচিগুলিতে স্বতঃস্ফূর্তভাবে যোগ দিচ্ছেন। যেখানে আগে তারা রেগা কার্ড বাতিলের হুমকির মুখে বিভিন্ন কর্মসূচিতে অংশ নিতে বাধ্য হতেন। আগে এমএনরেগা থেকে প্রাপ্ত অর্থ মধ্যস্থতাকারীদের দ্বারা সংগ্রহ করা হত। তবে এখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রচেষ্টার কারণে মধ্যস্থতাকারীদের সাথে কোনও লিঙ্ক রাখতে হয় না এবং মজুরি সরাসরি তাদের ব্যাংক অ্যাকাউন্টে জমা হয়। এটাই স্বচ্ছতা। আমাদের সরকারের কারণে এটা সম্ভব হয়েছে। আমরা টিএসআর বাহিনীতে মহিলাদের জন্য ৩৩ু রিজার্ভেশন নিশ্চিত করেছি।

মুখ্যমন্ত্রী বলেন, সরকার চায় নারীরা যাতে গুণমানসম্পন্ন শিক্ষা গ্রহণ করতে পারে। আমরা শুধু আগরতলার কথা ভাবি না। দেখা গেছে আর্থিকভাবে সক্ষম না হওয়ায় অনেক মেয়েকে স্কুল ছাড়তে হয়েছে। এজন্য আমরা ছাত্রীদের জন্য সমস্ত ধরণের ফি মুকুব করার উদ্যোগ নিয়েছি। গন্ডাতুইসায় একটি নতুন ৫০ বেডের ছাত্রী হোস্টেল স্থাপন করা হয়েছে। আমরা সমস্ত জেলায় মহিলা পরিচালিত পুলিশ স্টেশনও গড়ে তুলেছি।

সভায় বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির প্রদেশ সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, পুর কর্পোরেটর অভিজিত মল্লিক, সদর আরবান জেলার সভাপতি অসীম ভট্টাচার্য, বড়দোয়ালি মন্ডলের সভাপতি শ্যামল কুমার দেব, মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা সহ অন্যান্য অতিথিগণ।

# স্টেট পলিউশন কন্টোল বোর্ড এবং ন্যাচারাল ক্যাম্পিং এর উদ্যোগে কমলপুরে ছাত্রছাত্রীদের নিয়ে শিক্ষামূলক ভ্রমণ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ২৮ ফেব্রুয়ারি: স্টেট পলিউশন কন্টোল বোর্ড এবং ন্যাচারাল ক্যাম্পিং এর উদ্যোগে এবং ৪টি বিদ্যালয়ের ইকো ক্লাবের ব্যবস্থাপনায় ছাত্র-ছাত্রীদের নিয়ে এক শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হয়।

ত্রিপুরা স্টেট পলিউশন কন্টোল বোর্ড এবং ন্যাচারাল ক্যাম্পিং এর উদ্যোগে এবং ৪টি বিদ্যালয়ের ইকো ক্লাবের ব্যবস্থাপনায় শুক্রবার কমলপুর মহকুমার ৪টি বিদ্যালয়ের মোট ৫০ জন ছাত্র-ছাত্রীরা সবুজায়নে শিক্ষা মূলক জ্ঞান লাভের জন্য মহকুমার প্রত্যন্ত সালেমা অঞ্চলের কচুছড়া থানার ""সবুজ প্রান্তের"" ভ্রমণে যায়। ছাত্র ছাত্রীদের গাইড করছেন ৪টি বিদ্যালয়ের ইকো ক্লাবের শিক্ষক শিক্ষিকাগন।

মহকুমার প্রত্যন্ত কচুছড়া থানার "সবুজ প্রান্ত" বিস্তর জায়গা জুড়ে প্রাকৃতিক সৌন্দর্যে গড়ে উঠেছে। পরিষ্কার পরিচ্ছন্নতার মাধ্যমে রকমারি গাছ, গাছারি ও বাহারি ফুলের ঘেরা মনোরম প্রাকৃতিক পরিবেশ। যা আমাদের অজানা। ছাত্র ছাত্রীরা ভাল অভিজ্ঞতা নিয়ে ফিরবে। শুক্রবার কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠ থেকে কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, সরকারি ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, ফুলছড়ি হাইস্কুল ও নোয়াগাঁও হাইস্কুলের ৫০ জন ছাত্র ছাত্রী সহ বিদ্যালয়ের ইকো ক্লাবের শিক্ষক শিক্ষিকাগন যাত্রা শুরু করেন।

# বাইকের ধাক্কায় মহিলা সহ আহত ২

● প্রথম পাতার পর

স্থানীয়রা দমকল পৌঁছানোর আগেই আহত মহিলাকে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে গিয়েছেন। আর দমকলকর্মীরা আহত বাইক চালককে উদ্ধার করে হাসাপাতালে নিয়ে গিয়েছে।

# দুই কোটি টাকার ইয়াবা উদ্ধার

● প্রথম পাতার পর

মূল্যের অন্যান্য নিষিদ্ধ জিনিসপত্র জব্দ করেছে।

মাদক চোরাচালানের ক্রমবর্ধমান প্রবণতা মোকাবেলায় বিএসএফ তার সতর্কতা এবং অপারেশনাল প্রচেষ্টাকে উল্লেখযোগ্যভাবে জোরদার করেছে। জব্দকৃত পণ্য পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কাস্টমস বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে।

# জমি পতিত না রাখার পরামর্শ কৃষিমন্ত্রীর

● প্রথম পাতার পর

হয়েছে প্রায় ৫কোটি ৬৬লাখ টাকা। রাজ্য সরকার কৃষকদের সবচেয়ে বেশী গুরুত্ব দিচ্ছে। তাই কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরে বিভিন্ন পদে প্রচুর সংখ্যক লোক নেওয়া হবে। সেই সঙ্গে তিনি আরো বলেন কোন জমি যেন পতিত রাখা না হয়। যদি কোন জমিতে ধান চাষ না হয় তবে অন্য ধরনের ফল বা সবজি চাষ করেন।

তাঁর কথায়, রাজ্য সরকার এমনকি কেন্দ্র সরকারও কৃষকদের সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। গ্রাম গরিব এবং কৃষককে আর্থিক ভাবে উন্নত করতে পারলেই দেশের অগ্রগতি হবে। সেই সঙ্গে তিনি স্বচ্ছতার উপর অনেক গুরুত্ব দেন। নবনির্মিত বাজারটিকে যাতে পরিষ্কার পরিচ্ছন্ন করে রাখা হয় এই আহবান জানান মন্ত্রী। তাছাড়া, কৃষি এবং কৃষক কল্যাণ দপ্তরের তরফে এদিন স্থানীয় এলাকার দুইজন সুবিধাভোগির মধ্যে দুটি পাওয়ার টিলার তুলে দিয়েছেন মন্ত্রী।

# ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষা

● প্রথম পাতার পর

কড়ুইমুড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, পূর্ব গকুলনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও সেকেরকোট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষাস্থলগুলি পরিদর্শন করেন। পর্ষদের ওএসডি পল্লব কান্তি সাহা মহারাণীপুর মাধ্যমিক বিদ্যালয়, নেতাজীনগর মাধ্যমিক বিদ্যালয়, সারদাময়ী বিদ্যাপীঠ, বিবেকানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, উত্তর ঘিলাতলী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং পর্ষদের ওএসডি জ্যোতির্ময় রায় ডিসি পাড়া, হেমন্ত স্মৃতি বিদ্যামন্দির, চৌধুরীবাড়ি উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সংহতি ইংরেজী মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, রাণীরবাজার বিদ্যামন্দির ও রাণীগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পরীক্ষাস্থলগুলি পরিদর্শন করেন। আগামী ১ মার্চ উচ্চমাধ্যমিকের কেমিস্ট্রি/পলিটিক্যাল সায়েন্স, মাদ্রাসা ফাজিল আর্টস'র পলিটিক্যাল সায়েন্স এবং মাদ্রাসা ফাজিল থিওলজি ইসলামিক স্টাডিস বিষয়ে পরীক্ষা নেওয়া হবে।

# ছাত্রছাত্রীদের প্রযুক্তিগত

● প্রথম পাতার পর

রেখে আমাদের এগিয়ে যেতে হবে। যুবাদের ক্ষমতায়ণে তাদের বিজ্ঞান শিক্ষায় অগ্রাধিকার দিতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তি ছাড়া একটি দেশ ও জাতি এগিয়ে যেতে পারেনা। তাই অধ্যাপক, অধ্যাপিকা, শিক্ষক ও শিক্ষিকাগণকে ছাত্রছাত্রীদের বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করতে হবে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব ড. কে শশীকুমার বলেন, বিকশিত ভারতের জন্য চাই বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশ। এলক্ষ্যে বর্তমান প্রজন্মকে উদ্ভাবনী চিন্তা নিয়ে এগিয়ে যেতে হবে। স্বাগত বক্তব্য রাখেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং। উদ্বোধনী অনুষ্ঠানের পর বিশিষ্ট বিজ্ঞানী ড. অবিনাশ চৌহান, এনআইটি'র অধ্যাপক মৃণাল কান্তি দেববর্মা এবং টেকনো কলেজ অব ইঞ্জিনীয়ারিং এর অ্যাসোসিয়েট প্রফেসর ড. শাওলী বর্ধন টেকনিক্যাল সেশনে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এই অনুষ্ঠানের অঙ্গ হিসেবে সুকান্ত একাডেমী প্রাঙ্গণে ত্রিপুরা রাজ্যের বিভিন্ন কারিগরি মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা এই থিমের উপর বিভিন্ন বিজ্ঞান মডেল প্রদর্শন করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন সুকান্ত একাডেমী বিজ্ঞান, কলা ও সংস্কৃতি অডিটোরিয়ামের সিনিয়র সায়েন্টিফিক অফিসার ভবতোষ দত্ত।

# উন্নয়নের কাজে রাজনীতি

● প্রথম পাতার পর

আর রক্ত দিতে আসলে শরীরের কোন ধরণের সমস্যা রয়েছে কিনা সেটা পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে চিহ্নিত করা যায়। এতে নিজের শরীরে কোন রোগ ব্যাধি রয়েছে কিনা সেটা ধরা পড়ে। তাই এধরণের রক্তদান শিবির করা খুবই প্রয়োজন। রক্ত ছাড়া বাঁচা যাবে না। সমাজের ভালোর জন্যও ভালো কাজ করার প্রয়োজন রয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী আরো বলেন, রক্তের চাহিদা বাজার থেকে কিনে পূরণ করা সম্ভব নয়। একমাত্র সেটা পূরণ করা সম্ভব এধরণের রক্তদান কর্মসূচির মাধ্যমে। রক্তদানের চাইতে বড় দান আর কিছুই হয় না। হাসপাতালে অপারেশনের সময়েও রক্তের প্রয়োজন হয়। সেজন্য অপারেশনের আগে প্রয়োজনীয় রক্তের মজুত রাখতে হয়। রক্তের চার ধরণের শ্রেণী বিন্যাস রয়েছে। এরমধ্যে রয়েছে পজিটিভ ও নেগেটিভ রক্ত। আমাদের ত্রিপুরা রাজ্যে রক্তের কোন সমস্যা হলে মানুষ সাহায্যের হাত বাড়িয়ে দেয়। কোভিডের সময়েও আমার আহ্বানে সাড়া দিয়ে মানুষ স্বতঃস্ফূর্তভাবে স্বেচ্ছা রক্তদানে এগিয়ে এসেছেন। কিছুদিন আগেও রাজ্যে ভয়াবহ বন্যার মতো প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় সরকারের সমস্ত দপ্তরের পাশাপাশি সাধারণ মানুষ সহায়তার হাত বাড়িয়ে দিয়েছেন। ৩/৪ দিনের মধ্যেই আমরা পরিস্থিতি মোকাবিলা করতে সক্ষম হয়েছি।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত কার্যক্রমে সারা দেশের মধ্যে ত্রিপুরা সর্বপ্রথম হয়েছে। আজ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে জিএসডিপি ক্ষেত্রে আমাদের ত্রিপুরা রাজ্য দ্বিতীয় সর্বোচ্চ স্থানে রয়েছে। সবদিক দিয়ে বেস্ট পারফর্মিং স্টেট এবং ফ্রন্ট রানার হয়েছে ত্রিপুরা। মাথাপিছু আয়ের ক্ষেত্রেও ত্রিপুরা উত্তর পূর্বের রাজ্যগুলির মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ স্থানে রয়েছে। অথচ সারা দেশের মধ্যে ত্রিপুরা হচ্ছে তৃতীয় ক্ষুদ্রতম একটি রাজ্য। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের মধ্যে একাগ্রতার অভাব নেই। ভারতবর্ষের মানচিত্রে এখন মানুষ ত্রিপুরাকে চিনতে পারে। আগে আমরা দেখতাম শুধু জিন্দাবাদ জিন্দাবাদ করা হতো। উন্নয়নমূলক কোন কাজ করা হলে বাঁধা দেওয়ার চেষ্টা হতো। কমিউনিস্টরাই রাজ্যে চাকরি প্রদান সহ বিভিন্ন ক্ষেত্রে সমস্যা তৈরি করে গেছে। আর এখন আমাদের সরকার সেসব সমস্যা সমাধানের চেষ্টা করছে। রাস্তাঘাট থেকে শুরু করে ড্রেনের সংস্কার সহ সব ক্ষেত্রেই সমস্যা তৈরি করে গিয়েছে তারা। ঋণ তারা রেখে গিয়েছেন। আর এখন আমাদের সেই ঋণ পরিশোধ করতে হচ্ছে। গত অর্থ বছরে আমাদের বাজেট ছিল ২৭,৮০০ কোটি টাকা। এবার হয়তো আরেকটু বাড়বে। আমাদের নিজস্ব বিভিন্ন ক্ষেত্র থেকে ৩,৭০০ কোটি টাকা আসে। সেখান থেকেও ২৫ এডিসিকে দিতে হয়। কিন্তু এরপরও আমরা উন্নয়নমূলক কাজ করে যাচ্ছি। আমাদের ডাবল ইঞ্জিন সরকারের এই একটা সুবিধা। আমাদের প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকার সহায়তার হাত বাড়িয়ে দেয়।

এদিকে রাজধানীর লেইক চৌমুহনী বাজারে উচ্ছেদ অভিযান নিয়ে সংবাদ মাধ্যমকে দেওয়া প্রতিক্রিয়ায় মুখ্যমন্ত্রী বলেছেন, সাধারণ মানুষের প্রয়োজনে উন্নয়নমূলক কাজ নিয়ে রাজনীতি না করাই ভালো।

অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িক মীনা রানী সরকার, ৩৯ নং পুর ওয়ার্ডের কর্পোরেটর অলক রায় সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ।

# প্রয়াত হলেন ত্রিপুরার 'মঙ্গল শাঁখ'

● আটের পাতার পর

মহকুমা কমিটি প্রফুল্ল দেবনাথের প্রয়ানে গভীর শোক ও শ্রদ্ধা নিবেদন করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে। তাছাড়া এদিনে বিশালগড় কড়ুইমুড়া বিদ্যালয় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাক্তন সহকারী প্রধান শিক্ষকের মৃত্যুতে এক মিনিট নিরবতা পালন করা হয়। বিশালগড় রঘুনাথপুর মহাশ্মশান ঘাটে ওনার শেষকৃত্য সম্পন্ন করা হয়। এত প্রফুল্ল চন্দ্র দেবনাথের শেষ যাত্রায় বিশালগড়বাসীর উপস্থিতি ছিল লক্ষণীয়।উনার মৃত্যুতে শোকাহত গোটা বিশালগড়।

# অঙ্গন

## অনামিকা, প্রীয়াঙ্কার দারুন সাফল্য
## চ্যাম্পিয়ন ব্লাডমাউথ, তরুণ সংঘ রানার্স

**তরুণ সংঘ - ১৭৮** **ব্লাড মাউথ - ১৮০/৭**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সিনিয়র মহিলা ক্রিকেটে অপরাজিত চ্যাম্পিয়ন ব্লাডমাউথ ক্লাব। মরশুমের প্রথম ট্রফি ঘরে আসলো ব্লাডমাউথ ক্লাবের। শুক্রবার উত্তেজনাপূর্ণ ফাইনালে ব্লাডমাউথ ক্লাব ৩ উইকেটে পরাজিত করে তরুণ সঙ্ঘকে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র মহিলাদের একদিবসীয় ক্রিকেটে। পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে অনুষ্ঠিত ম্যাচে তরুণ সঙ্ঘের গড়া ১৭৮ রানের জবাবে ব্লাডমাউথ ক্লাব ১৮ বল বাকি থাকতে ৭ উইকেটে হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের অনামিকা দাস ৭৭ রান করেন। বিজীত দলের ইন্দ্ররাণী জমাতিয়া ৭৪ রান এবং প্রীয়াঙ্কা সাহা ৫ উইকেট দখল করেন। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে ইন্দ্র রানী জমাতিয়ার দুরন্ত ব্যাটিংয়ে ব্লাড মাউথ ক্লাবের বিরুদ্ধে লড়াকু স্কোর গড়লো তরুণ সংঘ। দল ৪৯.৫ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১৭৮ রান করে। প্রাথমিক বিপরয়য় কাটিয়ে দলকে সম্মানজন স্কোর করাতে মুখ্য ভূমিকা নেন ত্রিপুরা সিনিয়র মহিলা দলের ব্যাটসম্যান ইন্দ্র রানী। ইন্দ্র ৮৯ বল খেলে দশটি বাউন্ডারির সাহায্যে ৭৪ রান করেন। এছাড়া দলের পক্ষে শিউলি চক্রবর্তী ৬৯ বল খেলে ২১, রুম্পা সিনহা ৩০ বল খেলে একটি বাউন্ডারি সাহায্যে ১৫ এবং ঝুমকি দেবনাথ ১৭ বল খেলে দুটি বাউন্ডারি সাহায্যে এগারো রান করেন। দলের আর কোন ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দল অতিরিক্ত খাতে পায় ২৫ রান। ব্লাড মাউতের পক্ষে প্রিয়া ত্রিপুরা ২৭ রানে তিনটি এবং অন্বেষা দাস ৩০ রানে দুটি উইকেট দখল করেন। যবে খেলতে নেমে ব্লাড মউতের শুরুটা ভালো করেন দুই ওপেনার অনামিকা দাস এবং সুপ্রিয়া দাস। সেমিফাইনালে শত রান করা অনামিকা শুরু থেকেই ছন্দে ছিলেন। ওপেনিং জুটিতে দুজন যোগ করেছিলেন ৫৯ রান। এখানেই জয়ের বিত গড়ে যায়। শেষ পর্যন্ত ৪৭ ওভারে ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় ব্লাডমাউথ ক্লাব। দলের পক্ষে অনামিকা দাস ১১৬ বল খেলে ৮ টি বাউন্ডারির সাহায্যে ৭৭, দলনায়িকা ঋজু সাহা ৪১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৭, পূজা পাল ১৫ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৫ (অপ:), অন্তরা দাস ২১ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৪ এবং সুপ্রিয়া দাস ৫৩ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৪ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৫ রান। তরুণ সঙ্ঘের পক্ষে প্রীয়াঙ্কা সাহা ১২ রানে ৫ টি উইকেট দখল করেন। ৩ উইকেটে জয়লাভ করে প্রথমবারের মতো মহিলা ক্রিকেটে সেরার সম্মান পেলো ব্লাডমাউথ ক্লাব। প্রথমবার ফাইনালে উঠে খেতাব জয় করতে না পেরে হতাশ তরুণ সঙ্ঘের ক্রিকেটাররা।

## দশটি স্কুলকে ক্রীড়া সামগ্রী প্রদান ওবিসি কর্পোরেশনের

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। রাজ্যের ৮ জেলার দশটি বিদ্যালয়কে ক্রীড়া সামগ্রি বিতরণ করল ত্রিপুরা ওবিসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা সহ ওবিসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের কর্মকর্তাগণ।

রাজ্যের ৮ জেলায় সবচেয়ে বেশি সংখ্যক ওবিসি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী রয়েছে এমন দশটি স্কুলের মধ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ করল ত্রিপুরা ওবিসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড। এই উপলক্ষে রাজধানীর লেক চৌমুহনীস্থিত এস টি, এস সি , ওবিসি কর্পোরেশনের বিল্ডিংয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী সান্তনা চাকমা। এছাড়াও কর্পোরেশনের আধিকারিকরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।অনুষ্ঠানে ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদের হাতে বিভিন্ন ক্রীড়া সামগ্রি তুলে দেওয়া হয়।এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী সান্তনা চাকমা বলেন, ত্রিপুরা ওবিসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের পরিসর ক্ষুদ্র হলেও কাজ অনেক বেশি।রাজ্যের ওবিসি সম্প্রদায়কে কি করে আরো বেশি সাহায্য করা যায় ,এই লক্ষ্যে কাজ করে চলছে এই কর্পোরেশন। মন্ত্রী আরো জানান ,দপ্তর এবং কর্পোরেশন ক্ষুদ্র ঋণের ব্যবস্থা করছে, মহিলাদের ব্যবসায় এগিয়ে নিয়ে যাওয়া এবং শিক্ষা ঋণ প্রদানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সাহায্য করে চলছে।এই লক্ষ্যকে সামনে রেখে দপ্তর কাজ করে চলছে বলে জানান তিনি।এদিন রাজ্যের ৮ জেলার যে ১০টি স্কুলকে প্রদান করা ক্রীড়া সামগ্রীগুলির মধ্যে রয়েছে দুটি ক্রিকেট ব্যাট ,ছটি ক্রিকেট বল , ছয়টি স্ট্যাম্প, একটি ভলিবল নেট ,দুটি ভলিবল ,দুটি করে ফুটবল , দুটি চাইনিজ চেকার এবং দুটি করে দাবার বোর্ড।

## অনূর্ধ ১৩ রাজ্য ক্রিকেটের লিগ পর্যায়ের শেষ দিনে আজ ছয়টি ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ছোটদের রাজ্য ক্রিকেট লীগ পর্যায়ের শেষ দিকে এখন বেশ জমজমাট হয়ে উঠেছে। ৪ মার্চ, চার জেলার, চার সাব ডিভিশনের, চার মাঠে, চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। তবে এর জন্য এখন পর্যন্ত চারটি দল কোয়ার্টার ফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। পরবর্তী চারটি দল চূড়ান্ত হবে আগামীকাল। শনিবার টিসিএ আয়োজিত অনূর্ধ ১৩ রাজ্য ক্রিকেটের গ্রুপ লীগ পর্যায়ের শেষ দিনে ৬ সাব ডিভিশনের ছয় মাঠে ছয়টি ম্যাচ অনুষ্ঠিত হবে। আপাতত গ্রুপ-এ থেকে অপরাজিত গ্রুপ চ্যাম্পিয়ন খোয়াই এবং গ্রুপ রানার্স সদর বি কোয়াটার ফাইনালে খেলা নিশ্চিত করেছে। এছাড়া, গ্রুপ সি থেকে ধর্মনগর এবং গ্রুপ ডি থেকে উদয়পুর কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র পেয়েছে। আগামীকাল, শনিবার গ্রুপ লীগের শেষ দিনে বিলোনিয়ায় মাঠে সোনামুড়া খেলবে বিশালগড়ের বিরুদ্ধে। এতে যে দল জয়ী হবে তারাই শেষ আটে পৌছুবে। উদয়পুরের মাঠে গন্ডাছড়া ও সদর-এ পরস্পরের মুখোমুখি হবে। কোয়ার্টার ফাইনালে খেলার লক্ষ্যে সদর এ-র সম্ভাবনা উজ্জ্বল। ধর্মনগর মাঠে লংতরাইভ্যালী খেলবে কৈলাশহরের বিরুদ্ধে। কৈলাসহর মাঠে তেলিয়ামুড়া ও ধর্মনগর পরস্পরের বিরুদ্ধে খেলবে। কৈলাশহর, লংতরাইভ্যালী ও তেলিয়ামুড়ার মধ্যে একটি দল কোয়ার্টার ফাইনালে উন্নীত হবে। তবে কোনদল শেষ আটে পৌঁছুবে তা নির্ভর করছে আগামীকাল লীগের ম্যাচের ফলাফলের উপর। সাব্রুম মাঠে অমরপুর খেলবে বিলোনিয়ার বিরুদ্ধে। শান্তিরবাজার মাঠে সাব্রুম ও উদয়পুর পরস্পরের বিরুদ্ধে খেলবে। অমরপুর, বিলোনিয়া ও সাব্রুমের মধ্যে একদল শেষ আটের ছাড়পত্র পাবে।

## অল ইন্ডিয়া পুলিশ ফুটবলে ছয় দলের প্রি-কোয়ার্টার ফাইনাল নিশ্চিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অল ইন্ডিয়া পুলিশ ফুটবলের খেলা জমজমাট হয়ে উঠেছে। টুর্নামেন্ট এখন মধ্য গগনে হলেও লীগ পর্যায়ের খেলা কিন্তু অন্তিম পর্যায়ে পৌঁছুচ্ছে। ইতোমধ্যে পুরুষ বিভাগের আটটি গ্রুপ থেকে প্রি কোয়ার্টার ফাইনালের জন্য এখন পর্যন্ত ছয়টি দল তাদের টিকিট নিশ্চিত করে নিয়েছে। আগামীকাল শনিবার ও পরদিন রবিবার গ্রুপ লীগ পর্যায়ের শেষ দু-দিনে অবশিষ্ট ম্যাচগুলো থেকে প্রি কোয়ার্টার ফাইনালের লাইনআপ নিশ্চিত হয়ে যাবে। এই পর্যন্ত গ্রুপ-এ থেকে কেরালা গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে প্রি কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে। দ্বিতীয় দল হিসেবে এসএসবির সম্ভাবনা উজ্জ্বল। তবে জম্মু-কাশ্মীর ও মধ্যপ্রদেশ তাদের আশা কিছুটা জিইয়ে রেখেছে। গ্রুপ বি থেকে সিআরপিএফ, গ্রুপ সি থেকে আসাম রাইফেলস, গ্রুপ ই থেকে সিআইএসএফ, গ্রুপ এফ থেকে আইটিবিপি এবং রাজস্থান কোয়ার্টার ফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। মহিলা ফুটবলের ক্ষেত্রে গ্রুপ-এ থেকে আসাম রাইফেলস এবং গ্রুপ বি থেকে উড়িষ্যা নক আউটে উঠে খেলা নিশ্চিত করলেও মনিপুর, তামিলনাড়ু, সিআরপিএফ এবং এসএসবি থেকে অপর দুটি দল উঠে আসবে বলে অনুমান। আজ, শুক্রবারের খেলায় মহিলা বিভাগে মনিপুর নয়-শুন্য গোলে মহারাষ্ট্র কে, উড়িষ্যা ১৯-০ গোলে ঝাড়খণ্ডকে এবং আসাম রাইফেল ৬-০ গোলে তামিলনাড়ু কে পরাজিত করেছে। পুরুষ বিভাগের খেলায় কেরালা ৩-০ গোলে জম্মু-কাশ্মীরকে, সিআরপিএফ ৪-০ গোলে উত্তরাখণ্ডকে, আসাম রাইফেলস ৫-০ গোলে বিহারকে, মনিপুর ২-০ গোলে উড়িষ্যাকে, রাজস্থান ১৩-০ গোলে পুদুচেরি কে, বিএসএফ ৪-১ গোলে নাগাল্যান্ড কে এবং গোয়া ৪-০ গোলে কর্ণাটককে পরাজিত করেছে। স্বাভাবিক কারণে সিকিম, পশ্চিমবঙ্গ, মহারাষ্ট্র, মনিপুর, মেঘালয়, পাঞ্জাব, আসাম, দিল্লী, মিজোরাম, উত্তর প্রদেশ, বিএসএফ, গোয়া নকআউটের লক্ষ্যে কিছুটা এগিয়ে রয়েছে।

## বিলোনিয়ায় শুরু অনিল স্মৃতি নৈশকালীন ক্রিকেট টুর্নামেন্ট

ক্রীড়া প্রতিনিধি বিলোনিয়া। অনিল বিহারী স্মৃতি রাত্রি কালীন ক্রিকেট টুর্নামেন্টে শুরু হলো বিলোনিয়া পুরাতন টাউন হল মাঠে। শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টা নাগাদ প্রদেশ যুব মোর্চার সভাপতি বিধায়ক সুশান্ত দেব প্রদীপ প্রজ্জ্বলন করে অনিল বিহারী স্মৃতি রাত্রি কালীন ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠানের সূচনা করেন। সাথে ছিলেন মন্ডল সভাপতি সায়ন্তন দত্ত, বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশনের সম্পাদক পার্থ চৌধুরী , মন্ডল সাধারণ সম্পাদক অলক রায়, প্রাক্তন মন্ডল সভাপতি গৌতম সরকার সহ অন্যান্য নেতৃত্বরা। প্রদীপ প্রজ্জ্বলনের পর ছোট ছোট কচিকাঁচা শিশুদের দ্বারা পরিবেশিত হয় নৃত্য। এরপর শুরু হয় অনুষ্ঠানে উপস্থিত নেতৃত্বদের আলোচনা। আলোচনা রাখতে গিয়ে নেতৃত্বরা বলেন সুস্থ সমাজ গঠন করতে হলে যুব সমাজকে নেশা থেকে দুরে রাখতে হবে। এই নেশা থেকে দুরে রাখাতে হলে খেলাধুলা অতি আবশ্যক দরকার। রাজ্য সরকারও খেলাধুলার উপর গুরুত্ব দিয়েছে। নেশার কড়াল গ্রাস থেকে যুবকদের মুক্ত করতে হলে মাঠমুখি করতে হবে। আলোচনা শেষে আতশবাজির ফোয়ারার মধ্য দিয়ে খেলোয়াড়দের সাথে করমর্দন করেন মোর্চার সভাপতি সহ অন্যান্যরা। এরপর মোর্চার সভাপতি সুশান্ত দেব ব্যাটে বল লাগিয়ে রাত্রি কালীন ক্রিকেট টুর্নামেন্টের সুচনা করেন।

## বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশনের তিনটি ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টিসিএ আয়োজিত বিপুল মজুমদার মেমোরিয়াল সুপার ডিভিশন ক্রিকেট টুর্নামেন্টে আগামীকাল (শনিবার) তিন মাঠে তিনটি ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। আপাতত এগিয়ে ব্লাডমাউথ ক্লাব। ৬ ম্যাচে জয় পেয়ে। এক ম্যাচ কম জিতে ব্লাডমাউথের ঘাড়ে নিশ্বাস ফেলছে জয়নগর ক্রিকেট ক্লাব। পাশে থাকা ব্লাড মাউথ সম সংখ্যক ম্যাচে জয়ী হয়ে সম সংখ্যক পয়েন্ট পেলেও রান রেটের নিরিখে এই মুহূর্তে তৃতীয় শীর্ষে দাঁড়িয়ে। এই অবস্থায় খেতাবের দৌড়ে এগিয়ে যেতে জয় ছাড়া বিকল্প কোনও পথ নেই তিন দলের সামনে। আগামীকাল (শনিবার) হার্ভে ক্লাবের বিরুদ্ধে খেলবে স্ফুলিঙ্গ। মেলাঘরের কাজল স্মৃতির ময়দানে হবে ম্যাচটি। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। এমবিবি স্টেডিয়ামে অপর ম্যাচে ব্লাড মাউথ ক্লাব খেলবে জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। গুরুত্বপূর্ণ ম্যাচ। সাফল্যের লক্ষ্যে এগিয়ে যেতে জয় পেতে মরিয়া দু-দলই। টিআইটি মাঠে সংহতি ও ইউনাইটেড ফ্রেন্ডস পরস্পরের মুখোমুখি হবে। আপাতত স্ফুলিঙ্গ ও হার্ভে ক্লাব চারটি করে ম্যাচে জয়ী হলেও ইউনাইটেড ফ্রেন্ডস পরপর আট ম্যাচে পরাজিত হয়ে অবনমন নিশ্চিত করে নিয়েছে। ৬ দলই আজ শুক্রবার শেষ প্রস্তুতি সেরে নেয়। আগামীকাল ফেভারিট হিসেবেই মাঠে নামবে ব্লাড মাউথ, জয়নগর ক্রিকেট ক্লাব এবং সংহতি। স্ফুলিঙ্গ, হার্ভেও জয় পেয়ে চমক দিতে চাইছে।

## বাংলাদেশের বিদায়ের দায় ব্যাটারদের !

পাকিস্তানের পাশাপাশি চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে বিদায় নিয়েছে বাংলাদেশ। এই বিদায়ের দায় ব্যাটারদের উপর চাপিয়েছেন দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। দলে বদলের ইঙ্গিত দিয়েছেন তিনি। শান্তর কথা থেকে পরিষ্কার, চ্যাম্পিয়ন্স ট্রফির পর বাংলাদেশের কিছু ব্যাটার দল থেকে বাদ পড়তে পারেন। তিনি নিজেও তো ব্যাটার। তা হলে কি নিজেও সরে যাবেন শান্ত?

ভারতের পর নিউ জিল্যান্ডের কাছে হেরেছে বাংলাদেশ। দু'টি ম্যাচেই দলের ব্যাটিং ভাল খেলতে পারেনি। ভারতের বিরুদ্ধে ২২৮ ও নিউ জিল্যান্ডের বিরুদ্ধে ২৩৮ রান করেছে তারা। এক দিনের ক্রিকেটে এই রান করে জেতা কঠিন। সেই কথাই শুনিয়েছেন শান্ত। তিনি বলেন, "আমি আগেও অনেক বার এই কথা বলেছি। বার বার আমরা একই ভুল করছি। আমাদের ব্যাটিংয়ে নজর দিতে হবে। আশা করছি, এই প্রতিযোগিতার পর দলের ব্যাটিংয়ে কিছু বদল হবে। নতুন ক্রিকেটার আসবে। আশা করছি তাতে আমাদের ব্যাটিংয়ের উন্নতি হবে।" ভারত ও নিউ জিল্যান্ড দু'দলের বিরুদ্ধেই কয়েক জন ক্রিকেটার নজর কেড়েছেন। কয়েকটি মুহূর্তে ভাল দেখিয়েছে বাংলাদেশকে। কিন্তু ধারাবাহিকতা দেখাতে পারেননি তাঁরা। সুযোগ কাজে লাগাতে পারেননি। সেটাই হারের কারণ বলে মনে করছেন শান্ত। তিনি বলেন, "আমাদের আরও দায়িত্ব নিয়ে খেলতে হবে। বিশেষ করে ব্যাটারদের।

প্রতিযোগিতার মধ্যে তো আর বার বার দল বদলানো যায় না। যারা আছে তাদের দিয়েই ম্যাচ জিততে হবে। কিন্তু যে ভাবে সুযোগ হারিয়েছি, তাতে কী ভাবে জিতব। ম্যাচগুলোকে আমরা খুব হালকা ভাবে নিয়েছিলাম। তাই হেরেছি।" এখন প্রশ্ন উঠছে, শান্ত নিজেও ব্যাটার। নিউ জিল্যান্ডের বিরুদ্ধে ৭৭ রান করলেও ভারতের বিরুদ্ধে শূন্য রানে আউট হয়েছেন তিনি। অর্থাৎ, তাঁর ব্যাটেও ধারাবাহিক ভাবে রান নেই। শান্ত যে ব্যাটারদের দায়ী করছেন, সেই দায় তো তাঁর নিজেরও। তা হলে কি শান্ত নিজেও সরে যাবেন। এই বিষয়ে তিনি অবশ্য কিছু বলেননি। চ্যাম্পিয়ন্স ট্রফি খেলতে যাওয়ার আগে শান্ত হুঁশিয়ারি দিয়েছিলেন সব দলকে। বলেছিলেন, চ্যাম্পিয়ন হয়ে ফিরবেন। কিন্তু গ্রুপ পর্বও টপকাতে পারেননি। তিনি নিজে নিউ জিল্যান্ডের বিরুদ্ধে রান করেছেন।

কিন্তু বাকিরা ডুবিয়েছেন। তুলনায় দলের বোলিং নজর কেড়েছে। কম লক্ষ্য নিয়েই লড়াই করেছেন মুস্তাফিজুর রহমান, রিশাদ হোসেনরা। সেই কারণেই ব্যাটারদের উপর বেশি বিরক্ত অধিনায়ক। তাঁদেরই দায়ী করেছেন শান্ত।

## চ্যাম্পিয়ন্স ট্রফিতে দায়িত্ব পালনে আপত্তি, শতাধিক পুলিশকর্মীর চাকরি গেল পাকিস্তানে

চ্যাম্পিয়ন্স ট্রফিতে নিরাপত্তার কোনও রকম গলদ বরদাস্ত করতে রাজি নয় পাকিস্তান। প্রতিযোগিতা চলাকালীন নিরাপত্তার দায়িত্ব পালনে রাজি হননি শতাধিক পুলিশকর্মী। ফলে তাঁদের চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। কড়া পদক্ষেপ করেছে পাকিস্তানের পঞ্জাব প্রদেশের পুলিশ।

সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, এই পুলিশকর্মীরা সকলে একই জায়গায় মোতায়েন ছিলেন না। বিভিন্ন পুলিশকর্মীকে বিভিন্ন দায়িত্ব দেওয়া হয়েছিল। কিন্তু তাঁরা তা করতে চাননি। পঞ্জাব পুলিশের আইজিপি উসমান আনোয়ার জানিয়েছেন, নিরাপত্তায় কোনও গাফিলতি বরদাস্ত করা হবে না। তিনি বলেন, "লাহোরের গদ্দাফি স্টেডিয়াম ও হোটেলের মধ্যে দলের যাতায়াতের সময় কড়া নিরাপত্তা থাকে। সেই কাজে যাঁরা নিযুক্ত ছিলেন, তাঁদের অনেকে দায়িত্ব পালন করতে চাননি। কয়েক জন আবার কাজেই আসেননি। তাই তাঁদের বরখাস্ত করা হয়েছে। অন্য দায়িত্বে থাকা কয়েক জনকেও বরখাস্ত করা হয়েছে।"

ভবিষ্যতে এই ধরনের ঘটনা ঘটলে একই রকমের পদক্ষেপ তাঁরা করবেন বলে জানিয়েছেন উসমান। তিনি বলেন, "চ্যাম্পিয়ন্স ট্রফির মতো একটা বড় আইসিসি প্রতিযোগিতায় নিরাপত্তায় গাফিলতি বরদাস্ত করা হবে না। বিভিন্ন দেশের দর্শকেরা পাকিস্তানে এসেছেন। তাঁদের ও খেলোয়াড়দের নিরাপত্তা আমাদের সবচেয়ে বড় দায়িত্ব। সেই দায়িত্ব পালনে গাফিলতি চলবে না।"

তবে কেন ওই পুলিশকর্মীরা কাজ করতে চাননি তা জানা যায়নি। একটি সূত্রে খবর, চ্যাম্পিয়ন্স ট্রফিতে অনেক বেশি কাজ করতে হচ্ছে সকলকে। বেশির ভাগ পুলিশকর্মী ছুটি পাননি। সেই কারণেই হয়তো কাজে ফাঁকি দিয়েছিলেন তাঁরা। কিন্তু তা ধরা পড়তেই শাস্তি পেতে হয়েছে তাঁদের।পাকিস্তানে এ বার চ্যাম্পিয়ন্স ট্রফি হলেও প্রথম দল হিসাবে প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে সেই পাকিস্তানই। প্রথমে নিউ জিল্যান্ড ও তার পর ভারতের কাছে হেরে প্রতিযোগিতা শেষ হয়ে গিয়েছে বাবর আজম, মহম্মদ রিজওয়ানদের। ফলে কিছুটা হলেও সে দেশের দর্শকের কাছে চ্যাম্পিয়ন্স ট্রফির আগ্রহ কমেছে। সমালোচনা হচ্ছে পাকিস্তানের ক্রিকেট দল ও সে দেশের ক্রিকেট বোর্ডের।

## কথা দিয়ে কথা রাখেননি রোহিত! অধিনায়কের বিরুদ্ধে অনুযোগ অক্ষরের

চ্যাম্পিয়ন্স ট্রফির প্রথম ম্যাচে বাংলাদেশের বিরুদ্ধে হ্যাটট্রিকের সুযোগ নষ্ট হয় অক্ষর পটেলের। জাকের আলির ক্যাচ ফেলে দেন রোহিত শর্মা। হ্যাটট্রিকের সুযোগ হাতছাড়া হয় অক্ষরের। ক্যাচ ফেলে হতাশায় মাটি চাপড়াতে থাকেন রোহিত। পরে সতীর্থের কাছে হাতজোড় করে ক্ষমাও চেয়ে নেন ভারতীয় দলের অধিনায়ক। অক্ষরকে আরও একটি কথা দিয়েছিলেন রোহিত। সেই কথা এখনও রাখেননি অধিনায়ক।

ভারত-বাংলাদেশের ম্যাচের পর টেলিভিশনের সঞ্চালক রোহিতকে জাকেরের ক্যাচ ফেলা এবং অক্ষরের হ্যাটট্রিক হাতছাড়া হওয়া নিয়ে প্রশ্ন করেছিলেন। রোহিত দুঃখপ্রকাশ করে কথা দিয়েছিলেন অক্ষরকে নৈশভোজে নিয়ে যাবেন। কিন্তু এখনও সতীর্থকে খাওয়াননি রোহিত। পাকিস্তান ম্যাচের পর অক্ষরের কাছে জানতে চাওয়া হয়, রোহিত তাঁকে খাইয়েছেন কি না। উত্তরে অক্ষর বলেছেন, "আমাদের এখন ছ'দিন বিরতি রয়েছে। আমরা চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালেও উঠে গিয়েছি। এ বার জিজ্ঞেস করার সুযোগ পাব, আমাকে কবে খাওয়াতে নিয়ে যাবে।" অক্ষরের উত্তরেই বোঝা গিয়েছে, রোহিত এখনও তাঁকে নৈশভোজে নিয়ে যাননি।পাকিস্তান ম্যাচের আগে সমাজমাধ্যমে রোহিতের একটি ছবি ভাইরাল হয়। তাতে দেখা যায়, দুবাইয়ের কোনও রেস্তরাঁয় শ্রেয়স আয়ারের সঙ্গে নৈশভোজ সারছেন রোহিত।

## দু'গোলে এগিয়ে থেকেও জিততে পারল না বার্সা

৯০ মিনিট ধরে টান টান ম্যাচ। সংযুক্তি সময়ে গোল করে ড্র করল আতলেতিকো মাদ্রিদ। দু'গোলে এগিয়ে থেকেও জিততে পারল না বার্সেলোনা। কোপা দেল রে-র সেমিফাইনালে বার্সেলোনা ও আতলেতিকো মাদ্রিদের ম্যাচ ৪-৪ গোলে ড্র হয়েছে।

বার্সার ঘরের মাঠে শুরু থেকে খেলেননি রবার্ট লেয়নডস্কি। বদলে ফেরান টরেসকে মাঠে নামান বার্সার কোচ হ্যান্সি ফ্লিক। ম্যাচের শুরুতেই চমক আতলেতিকোর। ১ মিনিটের মাথায় আঁতোয়া গ্রিজম্যানের ক্রস কাজে লাগিয়ে গোল করেন ইউলিয়ান আলভারেস। ৬ মিনিটের মাথায় উল্টো ছবি। জুলস কুন্ডের ভুল কাজে লাগিয়ে আলভারেস বল দেন গ্রিজম্যানকে। ফরাসি স্ট্রাইকার গোল করতে ভুল করেননি। ২-০ গোলে এগিয়ে যায় আতলেতিকো।

জোড়া ধাক্কার পরে খেলায় ফেরে বার্সা। প্রথমার্ধের বাকি সময় তাদের দাপট। একের পর এক আক্রমণ তুলে আনে তারা। ২১ মিনিটের মাথায় কুন্ডের ক্রস থেকে গোল করেন পেদ্রি। দু'মিনিট পর কর্নার থেকে গোল করেন পাও কুবার্সি। বিরতির আগে ইনিগো মার্তিনেস বার্সাকে এগিয়ে দেন।

দ্বিতীয়ার্ধে মাঠে নামেন লেয়নডস্কি। গোলও করেন তিনি। ৭৪ মিনিটের মাথায় লামিন ইয়ামালের পাস থেকে বার্সার চার নম্বর গোল করেন তিনি। দেখে মনে হচ্ছিল, ঘরের মাঠে জিতে যাবে তারা। কিন্তু হাল ছাড়েনি আতলেতিকো। দিয়েগো সিমিয়োনের দল আক্রমণ ছাড়েনি। তার ফলও পায় তারা। ৮৪ মিনিটের মাথায় গোল করেন পরিবর্ত হিসাবে নামা মার্কোস লরেন্তে।

## ভারতের দুবাইয়ে খেলা নিয়ে খোঁচা ইংল্যান্ড অধিনায়ক বাটলারের

চ্যাম্পিয়ন্স ট্রফিতে 'বাড়তি' সুবিধা পাচ্ছে ভারত! প্রকাশ্যে কেউ বলছেন না। কিন্তু ঠারেঠোরে বুঝিয়ে দিচ্ছেন অনেকেই। ভারত কেন দুবাইয়ে খেলছে? টুর্নামেন্ট থেকে বিদায় নেওয়া বাংলাদেশ-পাকিস্তান ইতিমধ্যে এই নিয়ে হাজারও প্রশ্ন তুলছে। এবার তাতে পরোক্ষভাবে সুর মেলালেন ইংল্যান্ডের অধিনায়ক জস বাটলার।

বৃষ্টির জন্য ভেস্তে যায় 'বি' গ্রুপে অস্ট্রেলিয়া-দক্ষিণ আফ্রিকা ম্যাচ। ফলে আরও চাপ বেড়েছে ইংল্যান্ডের। প্রথম ম্যাচ হারায় তাদের ঝুলিতে এখনও পয়েন্ট শূন্য। আফগানিস্তান ম্যাচ বাটলারদের জন্য 'ডু অর ডাই'। কিন্তু তার আগেও ইংরেজ অধিনায়কের মুখে ভারতের কথা। রোহিতরা অবশ্য ইতিমধ্যেই সেমিফাইনালে পৌঁছে গিয়েছেন। দুবাইয়ে পাকিস্তান-বাংলাদেশ, দুদেশই পরাস্ত হয়েছে টিম ইন্ডিয়ার সামনে।

এর মধ্যে বাটলারের বক্তব্য, "আমার মতে, এটা একটা আজব টুর্নামেন্ট। তাই না? কেউ পাকিস্তানে খেলছে। আর একটা দল খেলছে অন্য জায়গায়। তবে সেটা নিয়ে আপাতত আমরা ভাবছি না। আমরা এখন আফগানিস্তানের ম্যাচ নিয়েই ভাবছি।" তবে বাটলার মুখে যাই বলুন না কেন, ভারতের ম্যাচ নিয়ে অনুযোগের সুরে তাল মেলালেন তিনিও। এর আগে প্যাট কামিন্সের এরকম একটি বক্তব্য প্রকাশ্যে এলেও, পরে তা অস্বীকার করেন তিনি।

উল্লেখ্য, হাইব্রিড মডেলে ভারতের সব ম্যাচ দুবাইয়ে। ক্রিকেট মহলের একাংশের অভিযোগ, সব ম্যাচে দুবাইয়ে খেলা মানে বাড়তি সুবিধা পাচ্ছে টিম ইন্ডিয়া। একে তো দুবাইয়ের পরিস্থিতি ভারতের জন্য মানানসই। তার উপরে আবার নিয়মিত দুবাই স্টেডিয়ামে অনুশীলনের সুযোগ পাচ্ছে টিম ইন্ডিয়া। সেখানে অন্য দলগুলো এক ম্যাচের জন্য এখানে খেলতে আসবে। তবে পালটা যুক্তিও রয়েছে। এই মেগা টুর্নামেন্টের স্টেকহোল্ডারদের মতামত অনুসারেই সূচি তৈরি হয়েছে। সকলেই জানত ভারত দুবাইয়েই সব ম্যাচ খেলবে, অভিযোগ জানানোর হলে সে সময়ই জানানো যেত। কিন্তু তখন সেই নিয়ে কেউ উচ্চবাচ্য করেনি।

## রোহিতদের টেস্ট আতঙ্ক কাটাতে নয়া পদক্ষেপ বোর্ডের !

চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালে চলে গিয়েছে ভারত। স্বাভাবিকভাবেই উচ্ছ্বসিত দেশের ক্রিকেটভক্তরা। কিন্তু মাস দুয়েক আগেও পরিস্থিতি এরকম ছিল না। অজি সফরে হারার পর প্রশ্নের মুখে পড়েছিল লাল বলে বিরাট-রোহিতদের পারফরম্যান্স। সেই দুর্দশা ঘোচাতে আইপিএলের মাঝেই নয়া পরিকল্পনার পথে হাঁটতে পারে বিসিসিআই।২২ মার্চ থেকে শুরু হচ্ছে আইপিএল। কুড়ি-কুড়ির যুদ্ধে টেস্ট ক্রিকেটের ভাবনাচিন্তা কিছুটা ফিকে থাকবে সমর্থকদের মধ্যে। কিন্তু বিসিসিআই সেরকম ভাবছে না। বরং সেই সময়টাও রোহিত-বিরাটরা লাল বলের প্রস্তুতি নিক। এমনটাই চাইছে বোর্ড। সূত্রের খবর, আইপিএলের মাঝেও লাল বলের অনুশীলন করতে বলা হবে ক্রিকেটারদের। সেই সঙ্গে নির্দিষ্ট কয়েকজন ক্রিকেটারকে বিশেষ ধরনের অনুশীলন করানো হবে।

তবে সবই এখনও পরিকল্পনার স্তরে আছে। শোনা যাচ্ছে, দুবাইয়ে বোর্ড কর্তারা এই নিয়ে আলোচনা করেছেন। যেদিন ভারত পাকিস্তানকে হারায়, সেদিনই এই আলোচনা হয়েছে। আসলে শুধু বর্ডার গাভাসকর ট্রফিতে ৩-১ ব্যবধান হার নয়, তার আগে নিউজিল্যান্ডের কাছে চুনকাম হতে হয়েছে টিম ইন্ডিয়াকে।

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


# এইড্স প্রতিরোধে সকল অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান মুখ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** এইডস প্রতিরোধে সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। এই কাজে জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জনপ্রতিনিধিদের নিয়ে ত্রিপুরা এইডস কন্টোল সোসাইটিকে এইডস প্রতিরোধে সচেতনতামূলক প্রচার অভিযানের উদ্যোগ নিতে হবে। আজ সচিবালয়ে ত্রিপুরা এইডস কন্টোল সোসাইটির ১৮-তম সাধারণ সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সভায় মুখ্যমন্ত্রী বলেন, এইডস হচ্ছে একটি মারণব্যাধি। এই ব্যাধি প্রতিরোধে সকল স্তরের নাগরিকদের সচেতন হতে হবে। রাজ্যের বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে এইডস প্রতিরোধের কাজে যুক্ত করতে হবে। সভায় মুখ্যমন্ত্রী এইডস / এইচআইভি সনাক্তকরণের জন্য স্বাস্থ্য দপ্তরকে তিন মাসের কর্মসূচি নিয়ে একটি বিশেষ অভিযান গ্রহণের জন্য পরামর্শ দেন।

সভায় মুখ্যমন্ত্রী ভার্চুয়ালি ৩টি লিংক এআরটি সেন্টারের উদ্বোধন করেন। এই সেন্টারগুলি রয়েছে গোমতী জেলার অমরপুর মহকুমা হাসপাতালে, ধলাই জেলার গন্ডাতুইসা মহকুমা হাসপাতালে ও দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া মহকুমা হাসপাতালে। এই সেন্টারগুলি থেকে এইডস / এইচআইভি আক্রান্ত ব্যক্তিরা গুরুত্বপূর্ণ ওষুধগুলি গ্রহণ করতে পারবেন। সভার পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সচিবালয়ে পতাকা নেড়ে একটি মোবাইল আইসিটিসি ভ্যানের সূচনা করেন। সভায় মুখ্যমন্ত্রী এইডস প্রতিরোধে প্রচার অভিযানের অঙ্গ হিসেবে পত্রিকায় বিজ্ঞাপন, টক শো, প্রেস মিট, বিভিন্ন ক্যাবেল চ্যানেলে বিজ্ঞাপন, স্কুল কলেজে লিফলেট বিতরণের উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী বিশেষ করে বহিরাজ্য থেকে আসা ট্রাক ড্রাইভারদের পর্যবেক্ষণ করা এবং তাদের রক্ত পরীক্ষা করে নিশ্চিত হওয়ার জন্য সোসাইটিকে পরামর্শ দেন।

সভায় মুখ্যমন্ত্রী এইডস আক্রান্ত রোগীদের সময়ে সময়ে পর্যবেক্ষণের জন্য ত্রিপুরা এইডস কন্টোল সোসাইটিতে একটি কল সেন্টার স্থাপন করার উপর গুরুত্ব আরোপ করেছেন।

সভায় জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা রাজ্যের বিভিন্ন জেলায় ছাত্রাবাসগুলিতে শিবির করে রক্ত পরীক্ষা করার পরামর্শ দেন। সভায় স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে ত্রিপুরা এইডস কন্টোল সোসাইটির উল্লেখযোগ্য কর্মসূচিগুলি নিয়ে আলোচনা করেন। ত্রিপুরা এইডস কন্টোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডা. সমর্পিতা দত্ত এইডস / এইচআইভি সনাক্তকরণ ও প্রতিরোধে সোসাইটির উদ্যোগগুলি তুলে ধরেন। সভায় উপস্থিত ছিলেন রাজ্যের ৮টি জিলা পরিষদের সভাধিপতিগণ, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য কমল কলই, ত্রিপুরা মহিলা কমিশনের প্রতিনিধি এবং শিক্ষা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিকগণ।

# রাজ্যেও পালিত জাতীয় বিজ্ঞান দিবস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** ২৮ ফেব্রুয়ারী দিনটি নোবেলজয়ী বিজ্ঞানী স্যার সি ভি রমনের 'রমন এফেক্ট' আবিস্কারকে স্মরণ করে ১৯৮৭ সাল থেকে দেশজুড়ে জাতীয় বিজ্ঞান দিবস হিসেবে উদযাপিত হয়ে আসছে। প্রতিবছরের ন্যায় এবছরও আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে বরণীয় বিজ্ঞানীদের প্রতিকৃতিতে মাল্যদান, শপথ বাক্য পাঠ, আলোচনা সভা, হাতে কলমে বিজ্ঞান প্রদর্শনী, কুসংস্কার বিরোধী শো টেলিস্কোপ সহযোগে আকাশ পর্যবেক্ষণ ইত্যাদি কর্মসূচী পালন করা হয়েছে।

প্রসঙ্গত, ২৮ ফেব্রুয়ারী দিনটি নোবেলজয়ী বিজ্ঞানী স্যার সি ভি রমনের 'রমন এফেক্ট' আবিস্কারকে স্মরণ করে ১৯৮৭ সাল থেকে দেশজুড়ে জাতীয় বিজ্ঞান দিবস হিসেবে উদযাপিত হয়ে আসছে। পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে বিজ্ঞান শিক্ষা ও মৌলিক জ্ঞানচর্চার প্রতি ছাত্র ছাত্রীদের উৎসাহ বৃদ্ধি ও দেশবাসীর মধ্যে বিজ্ঞানমনস্কতা গড়ে তোলার উদ্দেশ্য নিয়ে এই দিনটি উদযাপন শুরু হয়েছিল।

অথচ স্বাধীনতার ৭৫ বছরেরও বেশী সময়কালে দেশে বিজ্ঞান ও প্রযুক্তিতে অভূতপূর্ব উন্নতি হলেও দেশের অধিকাংশ মানুষ আজও মধ্যযুগীয় কুসংস্কার, অন্ধবিশ্বাস ও অজ্ঞানতায় ডুবে আছে। একদা নবজাগরণের পুরোধা মনীষী রামমোহন, বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত, মাহেন্দ্রলাল সরকার প্রমুখেরা যুক্তিবাদের প্রসার ঘটাতে আধুনিক বৈজ্ঞানিক শিক্ষাব্যবস্থা চালুর জন্য লড়েছিলেন। এরই ধারাবাহিকতায় সমাজের মধ্যে যুক্তিবাদ চর্চার যে জমি একদিন তৈরী হয়েছিল, তা আজ উর্বর হওয়ার পরিবর্তে ক্রমশ অনুর্বর হয়ে চলেছে।

সেদিকে লক্ষ্য রেখে সকলকে কুসংস্কার দূর করে বিজ্ঞান মানসিকতায় চলার আহ্বান রেখে ব্রেকথ্রু সায়েন্স সোসাইটি প্রতিবছরের ন্যায় এবছরও বিজ্ঞান দিবস পালন করে। আজ সকালে আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে বরণীয় বিজ্ঞানীদের প্রতিকৃতিতে মাল্যদান, শপথ বাক্য পাঠ, আলোচনা সভা, হাতে কলমে বিজ্ঞান প্রদর্শনী, কুসংস্কার বিরোধী শো টেলিস্কোপ সহযোগে আকাশ পর্যবেক্ষণ ইত্যাদি কর্মসূচী গ্রহণ পালন করে।

# ওবিসি কল্যাণে সরকার বিভিন্ন কর্মসূচি নিয়েছে ঃ সান্ত্বনা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** রাজ্যের ওবিসি সম্প্রদায়ের মানুষদের আত্মনির্ভর করে তোলার লক্ষ্যে সরকার বিভিন্ন কর্মসূচি নিয়েছে। এই সম্প্রদায়ের মহিলাদের ব্যবসা ও ছাত্রছাত্রীদের উচ্চতর শিক্ষার জন্য ঋণ দেওয়া হচ্ছে। রাজ্যের বিভিন্ন জেলায় ওবিসি ছাত্রছাত্রীদের জন্য হোস্টেল তৈরির কাজও দ্রুত এগিয়ে চলেছে। আজ ত্রিপুরা ওবিসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের উদ্যোগে রাজ্যের বিভিন্ন জেলার ১০টি স্কুলের মধ্যে ক্রীড়া সামগ্রী প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে ওবিসি কল্যাণ মন্ত্রী সান্তনা চাকমা একথা বলেন। উল্লেখ্য, ওবিসি অংশের ছাত্রছাত্রী বেশি এমন ১০টি স্কুলকে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়। এ উপলক্ষে লেইক চৌমুহনীস্থিত এসটি, এসসি, ওবিসি কর্পোরেশন অফিস প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ওবিসি কল্যাণ মন্ত্রী আরও বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের জনমুখী প্রকল্পগুলির সঠিক বাস্তবায়নের মাধ্যমে বর্তমান সরকার রাজ্যের সকল অংশের মানুষের কল্যাণে কাজ করছে। রাজ্যের স্বসহায়ক দলের মহিলা সদস্যাগণ লাখপতি দিদিতে পরিণত হচ্ছেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা ওবিসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান মৃণালকান্তি নাথ। স্বাগত বক্তব্য রাখেন ওবিসি কল্যাণ দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী।

অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার সুকান্ত একাডেমি ইংলিশ মিডিয়াম হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, রাণীরগাঁও ইংলিশ মিডিয়াম উচ্চমাধ্যমিক বিদ্যালয়, আমতলী হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, ধলাই জেলার কমলপুর সরকারি ইংলিশ মিডিয়াম হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, গোমতী জেলার উদয়পুর ইংলিশ মিডিয়াম হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, উত্তর ত্রিপুরা জেলার তিলথৈ আরসি হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, সিপাহীজলা জেলার পূর্ব লক্ষ্মীবিল হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, দক্ষিণ ত্রিপুরা জেলার সাব্রুম ইংলিশ মিডিয়াম হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, ঊনকোটি জেলার ধনসিং চৌধুরী মেমোরিয়াল ইংলিশ মিডিয়াম হায়ার সেকেন্ডারি বিদ্যালয় এবং খোয়াই জেলার তেলিয়ামুড়া ইংলিশ মিডিয়াম হায়ার সেকেন্ডারি বিদ্যালয়ের প্রতিনিধিদের হাতে ছাত্রছাত্রীদের খেলার জন্য ক্রীড়া সামগ্রী তুলে দেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা সহ অন্যান্য অতিথিগণ।

# কল্যাণপুর হাসপাতালে ভারতীয় মজদুর সংঘের রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২৮ ফেব্রুয়ারী।।** কল্যাণপুর হাসপাতালে ভারতীয় মজদুর সংঘের (পরিবহন বিভাগ) কল্যাণপুর শাখার উদ্যোগে এক স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শুক্রবার বেলা ১২ টায় মঙ্গল প্রদীপ জ্বেলে অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। উপস্থিত ছিলেন চেয়ারম্যান সোমেন গোপ, কল্যাণপুরের বিজেপি মন্ডল সভাপতি নিতাই বল, পূর্ণেন্দ ভট্টাচার্য্য, অসীম দেব রায়, তাপস দেব রায় সহ অন্যরা। এদিন প্রায় একশত পরিবহন শ্রমিক রক্তদানে অংশ নেয়। আগরতলা জিবি হাসপাতালের ব্লাড ব্যাংক থেকে টিম এসে রক্ত সংগ্রহ করে।

এই মেগা রক্তদান শিবির কে কেন্দ্র করে শ্রমিকদের মধ্যে বাড়তি উৎসাহ পরিলক্ষিত হয়। উদ্বোধক এর ভাষণে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন রক্ত দানের মতো মহৎ দান আর কিছু হয় না। তিনি ভাবেন অনেকেই এখনও রক্ত দিতে ভয় পান। বিধায়ক বলেন রক্ত দান করলে ক্ষতির কোন প্রশ্ন তো উঠেই না বরং লাভ হয় বেশী। কারণ প্রতিটি মানুষের দেহে রক্ত উবৃত্ত থাকে যা কোন কাজে লাগে না।

তিনি বলেন, রক্তের প্রয়োজনীয়তা অপরিসীম। কারণ যেহেতু আমরা মানুষ তাই আমাদের রোগ বালাই হতেই পারে। সেই প্রেক্ষিতে রক্তদানের গুরুত্ব বিশেষ প্রাসঙ্গিক। মানুষের পাশে মানুষ দাঁড়াবে সেটাই স্বাভাবিক। তিনি বলেন বর্তমানে রাজ্যে ক্যান্সার রোগীর সংখ্যা দিনকে দিন বৃদ্ধি পাচ্ছে। যাদের নিয়মিত রক্তের প্রয়োজন হয়। রক্তের ঘাটতি পূরণে এই ধরনের শিবিরের মাহাত্য সেখানেই। তিনি ঘোষণা দেন প্রতি বছর ২৮ ফেব্রুয়ারী ভারতীয় মজদুর সংঘ রক্তদান শিবিরের আয়োজন করবে। এছাড়াও ১২ মাসে অন্তত ১২ টি রক্তদান শিবিরের যাতে ব্যবস্থা করা যায় সেই লক্ষে বিজেপি ও শাখা সংগঠন গুলো কাজ করে যাবে।

# দেওছড়া-রামনগর প্রাথমিক কৃষি সমবায় সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী বিজেপি প্রার্থী

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ ফেব্রুয়ারি।।** দেওছড়া-রামনগর প্রাথমিক কৃষি সমবায় সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় আজ জয়ী হয়েছেন ভারতীয় জনতা পার্টির প্রার্থীগণ। যুবরাজনগর বিধানসভার অন্তর্গত দেওছড়া-রামনগর প্রাথমিক কৃষি সমবায় সমিতির নির্বাচনে ভারতীয় জনতা পার্টির ৫ জন প্রার্থী হিসেবে তাদের নমিনেশন দাখিল করেন। আজ তার চুড়ান্ত পর্যায় বেরিয়ে আসে। বিনা প্রতিদ্বন্দ্বিতায় আজ বিজয়ী হয়েছেন ভারতীয় জনতা পার্টির প্রার্থীগণ। এখানে উপস্থিত ছিলেন দুই গাঁওসভার প্রধান উপ-প্রধান সহ সকল কার্য্যকর্তারা। আজ বিজয়ীদের শুভেচ্ছা বিনিময় করেন যুবরাজনগর বিধানসভার প্রাক্তন বিধায়িকা তথা প্রদেশ ওবিসি মোর্চার সভানেত্রী মলিনা দেবনাথ।

# পিএফ-এ নতুন সুদের হার অপরিবর্তিত রাখল কেন্দ্র

**নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.)।।** ২০২৪-২৫ সালে প্রভিডেন্ট ফান্ডে (পিএফ) নতুন সুদের হার ঘোষণা করল কেন্দ্র। গতবারের ৮.২৫ শতাংশ সুদের হারই বহাল রাখল ইপিএফও। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে কর্মচারীদের ২০২২-২৩ সালে ৮.১৫ শতাংশ থেকে '২৩-'২৪-এর জন্য ইপিএফ-এর সুদের হার সামান্য বাড়িয়ে ৮.২৫ শতাংশ করেছিল ইপিএফও। এবার তা অপরিবর্তিত রাখল মোদী সরকার।

২০২২ সালের মার্চ মাসে ইপিএফও ২১-'২২-এর জন্য প্রভিডেন্ট ফান্ডে সুদ কমিয়েছিল কেন্দ্রীয় সরকার। সাত কোটিরও বেশি গ্রাহকের জন্য ২০-'২১ সালে ৮.৫ শতাংশ থেকে কমিয়ে সেবার ৮.১ শতাংশ করা হয়েছিল । ২০-'২১-এ ইপিএফে সুদের এই হার '৭৭-'৭৮-এর পর ছিল সর্বনিম্ন । কারণ, ৭৭-'৭৮-এ পিএফে সুদের হার ছিল ৮ শতাংশ। সরকারি সূত্রে খবর, ইপিএফও-এর সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী সংস্থা সেন্ট্রাল বোর্ড অফ ট্রাস্টিজ (সিবিটি) শুক্রবার তাদের বৈঠকে '২৪-'২৫-এর জন্য ইপিএফও-তে ৮.২৫ শতাংশ সুদের হার রাখার সিদ্ধান্ত নেয়। ২০-'২১-এর জন্য ইপিএফ আমানতের উপর ৮.৫ শতাংশ সুদের হার '২১ সালের মার্চ মাসে নিয়েছিল সিবিটি। এই সিদ্ধান্তের পরে '২৪-'২৫-এর জন্য এই আমানতের সুদের হারে সম্মতির জন্য অর্থমন্ত্রকের কাছে পাঠানো হবে।

# বিএসএফের পৃথক অভিযানে ১৫ জন বাংলাদেশিও ৫ জন ভারতীয় টাউট আটক



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** দুটি পৃথক যৌথ অভিযানে বিএসএফ জওয়ানরা সীমান্তে পারাবারের সময় ১৫ জন বাংলাদেশী নাগরিককে আটক করেছে। পাশাপাশি, অভিযানে পাঁচজন ভারতীয় দালালকে আটক করেছে। বিবৃতিতে জানিয়েছে, গতকাল রাতে গোপন সংবাদের ভিত্তিতে কৈলাশহর জেলায় সীমান্ত পারাবারের সময় ১৩ জন বাংলাদেশী নাগরিক আটক করা হয়েছে। তাদের মধ্যে তিনজন মহিলা, তিনজন পুরুষ ও সাতটি শিশু রয়েছে। সাথে তিনজন ভারতীয় টাউটকে আটক করা হয়েছে। তাদের বাড়ি বাংলাদেশের মৌলভীবাজার, সুনামগঞ্জ, নেত্রগঞ্জ এবং নেত্রকোনা, বরিশালে। আটক ভারতীয় দালালরা হলেন আসামের বাসিন্দা কাজল দাস, ঊনকোটির বাসিন্দা অজিত দাস এবং ত্রিপুরার ধলাইয়ের প্রসানজিৎ দেবনাথ।

অন্য একটি অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে গতকাল গভীর রাতে আগরতলা রেল স্টেশনে সরকারি (জিআরপি) এর সাথে একটি যৌথ অভিযান পরিচালিত হয়েছিল। এই অভিযানের দুই ভারতীয় দালালকে আটক করা হয়। ভারত-বাংলাদেশ সীমান্তে অবৈধ সীমান্ত পারাবার, মানব পাচার এবং চোরাচালান কার্য্যকলাপের বিরুদ্ধে জিরো টলারেন্স বজায় রাখতে বিএসএফ প্রতিশ্রুতিবদ্ধ। আন্তর্জাতিক সীমান্তে অবৈধ পারাপার প্রতিরোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## নাবালিকাকে শ্লীলতাহানী

# অভিযুক্তের ৩ বছরের জেল

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৮ ফেব্রুয়ারি ।।** ছয় বছরের এক নাবালিকার শ্লীলতাহানী করার অপরাধে এক ব্যক্তির তিন বছরের জেল হাজত এবং ৫০০০টাকা জরিমানার রায় দিল ঊনকোটি জেলা আদালত। শুক্রবার এই সাজা ঘোষণা করেন ঊনকোটি জেলা আদালতের অতিরিক্ত বিচারপতি অমরেন্দ্র কুমার সিং।

২০২৩ সালের ২২ জুন ভগবাননগর গ্রাম পঞ্চায়েত এলাকার ছয় বছরের এক নাবালিকা তার নিজ বাড়িতে বিদ্যুৎ না থাকায় পাশের বাড়িতে মোবাইল চার্জ করতে যায়। নিজ বাড়িতে ফেরার পথে পঞ্চাশ বছরের আছিব আলী নামে এক ব্যক্তি নাবালিকাকে জোর করে জংগলে নিয়ে শ্লীলতাহানী করে। সেই সময় নাবালিকাটি অজ্ঞান হয়ে পড়েছিল। পরবর্তীতে নাবালিকাকে উদ্ধার করে চিকিৎসার জন্য আনা হয়েছিল ঊনকোটি জেলা হাসপাতালে। এবং একইদিনে বিকেলে কৈলাসহরের মহিলা থানায় আছিব আলীর বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করে নাবালিকার মা।

মামলার পরের দিন পুলিশ আটক করে আছিব আলীকে। মামলার চার্জশিট ২০২৩সালের ৭ জুলাই আদালতে জমা দেয় তদন্তকারী অফিসার।

শেষ পর্যন্ত দশ জনের সাক্ষ্য দানের মধ্য দিয়ে ঊনকোটি জেলা আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক অমরেন্দ্র কুমার সিং অভিযুক্ত আছিব আলীকে দোষী সাব্যস্ত করে তিন বছরের জেল এবং ৫০০০টাকা জরিমানা এবং অনাদায়ে ছয় মাসের অতিরিক্ত জেল হাজত রাখার নির্দেশ দিয়েছেন।

# খোয়াইতে ফের ঘটল দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৮ ফেব্রুয়ারি।।** খোয়াইতে ফের ঘটল দুঃসাহসিক চুরির ঘটনা। জানা গেছে খোয়াই দক্ষিণ জাম্বুরাস্থিত জাতীয় সড়কের পাশের একটি দোকানের শাটার ভেঙ্গে দিল চোরের দল। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার গভীর রাতে। এই চুরি কান্ডের বিষয়ে একটি মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। খোয়াই জুড়ে নিশি কুটুম্বদের দৌরাত্ম বৃদ্ধিতে জনমনে ত্রাস সৃষ্টি হয়েছে। কিছুদিন পরপরই বাড়িঘর থেকে শুরু করে দোকানপাট চুরি করে নিয়ে যাওয়ার সংবাদ সামনে আসছে। বৃহস্পতিবার গভীর রাতে ফের খোয়াই দক্ষিণ জাম্বুরা স্থিত জাতীয় সড়ক সংলগ্ন এলাকার একটি দোকানের শাটার ভেঙ্গে সর্বস্ব নিয়ে যাওয়ার প্রচেষ্টা করে চোরের দল। আজ সকালে স্থানীয় বাসিন্দারা শাটার ভাঙ্গার দৃশ্য প্রত্যক্ষ করে সাথে সাথেই দোকান মালিকে খবর দেয়। দোকান মালিক প্রসেনজিৎ দাস ঘটনাস্থলে ছুটে আসেন। পরে খবর পেয়ে ছুটে আসে পুলিশ। পরবর্তীতে এই চুরি কান্ডের বিষয়ে পুলিশ একটি মামলা নিয়ে তদন্ত শুরু করে। ক্রমাগত চোরের উপদ্রব বৃদ্ধিতে স্থানীয়দের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে।

# প্রয়াত হলেন ত্রিপুরার 'মঙ্গল শাঁখ' বাংলা সিনেমার পরিচালক

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৮ ফেব্রুয়ারি।।** প্রয়াত হলেন ত্রিপুরার 'মঙ্গল শাঁখ' বাংলা সিনেমার পরিচালক। এতে গোটা শোকের ছায়া। বৃহস্পতিবার গভীর রাতে নিজ বাড়িতে প্রয়াত হলেন বাংলা সিনেমা 'মঙ্গল শাঁখ' ছবির প্রযোজক ও পরিচালক, বিশালগড় সাংস্কৃতিক আন্দোলনের পুরোধা নেতৃত্ব, কড্ডুইমুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রাক্তন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, বিদ্যালয় পরিচালনা কমিটির প্রাক্তন সচিব ও সভাপতি, বিশিষ্ট শিক্ষাবিদ, সর্বজন শ্রদ্ধেয় প্রফুল্ল চন্দ্র দেবনাথ। মৃত্যুকালে ওনার বয়স হয়েছিল ৮৬ বৎসর। মৃত্যুকালে তিনি দুই পুত্র, এক মেয়ে সহ বহু আত্মীয় স্বজন গুনমুগ্ধ ব্যক্তিবর্গ রেখে গেছেন। শুক্রবার সকালে সকালে মৃত্যুর খবর পেয়ে পুষ্পার্ঘ্য অর্পণ করে শেষ শ্রদ্ধা নিবেদন করেন- সি.পি.আই(এম) বিশালগড় মহকুমা কমিটির সম্পাদক -পার্থপ্রতিম মজুমদার,সহ এলাকার বিশিষ্ট জনেরা। সিপিআইএম বিশালগড়

☞ ৬ এর পাতায় দেখুন

# এমএমডি কলেজে জাতীয় বিজ্ঞান দিবস

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ২৮ ফেব্রুয়ারি।।** সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের(এমএমডি) পদার্থ বিজ্ঞান বিভাগের উদ্যোগে আজ বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে জাতীয় বিজ্ঞান দিবস উদযাপিত হয় কলেজের হলঘরে। উপস্থিত ছিলেন সাব্রুম মহকুমা বন-অধির্কতা সিদ্ধার্থ দের্বমা, কলেজ অধ্যক্ষ ড.অনুপম গুহ ও উপস্থিত অধ্যাপক-অধ্যাপিকাদের সম্মিলিত সবুজ বৃক্ষে জল সিঞ্চনের মধ্যদিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। রিসা ও ফুল দিয়ে অতিথিদের বরন ও উদ্বোধনী সঙ্গীত পরিবেশ করে কলেজের ছাত্রীরা।

এবছরের থিম: 'একটি উন্নত ভারতের জন্য বিজ্ঞান এবং উদ্ভাবনে বৈশ্বিক নেতৃত্বের জন্য ভারতীয় যুবদের ক্ষমতায়ন' লক্ষ্য দেশের উন্নয়নের জন্য বিজ্ঞান এবং উদ্ভাবনের ভবিষ্যতগঠনে তরুণ প্রজন্মকে উৎসাহিত করা।' জাতীয় বিজ্ঞান দিবসের উদযাপনের নেপথ্যে রয়েছে পদার্থ বিজ্ঞানে নোবেলজয়ী ভারতীয় বিজ্ঞানী সিভি রামনের অবিষ্কার, রমন এফেক্ট, স্পেক্টোস্কোপিতে এক দিগন্ত সৃষ্টিকারী তথ্য। তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে ১৯৮৭ থেকে প্রতি বছর ২৮ ফেব্রুয়ারি জাতীয় বিজ্ঞান দিবস হিসেবে পালিত হয়।

বিজ্ঞানের ধারাবাহিক আবিষ্কারের ফলেই জীবন দ্রুত পরিবর্তন হচ্ছে, সভ্যতা এগিয়ে চলছে।

প্রতি বছর বিজ্ঞানক্ষেত্রেকে আরও বলিয়ান করার লক্ষ্যেই এই দিবস উদযাপন। চাঁদে পৌঁছে গেছে ইসরোর মহাকাশযান। আমাদের বিজ্ঞান ও প্রযুক্তির তথা গবেষণা ক্ষেত্র মজবুত বলেই তা সম্ভব হচ্ছে। অনুষ্ঠানের উপস্থিত অতিথিদের আলোচনার কথাগুলি উঠে আসে। অধ্যক্ষ ড.অনুপম গুহ বলেন বিজ্ঞানের দানেই আধুনিক হচ্ছে জীবন।

যুব সম্প্রদায়কে সঠিক দিশায় অগ্রসর হতে হবে, অভিমত ব্যক্ত করেন তিনি। ছাত্রছাত্রীদের মধ্যে দিনের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন তৃতীয় সেমিস্টারের ছাত্রী মুক্তা দাস।

অনুষ্ঠানের স্বাগত ভাষন রাখেন অধ্যাপক অরুপ পাটারী। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন অধ্যাপক ড. তপন শীল। ছাত্রছাত্রীদের অংশগ্রহণ ছিল লক্ষ্যনীয়। সমবেত জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

# পাচারকালে জিআরপি-র হাতে গাঁজা সোহ গ্রেফতার এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** গোপন সংবাদের ভিত্তিতে অভিযানে নেমে ৫ কেজি ৯৯৫ গ্রাম শুকনো গাঁজা উদ্ধার করা হয়েছে। সাথে বহিঃরাজ্যের এক মহিলাকে গ্রেফতার করা হয়েছে। তাকে পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন ওসি তাপস দাস।

ওসি তাপস দাস জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে আগরতলা রেলস্টেশন দিয়ে এক ব্যক্তি গাঁজা পাচার করতে আসবে। সেই খবরের ভিত্তিতে রেল স্টেশনের পার্শবর্তী এলাকায় পুলিশ অভিযান চালিয়েছে। ওই সময় সন্দেহভাজন এক মহিলাকে আটক করে পুলিশ। তল্লাশি করে তাঁর কাছ থেকে ৫ কেজি ৯৯৫ গ্রাম শুকনো গাঁজা বাজেয়াপ্ত করা হয়েছে।

তিনি আরও জানিয়েছেন, ধৃত বিহারের বাসিন্দা মহিলারনাম পায়েল। তাকে পুলিশ রিমান্ড চেয়ে আদালতে তোলা হবে বলে জানান তিনি।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas